না

অন্নদাশঙ্কর রায়



ডি. এম. লাইকেরী ৪২, কর্ম ওয়ালিশ ষ্ট্রীট, কলিকাডা—৬

আড়াই টাকা ১৩৫৮

এ গ্রন্থের কপিরাইট শ্রীমতী লীলা রামের। প্রাচ্ছদপট শ্রীমতী লীলা রামের আঁফা।

৪২নং কর্মওয়ালিশ ন্টাট, কলিকাতা ৬, ডি এম লাইব্রেরীর পক্ষে শ্রীগোণালদাদ মন্ত্র্যার কর্তৃক প্রকাশিত ও ৮৩-বি, বিবেকানন্দ রোড, কলিকাতা-৬, বাণী-শ্রী প্রেস হইডে শ্রীস্ত্রদার চৌধুরী দারা মুক্তিত। অমিয় চক্রবর্তী বন্ধুবরেষু

ভূমিকা

"মনপবন" ও "ঘৌবনজালা"র মতো "না"তেও আমি নিজেকে প্রক্রেপ করেছি। এর থেকে যদি কেউ মনে করেন যে এই বইগুলি আমার আর্জীবনীর অঙ্গ তা হলে ভূল করবেন। গল্প বলার একটি বিশেষ রীতি আমি অবলম্বন করেছি উদ্ভাবনের ভাগ কমিয়ে আনবার জন্মে। তা হলেও গল্প গল্পই। কাহিনী কাহিনীই। চরিত্ত গলিক লাল্লনিক।

অরদাশন্তর রায়

২বা ডিসেম্বর ১৯৫১

ভাষ্ণাশকর রায়ের

ৰড় উপস্থাস

যার যেথা দেশ অজ্ঞাতবাদ

কলম্বতী

দুঃখমোচন মর্ক্তের স্বর্গ

অপসরণ

ছোট উপস্থাস

আগুন নিয়ে খেলা

পুতুল নিয়ে খেলা

অসমাপিকা

ছোটগল্পের বই

প্রকৃতির পরিহাস

মনপ্ৰন

যৌবনজালা

হাওয়াবদলের জন্তে দেবার যেখানে যাই দেটা সাওতাল পরগনার একটা নামকরা জায়গা। নিয়ে দেখি সে-বছর তেমন লোকসমাগম নেই, বাড়ীগুলো খালি পড়ে আছে। বেশ তো, আমি তো জনতা চাইনি, আমি চেয়েছি বিজনতা। কিন্তু দিন পনেরো পরে আমার আর ভালো লাগল না। মনে হলো কথা বলার জন্তে জনমানব না থাকলে বিজনতায় স্থুখ নেই।

তথন আমি দকালদন্ধা বেলস্টেশনে হাজিব। দিতে শুক কবি। হাতে কাজ নেই, বেড়াতে বেড়াতে চলে বাই ট্রেন দেখতে। ছেলেবেলা থেকে বেলগাড়ীর উপর আমার অহেতৃক একটা টান আছে। রেলগাড়ী দেখলে আমি যাত্রাহ্থ অহুভব করি। বন্ধুবান্ধবকে নিম্নে আদতে বা দিয়ে আসতে বেলস্টেশনে বাওয়া আমার কাছে চিরদিন দমান চাঞ্চল্যকর দিলে বলতে বাচ্ছিলুম রোমাঞ্চকর, কিন্তু ওটা হাতে রাখতে চাই আহাজেক জলো।

ট্রেন দেখতে যাবার অন্য উদ্দেশ্য ছিল। কে জানে হয়তো কোনো চেনা ম্থের সঙ্গে সাক্ষাং হয়ে যাবে। নয়তো কোনো অচেনা ম্থের সঙ্গে আলাপ জমে উঠবে। কিন্তু ট্রেন দাঁড়ায় মাত্র ছু'মিনিট। চেনা ম্ণ নজবে পড়ে না। অচেনার সঙ্গে পরিচয় হয় না। ফিরে আসি প্র্যামনে। কিন্তু দেই বে বলেছি, রেলগাড়ীর উপর আমার অহেতৃক একটা টান আছে। ট্রেন আসছে, থামছে, চলছে, চলতে চলতে অনুশ্য হয়ে যাছে, এর মধ্যে এমন কিছু আছে যা আমার শৃত্য মনকে পূর্ণ করে দেয়া অপরুপ উত্তেজনায়। উত্তেজনা কেবল দৃশ্যের জন্যে নয়, শক্ষের করেও।

চলতে থাকা বেলগাড়ীর ঝক্-ঝক্-ঝক্ আওয়াজ আমার কানে অভ্যুত ভালোলাগে। দেইজন্মে বারবার যাই।

একদিন নামলেন এক বিশালকায় ভদ্রলোক, সঙ্গে বিশুর লটবহর।
তাঁকে অভ্যর্থনা করতে ছুটে গেলেন স্থানীয় ত্-একজন ভদ্রলোক, তাঁদের
একজনের নাম পরিভোষবাব্। আমি অবাক হয়ে একদৃষ্টে চেয়ে আছি,
ভাবছি ইনি কোনো আমীর ব্যক্তি হবেন। এমন সময় অহ্য এক কামরা
থেকে ব্যাগ হাতে করে নামলেন এক ক্লশকায় ভদ্রলোক। মুখখানা
শুকিয়ে কালো হয়ে গেছে। চোখ ত্টো উজ্জ্বল। এঁর উপর দৃষ্টি পড়ার
পর আমি কতকটা আনমনা ভাবে এঁর দিকে এগিয়ে যেতে থাকলুম।
আগে কথনো দেখা হয়নি, অথচ মনে হচ্ছে কোথায় যেন দেখেছি।

"আছন, আগনার সঙ্গে আলাপ করিয়ে দিই," বললেন পরিতোষবাব্।
আমাকে নিয়ে গেলেন বিশালকায়ের সকাশে, তিনি গাইবাধার কুমার
বিভৃতিনারায়ণ। কুশকায়কে নিয়ে এলেন আমার সমীপে, ইনি তাঁর
য়্যানেজার প্রিয়দর্শন ভদ্র। এসব কেত্রে যা হয়ে থাকে তাই হলো।
জমিদার আমার সাহিত্যিক পরিচয় উপেক্ষা করে সরকারী পরিচয় উপেক্ষা
করে আমার সাহিত্যিক পরিচয়ের সমাদর করলেন।

আমার ছই হাত নিজের ছই হাতে চেপে ধবে অনেককণ নির্বাক থেকে প্রিয়দর্শনবাবু বললেন, "অবশেষে !"

আমিও বলনুম, "অবশেষে।"

শোমাদের ত্'জনের এই সাক্ষেতিক ভাষা ব্যতে পারে তেমন লোক সেথানে ছিল না। জমিদার ভো মোটরে গিয়ে উঠলেন। পরিতোষ-বাবুরাও লটবহুরের সঙ্গে চললেন। প্লাটফর্মে কেবল প্রিয়দর্শন ও আমি।

"আপরি আমাকে লণ্ডন থেকে বে চিঠি লিখেছিলেন মনে আছে ?"

"মনে আছে।"

"তার পরে আট নয় বছর কেটে গেছে, কিন্তু প্রভাকটি লাইন আমার মুখস্থ। শুনবেন, বলব ?" প্রিয়দর্শন আমাকে চমৎক্রত করে দিলেন।

"আপনার প্রত্যেকটি বই আমি পড়েছি। কিন্তু ওকথা থাক। এখানে ক'দিন আছেন বলুন। এই সংসারত্ত্বপ বিষয়কে ছটিমাত্র অমৃত ফল। কাব্যাবাদন আর সজ্জনসভা।"

প্রিয়দর্শন ভক্ত আমার বাল্যকালের প্রিয় লেখক। তিনি আমার
চেয়ে বয়সে অনেক বছ। আমাকে যখন কেউ চেনে না তাঁর তখন
দেশজোড়া নাম। একদিন সেই তিনি স্বতঃপ্রবৃত্ত হয়ে আমাকে চিঠি
লিখে আমার রচনার জত্তে অভিনন্দন জানালেন। বললেন তিনি সারা
জীবন যা লিখতে চান, লিখতে পারছেন না, আমি প্রথম চেষ্টায় তাই
লিখে তাঁকে ভারমুক্ত করেছি। এব পরে তাঁর আর কিছু লেখবার
রইল না। আমি তখন লগুনে। চিঠির উত্তরে আমার বাল্যকালের
ভক্তিশ্রমা জ্ঞাপন করল্ম। বলল্ম, দেশ তাঁর কাছে অনেক আশা করে।
আমার সাধ্য নেই বে দেশের সে আশা আমি প্রণ করি। অতঞ্জী

তার পরে সভিয় ভিনি আর বিশেষ কিছু লেখেননি। আমি চিঠি লিখে অহুযোগ জানিয়েছি। দেখাসাক্ষাৎ হয়ে ওঠেনি যোগাযোগের অভাবে। পত্রালাপ বন্ধ হয়েছে সময়ের অভাবে। অকশাৎ অপ্রভাশিত ভাবে মিলন হলো সাঁওভালদের দেশে।

তাঁর জন্তে মোটরখানা ফিরে আদবে কথা ছিল। আমরা ততক্ষণ কেটশনে পায়চারি করতে করতে কথাবার্তা চালালুম। তিনি বাব বার আমার হাত টেনে নিয়ে বন্দী করতে লাগলৈন। আবার হাত ছেড়ে দিয়ে চোখ মুছতে পাকলেন। "ভবভৃতির সেই প্রাসিদ্ধ ল্লোকটি মনে পড়ে ?" "কোন্টি <u>?</u>"

"কালোহয়ং নিরব্ধিবিপুলা চ পৃথী। আমি ভাগ্যবান যে আমার সমানধর্মার জন্মে যুগযুগান্তর অপেক। করতে হলো না।"

ছেলেবেলায় প্রিয়ন্শনের প্রতিকৃতি দেখেছিলুম "ভারতী"তে। দেখে মনে হয়েছিল সার্থকনামা। বিশ বছর কেটে গেছে। সে স্বাস্থ্য, সে রূপ, সে সহাস ভাব আর নেই। গাল ছটো চোপসা, করেকটা দাঁত পড়ে গেছে, চামডাটা কক্ষ, চুলগুলো কাঁচাপাকা ও পাতলা। অনেক ত্রংথণাওয়া, অনেক পোড-খাওয়া বিদয়্ধ জনের মতো চেহারা। তবে গড়নটি ছিপছিপে লম্বা। তীরের মতো সোজা। যৌবনের আমেজ আছে চাউনিতে, চলনে। পরনের ধৃতি, পিরান ও চাদর ধবধ্ব তকতকে।

সেদিন তাঁকে মোটরে তুলে দিয়ে বিদায় নেবাব সময় বললুম, আবার দেখা হবে। ইচ্ছা ছিল তাঁদের ওখানে যাব, কিন্তু তিনি নিজে এদে উপস্থিত হলেন।

শুমার বাহাত্ত্র মান্থ মন্দ নয়। কিন্তু সাহিত্যের একবিন্দু বোঝেন না। আপনি বে একজন বিধ্যাত সাহিত্যিক এর জন্মে আপনার এক কানাক্ডির মর্ঘাদা নেই তাঁব কাছে। আমারও নেই। যেদিন তিনি ভনলেন আমি একজন কবি, ঠাওরালেন আমি কবিওয়ালা। কবির গান ভনবেন বলে আবদার ধরলেন। সে এক সংকট।"

"তারপর সংকট মোচন হলো কী করে ?"

"হলে। কী করে ?" তিনি একটু হাসতে চেষ্টা করলেন। "আমাদের মা-লন্দ্রীরা না থাবলে আমাদের চিনত ক'লন? যদি থবর নেন শুনবেন ভারাই আপনার বই সব চেছে বেশি পডেন। আমার প্রজন্মের পুন্যফলে কুমার বাহাত্বের অন্তঃপুরিকারা আমাকে চিনতেন। আমার ত্-একথানা বইও ছিল তাঁদের গ্রন্থাগারে। ভা ছাড়া ছিল বাঁধানো মাদিক পত্ত। ছবিও ছিল ভাতে। কুমারকে বোঝানো গেল—কবি, থে কবিভা লেখে।
বেমন জল পড়ে পাতা নড়ে। ধেমন মহাভারতের কথা অমৃত শমান
কাশীরাম দাস কহে শুনে পুণাবান।"

আমি হেদে আকুল হলুম।

"কিন্তু বিপদে পড়ি যথন মা-লক্ষীরা বলেন, আমরাও কবিতা লিখি, আমাদের কবিতা কেন মাদিকপত্রে ছাপা হয় না তার প্রতিকার করন। তথন থোদার উপর থোদকারি করতে হয়। সংশোধন করতে বদে খোল আর নলচে বদলে দিই। ছাপা হয় তাঁদের নামে। এমনি করে চাকরি বজায় রাখি। জমিদারির কাজ হাজার ভালো জানলেও চাকরি থাকেনা। ম্যানেজার মানে জমিদারির ম্যানেজার নয়, জমিদারের ম্যানেজার তথা তাঁর পরিবারের।"

আমি হাদব না কাঁদব বুঝতে না পেরে নীরব রইনুম।

"আচ্ছা, ম্যানেজার হয়েছি বলে কি সব কিছু ম্যানেজ করতে হবে আমাকে? পারে কখনো কেউ? কিন্তু অনেকের ধারণা আমি পারি। এমন ঘটনা একবার নয়, ছ'বার নয়, তিন বার নয়, চার-চার বার আমার জীবনে ঘটেছে—সম্পূর্ণ অপরিচিতা মহিলা এসে আমার সাহায্য চেয়ে-ছেন। অর্থ সাহায্য নয়, তা হলে বেচে যেতুম।"

আমার কৌতৃহল জাগ্রত হয়েছিল, কিন্তু প্রকাশ করতে সাহদ হচ্ছিল না। শুনে যাচ্ছিলুম।

"ভেবে দেখুন, মিস্টার রায়, কেউ যদি আপনার কাছে এসে বলে, 'আমি শরণাগত,' তা হলে আপনি কেমন বোধ করেন? •শরণাগতিকে শরণ দিতে হবে, এটা হলো আমাদের দেশের ঐতিহ্ন। কিন্তু যার বিরুদ্ধে শরণ দিতে হবে দে যদি হয় প্রবলপ্রতাপ শত্রু, তা হলে কি পারবেন শর্মাদিতে! দিলে চাকরি থাকবে!"

কী উত্তর বেব ? আমি হলে কি পারতুম শরণ দিতে ?

g,

"বাব বাব চাকরি হারাতে হলো। অভাবে পড়লুম। ভাগ্যিস বিদ্ধে করিনি। তা হলেও বাঙালীর সংসাবে পোছোর কমতি নেই। তাদের নিম্নে অকুলে ভাসতে হলো। কেন লেখা বন্ধ করে দিলুম জানতে চেমেছিলেন। লেখা বন্ধ করব কি, লেখা আপনি বন্ধ হয়ে গেল। লেখা থেকে বাদের ত্'পয়সা হয় তাঁদের কপা আলাদা। কিন্তু আমার ভো লোকসানের কারবার। লিখেছি, লিখে নিজের খবচে ছাপিয়েছি। নয়তে। বিলিমে দিয়েছি। লিখতে আমার এত ভালোলাগে। যখন লিখি তখন এত আনন্দ পাই। মনে হয় আমি দেবতা, আমি স্রষ্টা, আমি নিজের জগৎ নিজে স্পষ্ট করছি। কিন্তু গত দশ-বাবো বছরে আমি একটি কবিভাও লিখে শেষ করতে পারিনি। বোধ হয় একেবারে নিবে গেছি।"

"না, না।" আমি আখাস দিলুম। "নিবে বাবেন কেন! আপনি
লিখবেন আবার। আরো ভালো লিখবেন। ফরাসী কবি ভালেরি
বিশ বছর লেখা বন্ধ রেখেছিলেন। আবার যখন লিখলেন তখন স্থানর
কবিতা এলো।"

"কাব্যলন্ধী অভিমানিনী। একবার অবহেলা করলে চিরতরে চলে বান। আমি আশা ছেডে দিয়েছি, ভাই অন্নদাশহর।" এবার তিনি অক্তরকের মতো বললেন।

"তবে জীবনকে ফাঁকি দিইনি। ভাক শুনে সাডা দিয়েছি। চ্যালেঞ্জ কবেছে, পাঞ্চা কবেছি। দয়া কবেনি, ভেঙে পড়িনি। এখনো আমি বনশ্পতির মৃত্যে খাড়া রয়েছি।"

সে কথা ঠিক। আমি আমার শ্রদ্ধা নিবেদন করল্ম, বলপ্ম, "কবিত্বের চেয়ে জীবন বড়। জীবন যদি থাটি হয় তো কবিতা ভাব থেকে শ্বববে। জীবনের বত্ন নিন, কবিতা আপনি আপনার বত্ন নেবে।"

क्रियमर्गन क्रिक्षण हुन करत की धारानन। छाउनत रनामन,

"ওনলেন তো আমার অবস্থা। এবার আপনার কথা বলুন। নতুন কিছু লিখছেন ?"

"কবিতা লেখা প্রায় বন্ধ। নভেল লিখছি, কিন্তু চতুর্থ খণ্ডের পর স্বার এগোতে পারছিনে। দম কুরিয়ে এসেছে। শরীর ভালো নেই, মন ধারাপ।"

"অত থাটলে শরীর ভালো থাকে কথনো? কিন্তু মন খারাপ বললেন। জানতে পারি, কেন ?"

"মন থারাপ অনেক দিন থেকে! দেশ স্বাধীন হয়নি, তার জন্তে বা করা উচিত তা করা হচ্ছে না। আমি নিজে বিপক্ষের শিবিরে। মানি দিন দিন বাড়ছে। ছাড়ব ছাড়ব করে ছাড়তে পারছিনে চাকরি। নিজের উপর বিশ্বাস কমে যাচছ। তবু যদি ভগবানে বিশ্বাস থাকত। তাও হারিয়ে ফেলেছি। এখন আমার সম্বল মান্ত্র্যে বিশ্বাস। কিন্তু আবিসিনিয়াব মুদ্দের আলোয় মান্ত্র্যের যে চেহারা দেখলুম তা আমাকে হতাশ করেছে। সত্যি কি এরা কেউ তায়ের জন্তে অস্ত্র ধরবে।"

প্রিয়দর্শন সহাত্ত্তির স্থবে বললেন, "মন খারাপির কারণ আছে মানি। তবু আপনাকে নিজের কাজে মন দিতে অস্থবোধ করি। সাহিত্যের কাজ যারা করবে তারা যদি দ্নিয়ার কথা ভেবে মন খারাপ করে তাহলে দ্নিয়ার কী লাভ জানিনে, কিন্তু সাহিত্যের দুর্দিন।"

"সাহিত্যিকরা," আনি হেসে বলনুম, "আপনার সঙ্গে একমত হবেন না। ইংলণ্ডের জনকয়েক ভরুণ লেখক স্পোনের গৃহযুদ্ধে যোগ দিয়ে প্রতিক্রিয়াশীল শক্তির বিক্তম্কে অসি ধরেছেন। মদী এখন শিকেয় ভোলা"।

"আমি কিন্তু এত খবর রাখিনে, রাখতে চাইনে। হাতের কাছে যা দেখি তাতে হাত দিই। হাতের কাজ শেষ করে তাঁর পবে অত্য কথা। সমষ্টির হৃংখের চেয়ে ব্যক্তির হৃংখই আমাকে প্রবসভাবে নাড়া দেয়। দেশের জন্তে ভাববার লোক যথেষ্ট আছে, কিন্তু একটি বিশয় মেয়ে একা লড়াই করছে তার কার্মী নামক দৈত্যের সলে। তার কথা

ভাৰবার অন্তে কেউ নেই। আমাকে দাদা বলে ভেকেছে! আমাকেই ভাৰতে হয়।"

আমি আবার কৌ হহলের দকে শুনি।

"আমি যেন একটা চুম্বক। বেখানে যত ঘৃ:খিনী কাছে আমি তাদের আকর্ষণ করি আমার কাছে। চিনিনে, জানিনে, চাইনে, তবু তাদের টানি। কেউ বলে দাদা, কেউ বলে ভাই, মিতা পাতায কেউ। প্রতিকৃদ শক্তির সলে যে সংগ্রাম করতে হয় তাদের, সে সংগ্রামে আমি তাদের দোসর। আমি বল জোগাই, নইলে তারা হার মানত, আস্মেমপুণ করত। তা হলে সেটা হতো সত্যিকারের ট্রাজেডী। মবণকে আমি ট্রাজেডী ন্লিনে। ঘু:খবরণকে তো নয়ই।"

"এ বিষয়ে আপনার সঙ্গে আমি একমত। কিছু আমার এত মনের ক্লোর নেই যে মৃত্যু দেখলে অভিভূত হব না। মৃত্যু কেন, যে কোনো দুঃখ দেখলে আমি দ্রবীভূত হই।"

"দেটা কবিধর্ম। কবির হাদর স্বভাবত কোমল। নতুবা দে কবি হতো না, আর কিছু হতো। কিছু এইসব ছঃথিনীদের সংস্পর্শে এসে এদের সংগ্রামের শরিক হয়ে আমার হাদর ক্রমে ক্রমে কঠিন হয়ে উঠেছে। কবিতা লিখতে না পারার দেটাও একটা কারণ।"

চা থেয়ে আমরা চললুম সাওতাল পরী আবিদার কবতে। মাঠের ভিতর দিয়ে ইটিতে হলো। এক এক আয়গায় জল জমেছিল। লাফাতে হলো। প্রিয়দর্শনবাব্ উৎসাহের সদ্বে লক্ষ্ দিলেন। বললেন, "এখনো

য়ে বাইনি। তাব দেবি আছে।"

"वृङ्खि योद्यन এই व्यक्त। अथना भक्षाम भिरताय नि।"

"পঞ্চাৰ মূবের কথা। প্রতাল্লিশ পার হয় নি।"

"তা হ'লে আপনার এ দশ:-ছেন ?"

"त्म कथा यति कामरख ठान रहा करनक ख्था रमरख। हत । वो खिमरखा

নভেল। কিন্তু লোক্সই আপনার, এসব কথা নিখবেন না, আমি যক্ত দিন বেঁচে আছি।"

"बाक्हा, छा इरन निथर ना। कथा निक्छि। बाभनिश्व कथा मिन रव बारता पॅठिन वहत वाँठरवन।"

"প্-চি-শ বছর!" তিনি অবিশ্বাসের সঙ্গে ঘাড় নাডলেন। "ডত দিন আমার শুরুমায় থাকলে তো। জোর দশ-বারো বছর।"

এই অলক্ষণে বিষয়ে আর বাক্যালাপ করদুম না। সাঁওতালদের পল্লীর কাছে এসে পড়েছিলুম। কী স্থার তাদের কৃটিরগুলি। এজ পরিষ্ণার পরিচছর ও পরিপাটি যে দালানকেও লচ্ছা দেয়। ইচ্ছা করে তাদের সঙ্গে বাস করতে। প্রিয়দর্শনবাবুরও সেই ইচ্ছা।

"শেষ জীবনটা এইখানেই কাটিয়ে দেব ভাবছি। এরা যদি আমাকে থাকতে দেয়। চেহারাটাও তো ক্রমে এদেরি মতো হয়ে আসছে। কেউ বিশ্বাস কববে না বে আমি দিব্যি গৌববৰণ ছিনুম। এবার এদের ভাষা শিখতে হবে।"

এই বলে তিনি একজনের সকে আলাপ জুডে দিলেন। বাংলা থেকে হিন্দী, হিন্দী থেকে আন্দাজে ঢিল ছোডাব মতো ঘুটো একটা সাঁওতালী শব্দ। তাঁর একজন শিক্ষকও জুটে গেল। বিছু টাকা তিনি ব্যরাভ করলেন সাঁওতালদের দেবতার জন্মে। একেই বলে ম্যানেজার।

ফেরবার পথে প্রিয়দর্শন বললেন, "জমিদারবাড়ীতে কাজ করতে করতে আমার একটু অভ্যাসদোষ ঘটেছে। সাঁওভালদের সঙ্গে আমার বনবে ভালো। কিন্তু আপনার সঙ্গে বনবে না। আপনার ও দোব নেই।"

"কী করে জানলেন ?"

"আমি মামুষ চিনি। বলতে গেলে মামুষ চেনা তো আমার পেশা। ভাই করেই তো খাচিছ। কবিতা শিক্ষা এ দেশে পেটের ভাত খোটেনা।" বিদায় নেবার সময় বললেন, "আমার সহছে আপনাকে আমি সভর্ক বরে দিই। আপনি যাকে দেখছেন সে সাহিত্যিক প্রিয়দর্শন। চাঁদের উল্টো পিঠের মতো আর একজন প্রিয়দর্শন আছে, সে ম্যানেজার প্রিয়দর্শন। তার সব্দে আপনার পরিচয় না থাকাই বাহুনীয়। কথায় বলে, বেমন দেবা তেমনি দেবী। যেমন রাজা তেমনি উজির। যেমন জামার তেমনি ম্যানেজার। আমার প্রোপ্রাইটারের সব্দে আপনার যেটুকু আলাপ হয়েছে সেইটুকু যথেই। যদি কোনো দিন রংপুর জেলায় বদলি হন তাঁর সম্বন্ধে আপনার ধারণা থ্ব উচু হবে না। তথন তাঁর ম্যানেজারের সম্বন্ধেও আপনার ধারণা নেমে যাবে। কাজ কি চাঁদের উল্টো পিঠ দেখে! আপনাকে আমার অন্তন্ম, আপনি আমার প্রোপ্রাইটরের সক্ষে দেখা করতে আসবেন না। তবে তিনি যদি আপনাকে নিমন্ত্রণ করেন তা হলে অবশ্য আলা উচিত।"

জনিদারের ম্যানেজার যাঁরা হন তাঁদের সাধারণত কয়েক রকম
সন্ত্রণ থাকে। প্রিয়দর্শন জানতেন যে, একদিন না একদিন সে সর
আমার চোথে পডবে কানে আসবে। সেইজন্তে আগে খেকে আমার
মনটাকে মোহমুক্ত করে রাখলেন। এর প্রয়োজন ছিল। আমাদের
সাহিত্যিক বন্ধুতা যাতে সাহিত্যক্ষেত্রে সীমাবদ্ধ থাকে তার জন্তে তিনি
ও আমি তু'জনেই যত্রবান ছিলুম। যে কয়িদিন আমরা একত্র হয়েছি,
বেড়াতে গেছি, গল্প করেছি, সাহিত্যের বিষয় ভিয় আর কোনো বিষয়ে
কালকেপ করিনি। তার সঙ্গে কোনো জমিদারী পাইক বা বরকলাজ
আস্ত না। তার মালিক আমাকে নিমন্ত্রণ করেননি, আমি তাঁর ওখানে
যাইনি। ভত্রলোক নাকি সব সময় অস্ত্র ছিলেন।

"আমি বেশ ব্থতে পাবছি," এক দিন তিনি বদলেন, "আমার ভিতরে ভাঙন ধরেছে। বাইরফ ভাঙন তার প্রতিরূপ। আয়নার দিকে ভাকাতে ভালো শারে না। ভালো ক্ষয়ে আপনার দিকে তাকাতে। স্থাপনি স্থামার স্থামনা। স্থাপনার চোবে স্থামার বে রূপ দেখতে পাই দে রূপ নিত্যকালের প্রিয়দর্শনের। কবি প্রিয়দর্শনের। বেঁচে থাক সেই স্থািকারের প্রিয়দর্শন। মরে ধাক এই বৃদ্ধ ব্যর্থ বন্ধ্যা প্রিয়দর্শন।"

আমি বাবা দিয়ে বলল্ম, "ছি ছি। ও কী বলছেন আপনি! বাঁচতে হবে আপনাকে বাংলা সাহিত্যের মুধ চেয়ে। লিখতে হবে আপনাকে আপনার শ্রেষ্ঠ গ্রন্থ। ভাঙন যদি ধরে থাকে তবে তা রোধ করতে হবে, লডতে হবে তার সঙ্গে। কেন তার কাছে আপনি আস্থ-সমর্পণ করবেন? এই তো সেদিন বলছিলেন যে আস্থাসমর্পণ হচ্ছে ট্রাজেডী।"

"একশো বার। কিন্তু আত্মসমর্পণ করতে দেখাও তো কম ছাবের নয়। নিজেকে বাঁচাতে পানি, কিন্তু পরকে বাঁচাতে না পারাও তো ব্যর্থতার বেদনায় ভরপুর।"

জানতে ইচ্ছা করছিল কী বৃত্তান্ত, কিন্ত আগ্রহটা অশোভন হতো।

"আমার শ্রেষ্ঠ গ্রন্থ," তিনি বলতে লাগলেন, "আমার জীবনের ত্র্লভ অভিজ্ঞতা। দে গ্রন্থ লেখা হয়ে গেছে আমার সভার পরতে পরতে, আমার মনের আনাচে কানাচে, আমার শরীরের শিরায় শিরায়, রোমকৃপে রোমকৃপে, আমাব চেহারায়, আমার চোখে। ক্ষমতা থাকলে তাকে আমি অহুবাদ বরতুম মুখের ভাষায়, লেখনীর মুখের ভাষায়। অহুশীলনের অভাবে ক্ষমতা খেটুকু ছিল দেটুকুও হারিয়েছি। ফিরে পাবার কথা ভারতেও ভূলে গেছি। এখানে হঠাৎ আপনার সঙ্গে শেখা না হলে কেউ কোনো দিন ও কথা আমাকে মনে করিয়ে দিত না। আমি করে একজন কবি ছিলুম, মরে ম্যানেজার হয়ে গেছি। আমার এটা ক্ষম্পারীর।"

"আপনার তুর্গত অভিক্রত। আপনার সঙ্গে সঙ্গে লোপ পাবে। দেশ

ভাব অংশ পাবে না। ভাবতে কট হয়, প্রিয়দর্শনদ্বি" আমি আফসোদ্র' জানালুম।

দাদা ভাক তনে তিনি গলে গেলেন। বললেন, "তুমি আমার সমানধর্ম। তোমাকে বেদিন প্রথম দেখেছি সেই দিন থেকে মনে করেছি তোমার হাতেই দ্পে দিয়ে যাব আমার অভিক্রতার অলিখিত পুথি। তুমি এক দিন লিখবে। কিন্তু আমি বেঁচে থাকতে নয়। অবক্ত তোমার যদি লিখতে ইচ্ছা না করে লিখবে না। লিখতেই হবে এমন কোনো বাধ্যবাধকতা নেই। আমি তোমাকে মুক্তি দিচ্ছি।"

তাঁর চোথে জল এনে গেছল। গলার স্বর ভারী। আমি বলন্ম, "দাদা, আপনি লিখলে যেমনটি হবে আমি লিখলে তেমনটি হবে না। কাত্রেই আপনি নিজের হাতে আরম্ভ করে দিন। আপনি এখনো আনক দিন বাঁচবেন। তবে আমাকে শোনাতে চান শোনান। আমি মনে রাখব। আপনি যদি না লেখেন আমি লিখব। আপনার জীবনকালে নয়, কথা দিছিছ।"

তিনি নীরবে চোথের জল ঝরালেন। তার পর আমার ছই হাত নিজের ছই হাতে চেপে ধরলেন। কবিতে কবিতে ভাব সম্মেলন। বিশ্বাপতি ও চণ্ডিদাস। প্রিয়দর্শনদার ঐ এক দোষ। অতি সহজে অভিভূত হন। চোথের জল ধরে রাখতে পারেন না। কথা বলেন বাম্পকত্ব কণ্ঠে। বলতে বলতে থেমে বান।

কিছু দিন থেকে কাগজে কাগজে কানাগুষা চলছিল স্বয়ং সমাটকে কেন্দ্র করে। এমন ম্থরোচক গুজব বহুকাল শোনা যায়নি। যাব সঙ্গে দেখা হয় সে-ই প্রশ্ন করে, "এর পরিণাম কী হবে বলে মনে হয় ?" উত্তর দিতে পারিনে।

একদিন দেখি প্রারদর্শনদ। ছুটে আদছেন কাগজ হাতে করে—
তথনো আমার কাগজ এদে পৌছ্যনি। কাগজ্যানা আমার দিকে
বাড়িয়ে দিয়ে চেয়ারে ভেঙে পড়লেন। চোথে জল এই এই করছে।
কথা বলার মতো অবস্থা তাঁর নয়।

এডওয়ার্ড সিংহাদন ত্যাগ করেছেন।

রেডিওতে তাঁর বিদায় ভাষণ দেবার আগে মন্ত্রীদের সঙ্গে পরামর্শ করেন নি। তাতে তাঁরা রাগ করেছেন। মাহুষ এডওয়ার্ড মাহুষের কাছে হাদয় খুলেছেন। তাঁর হৃদয়ের ব্যথা সকলেব হৃদয়ে বিদ্ধ হয়েছে। তিনি লেখক নন, বক্তা নন। কিছু যে করুণ রসের অবতারণা করেছেন তা মর্যভেদী।

অনেককণ লাগল কাগজখানা উলটে পালটে পড়তে। ভুভক্ষণ •প্রায়-দর্শনদা নিঃশব্দে অশ্রমোচন করছিলেন। আমিও বেমন, তাঁকে সিগরেট দেখাতে ভুলে গেছি। আমারও বাহজ্ঞান ছিল না।

কাগজ পড়া হয়ে গেলে একপাদ্রে শরিয়ে রাথলুম। বললুম, "ভার পর ?" "তার পর!" তিনি ক্ষীণ কঠে বললেন, "ভারণর আর কী! অবোধ্যার মৃত প্রকা তাদের বানীকে তাড়িয়ে দিয়েছিল। ইংলত্তের মৃত্ প্রকা দিল রাজাকে তাড়িয়ে। আধুনিক যুগ, আধুনিক যুগ বলে গর্ব করো। কোথায় তোমার আধুনিকতা? সেই সনাতন মৃততা। পাচ হাজার বছরে উন্নতি এইটুকু হয়েছে বে, রাজা এবার সিংহাসনের চেয়ে রানীকেই ম্লাবান বলে জেনেছেন। নারীর মূল্য বেডেছে। সেইজক্তে আমি মনে মনে খুশি।"

খুশির লক্ষণ অবশ্য দেখলুম না। বলল্ম, "এর কিন্তু একটা ট্যাজিক দিক আছে, প্রিয়দর্শনদা। সামাজ্যই বল্ন, জমিদারীই বল্ন, ম্যানেজারিই বল্ন, এমন কি পিয়নিই বল্ন, এক কথায় চেডে দেওয়া বায় না। পুরুষের জীবনে পুরুষোচিত রত্তি কেবল ভাত কাপডের ব্যাপার নয়। সমাজের আর দশ জন পুরুষের সঙ্গে তুলনা কবলে মনটা দমে যায়। তাদের সঙ্গে খাপও থায়না। এর পরে আগছে ছয়ছাড়া খাপছাড়া জীবন। সিংহাদন তো গেলই, সঙ্গে সঙ্গে গেল পুরুষযোগ্য ভাবিশং।"

"তুমি যা বললে তা ঠিক।" প্রিয়দা একটু চালা হয়ে বদলেন।
দিগবেট চেয়ে নিলেন। "কিন্তু আমি যা বলছি তাও বেঠিক নয়।
আচ্ছা, তুমি তো অনেক পডাশুনা করেছ। বলতে পারে। ইতিহাদে
আব কোনো বাজা নারীর জন্মে বাজাপণ করেছেন?"

ত মনে ভো পড়ে না।" আমি চিস্তা করে বললুম।

"তা হলে ভেবে দেখ, নারার মূল্য কতোধানি বাড়ল।" তিনি কাগল্পানা ভাঁজ করে স্বত্নে তুলে রাখলেন। তাঁর চোখে আনন্দের আমেজ।

"দাদা কি তা হলে ফেমিনিস্ট ?"

"না, ভাই। আমি ভোমার আধুনিক ষ্ণের ফেমিনিস্ট নই। আমি," ভিনি একটু ইডস্তত করে নম্রভাবে বললেন, "মধ্যযুগের নাইট।"

নাইট। আমি আশ্চৰ্গ হলুম। মধ্যৰুগের নাইট !

"আৰু হছ় কোন্টা ভনে আৰু হছ গুনাইট ভনে, না মধ্য-যুগের ভনে গু"

"কী জানি ঠিক ব্ঝতে পারছিনে।" আমি চিস্তান্থিত হয়েছিল্ম।
আধ্নিক বলে সত্যি আমার একটু গর্ব ছিল। আর নাইট তো একটা
অর্থহীন থেতাব।

প্রিয়দর্শনদা উদ্দীপ্ত হক্ষে বললেন, "শিভ্যালরির যুগ এখনো অতীত হয়নি। এখনো নাবীর জন্তে পুক্ষ আগ্নত্যাগ করে। অনেক স্থলে হয়তো দে নারী তার প্রেমিক। নয়, তার কেউ নয়। তা হলেও দে নারী। দে মহিলা। তার জন্তে বিপদ বরণ করতে প্রতিদিন প্রস্তুত থাকাই তো নাইটের জীবনত্রত। ডাক শুনলে যে পুক্ষ দাড়া দেয়া দেয়া কেটা। পুক্ষোচিত বৃত্তির কথা ভেবে যে অসাড় থাকে দে কি পুক্ষ।"

ব্ঝতে পারলুম প্রিমদা তাঁর নিজের সম্বন্ধে আভাস দিলেন। স্থনকে ইচ্ছা ছিল তার গল্প। কিন্তু হাতে কাজ ছিল।

প্রিয়দাও গল্পের জন্মে তৈরি ছিলেন না। বললেন, "একটা কবিতা লিখতে চাই। এত বছ একটা ঘটনা এ জীবনে দ্বিতীয় বার ঘটবে না। ইতিহাসে ঘটে কি না সন্দেহ। হে সম্রাট, হে সম্রাট-কবি। · · নাঃ। রবিবাবুর প্রভাব কাটিয়ে উঠতে পার্ছিনে। হে কুমার, হে রাজকুমার · · "

কবিতা লেখার জন্তে কাগজ-কলম এগিয়ে দিল্ম। তিনি লিখতে বসলেন।

অনেককণ চেষ্টা করার পর দাদা দীর্ঘ নি:খাস কেললেন। বললেন, "ও আমাকে ছেড়ে গেছে। আর ফিরবে না।" আৰতে চাইলুম, "কে !" "কবিভা।"

আমি কী বলতে বাজিলুম, তিনি আমাকে থামিয়ে দিলেন।
"ভোকৰাকা শুনিয়ে কী হবে! তুমি কি পারবে দ্ব করতে আমার এ
ত্থে! দরদীরা বলে, আপনি গল্প লেখেন না কেন, নভেল লেখেন না
কেন? আরে, গল্প লিখে কি কবিতা লেখার স্থপ পাওয়া যায়? কবিতা
লেখা বেন উত্তমা নামিকার সঙ্গলাভ। আর উপভাস লেখা যেন—থাক,
আর বললুম না। তুমি উপভাস লেখ কিনা।"

আমি হাসির ভাগ করলুম। কথাগুলোঁহল ফোটাচ্ছিল। কিন্তু অপ্রিয় হলেও অসত্য নয়।

তাবলে আপনি কবিতা শেখা ছেডে দেবেন এ কেমন কথা।" আমি আক্ষেপ জানালুম।

"আমি কি ছাডতে চাই ? ও-ই তো ছেডে গেছে। নইলে এত বড় একটা উপলক্ষ গীতিবন্ধ হয় না! এই বা কেমন কথা!"

"ত্'দিন স্ব্র করুন। কবিতা আপনি আসবে। ওর উপর জোর খাটানো ঠিক নয়। উপলক্ষ ভো একদিনেই বাসি হচ্ছে না।"

"এ তো মহাকাব্য নয়। এ হলে। লিরিক। এ যদি আছ না আদে তো কাল আসবে না। কাল কি আমার অন্তভ্তি এমনি নিবিড় থাকবে, মনে করে। ?"

পদে কথা ঠিক। প্রিয়দর্শনদা হতাশ হয়ে কাগজ-কলম সরিয়ে রাখলেন। বললেন, "ভোমার যথন কবিভা আদে না তথন উপস্থাদ আদে, বর্ধন উপদ্যাদ আদে না তথন প্রবন্ধ আদে। আমার তো বিতীয়া স্থতীয়া নেই। আমার ঐ একমানে প্রিয়া। ও আর, ফিরে আগবে না। নইলে এমন দিনে ওর দেখা পেতৃম না ?"

বৃথতে পার বুম তাঁর কিলের তৃ:খ। এ বেদনা আমিও মাঝে মাঝে অনুভব করি। কিন্তু, অতথানি নয়। এর কোনো উপায় নেই। অপেকা করতে হয়। আশা রাখতে হয়। তার মানে, অনেক দিন বাঁচতে হয়। কিন্তু যার আয়ু ফুরিয়ে আদছে তাকে ও কথা বললে কি ত্যোক্বাক্যের মতো শোনাবে না ?

আমাকে নীবৰ দেখে তিনি আপনা থেকে বললেন, "থাক, মন থারাপ কোরো না। একদিন এ দশা তোমারও হতে পারে। এটা কবিদের নিম্নতি।"

তা শুনে আমার আরো মন থাবাপ হলো। আমারও তো কত কথা বলবার আছে, তার কতক বলা হবে কবিতায়, কতক উপস্থানে ও ছোটগল্পে, কতক প্রবন্ধে ও ভাষণে, কতক হ্মতো নাটকায়। এক দিন যদি দেখি যে কোনোটাই আমার আসছে না, আমি প্রিয়দর্শনদার মতো অসহায়, তথন ?

হু'জনের জগ্ম হু'পেয়ালা কফি এলো। শীত পড়েছে। দিনের বেলাও কফি চলে।

কফিতে চুমুক দিতে দিতে তিনি বললেন, "তুমি যা ভাবছ তা আমি আন্দান্ধ করেছি। তোমাব যথন আমার বয়স ও আমার দশা হবে তথন তুমি কী করবে? কেমন, এই তো? ঠিক ধরেছি আমি।"

আমি লজ্জায় নিরুত্তর বইলুম।

"কিন্তু তুমি আমার চেয়ে ভাগ্যবান। তোমার তো কেবল কবিতা নয়, তোমার তুণে অনেক রকম বাণ। এমন দশা ভোমার কোনো দিন হবে না। কিন্তু তুমিও তো মাহ্ম। তোমারও ঘৌবন চিরদিন থাকবে না। দেখবে, সেইটেই সব চেয়ে ছঃখের।"

আমার বয়স তথন কত? বত্তিশ তেত্তিশ। কবে যৌবন বাবে

তার জ্বত্তে আমার ভাবনা ছিল না। ভাবনা শুধু কবিতার জ্বত্তে। কবিতা ইতিমধ্যেই তুর্লভ হয়েছিল।

দাদা বললেন, "ওঃ! এর কি কোনো তুলনা আছে! এই দ্বংখের! এই যে আমার যৌবন চলে যাচ্ছে, অথচ স্পষ্ট হচ্ছে না, এ যেন ছ'দিক থেকে পুডছে আমার মোমবাতি। তবু যদি যৌবনটা থাকত। প্রতি দিন সকাল বেলা ঘুম থেকে উঠে ভাবি, প্রকৃতি থেমন যোডনী ছিল তেমনি আছে। আমি শুধু দিন দিন প্রবীণ হচ্ছি। প্রকৃতির সঙ্গে আমাকে আর মানাবে কেন।"

ভিনি উদাস দৃষ্টিতে বাইরের দিকে তাকালেন। সব নতুন, চির নতুন। তিনিই শুধু পুরাতন। বললেন, "প্রত্যহ আমার মনে হয়, চলে যাচ্ছে। যৌবন চলে যাচ্ছে। সরে বাচ্ছে। যৌবন সরে যাচ্ছে। আমি যেন কুলে দাঁডিযে। নৌকা ছেডে যাচ্ছে। লালাবাবৃব মতো আমারও কানে বাজে, কে যেন বলছে, 'দিন তো গেল!"

আমি এ প্রসঙ্গের প্রশ্নার দিতে ইচ্ছুক নই। বলি, "আপনি নিথনেই ভালো হতো, তা যথন পাবছেন না, আমাকে বলুন, আমি একদিন নিথব। শুনি আপনার জীবনের অভিজ্ঞতা।"

"সন্ত্যি। তুমি শুনবে ?" তিনি যেন ভাসতে ভাসতে অবলম্বন পান। তার মুখ ভবে যায় আনন্দের আভায়। চোখ ছল ছল করে থুশিতে।

এমনি করে প্রপাত হলো যে-কাহিনীর তা বোনা হলো দিনের পর দিন ধীর মন্থরভাবে অতি প্রশ্ন মসলিনের মতো। কথনো আমার বাসায়, কথনো সাঁওতাল পল্লীর পথে, কথনো রেল স্টেশনে, কথনো রেল লাইনের ওপারে গোরুর গাড়ীর বান্ডায়। সাধারণত সদ্ধায়, কোনো কোনো দিন সকালে, কচিৎ তুপুরে।

"একটা কথা গোডাতেই বলে রাখতে চাই," সেদিন তিনি পৌর-চল্লিকা করলেন, "এ কাহিনী আমার জীবনের কাহিনী নয়। কবিরা আয়কাহিনী লেখেন না, তাদের কাবাই তাদের আয়কাহিনী। আমি আমার পল্ল শোনাতে চাইনে, শোনাতে চাই তাদের গল্ল যারা কবি নয়, লেথিকা নয়, যাদের বুক কাটে তে। মুথ ফোটে না। তাদের কাহিনীর সঙ্গে আমাব জীবন জভিয়ে গেছে বলেই নিজের সম্বন্ধে ছ-চার কথা বলা দরকার। নয়তো এদব কাহিনী বিশাদ্যোগ্য হবে না। লোকে মনে করবে বানানো। তুমি কী মনে কববে জানিনে। হয়তো ভাববে এদব কবিকল্লনা।"

আমি বলল্ম, "নিজের সম্বন্ধে ছ্-চার কথা কেন, যা মনে আসছে বলে যান। নিজেকে বাদ দিয়ে গল্প বলতে গোলে সে-গল্প অকৃত্রিম হয় না। এমন কি বানানো গলকেও অকৃত্রিম বলে চালাতে হলে 'আমি'র জবানীতে বলতে হয়। রবীন্দ্রনাধের অধিকাংশ গল্প 'আমি'র মাধ্যমে বলা। গল্প জিনিসটাই একটা কন্দিডেন্স ট্রিক। বিশ্বাসের খেলা। কেউ যদি বিশ্বাস না করে তো গল্প ওৎরাঘ না। যাতে সকলে বিশাস করে তার জন্মে যা-কিছু করা দরকার, সমস্ত করতে হবে।"

দাদা হেদে বললেন, "জমিদারী চালিয়ে থাই। আদালতের জব্তে
মিগ্যা সাক্ষী শিবিষে পড়িয়ে পাঠাই। কী করি, বলো। ওটা আমার
পেশা। তা বলে দেবী সরস্বতীর দরবারে মিগ্যা সাক্ষী দেব ? অসম্ভব।
সেইজন্মেই আমার হাত দিয়ে নভেল হলোনা। কত লোক নভেল লিখে
করে থাছে। তার সাড়ে পনেরো আনাই মিথ্যে।"

"জীবনেব দিক থেকে যা মিথা। আর্টের দিক থেকে তা সত্য হতে পারে, প্রিয়দা। অবশ্য সব-সময় তা নয়।"

"হা, বছ বছ মিথ্যাবাদীর ঐ একই সাফাই। আর্টের দিক থেকে সত্য।" তিনি উন্মার সঙ্গে বললেন। "কোনো বড় কবি কোনো কালে মিথ্যা কথা বলেছেন? হোমর বাল্মীকি -মিথ্যার ফাদ পেতেছেন? কবিদের যে নোকে শ্রদ্ধা করে তার কারণ কি এই নয় যে, তারা কথনো

চাতৃরীর জাল বোনে না? তুমি দেখছি কবিদের দল থেকে নাম কাটিয়ে নিয়ে নভেলিস্টদের কুসঙ্গে পড়ে আর্টের মূলনীতি ভূলে যাচ্চ।"

আমি মাধা হেঁট করে নীরবে পরিপাক করলুম।

"উপস্থাসকে আমি নীচু দরের আর্ট বলি কেন ?" দাদা উত্তেজিত হয়ে বললেন, "বলি এই জন্তে যে, তার প্রথম প্রতিজ্ঞা হচ্ছে জীবনে যা মিখ্যা আর্টে তা সত্য। ঠিক আমাদের আদালতের জবানবন্দীর মতো। আমন করে মামলা জ্বেতা বায়, পাঠকের মাথায় হাত বুলিয়ে দালান তোলা যায়, হয়তো একদিন নোবেল প্রাইজ পা ভয়া যায়, কিন্তু ভাবী কালের আহ্বা পাওয়া বায় না, অয়দাশকর।"

এসব যেন আমাকেই উদ্দেশ করে বলা। যেন আমি হাতেনাতে ধরা পড়ে গেছি মিথ্য। জবানবন্দী দিতে গিছে সরম্বতীর ধর্মাধিকবণে। আসামী বেমন বিচারকালে হাত ভোড করে দাঁডিয়ে থাকে আমিও তেমনি হাতের উপর হাত বেথে বসে থাকনুম।

"নোবেল প্রাইন্ডের লোভ তোমারও আছে। না, ভাই ?" এবার তিনি কোমল স্বরে বললেন।

"আছে।" আমি অকুট স্বরে কর্ল করলুম।

"ওটা দুর্বলতা। শুধু ও লোভ নয়, সব বকম লোভ কাটিয়ে উঠতে হবে। মনে রেখো, যার সামনে দাঁড়িয়ে আছো সে তোমার পাঠকমগুলী নয়, সে মহাকাল। তাকে কোনো মতেই ভোলানো যায় না। নিরেট নিপট সত্য কথা ছাড়া অন্ত কোনো কথাই সে কানে তুলবে না। যদি বক্তা দিয়ে লিখতে পারো তা হলে সে-লেখার দাম আছে। আর সব তো সময়ের থেলনা।"

এর পরে তিনি কিছুক্ষণ অন্তমনক্ষ হলেন। আত্মমনক্ষ বোধ হয়।
কথন এক সময় বলতে আরম্ভ করে দিলেন, "তা আমারও লোভ ছিল
কবিমশের। এক কালে কী যে ভালো লাগত নিজের লেখা ছাপার হরফে

দেখতে। তথনো আমি স্থলের ছাত্র। কলেজে যথন ভর্তি হলুম তথন
আমাকে থিবে একটি সাহিত্যিক গোষ্ঠী গড়ে উঠল। আমার কবিতা
ছাপা হতো 'প্রবাদী' 'ভারতী' 'মানসী' প্রভৃতি সেকালের সেরা মাদিকপত্রে। ওদের লেগা ফিরে আদত না-মঞ্চুর হয়ে। নয়তো ছাপা হতো
মফ:শ্বলের কোনো অখ্যাত পত্রিকায়। এই নিয়ে আমাদের মান-অভিমান
হতো না তা নয়। তবু মোটের উপর আমরা ছিলুম বেশ। প্রায়ই আজ্ঞা
বসত আমাদের এক জমিদার বন্ধর বাডী। তাঁর জমিদারী উত্তর বলে। কোর্ট
অফ ওয়ার্ডদ্ব থেকে মাসোহারা আদত। কলকাতায় থেকে প্রেদিডেলী
কলেজে পড়তেন। আমি পড়তুম রিপনে। স্থরেক্সনাথের উপর আমার
অসামান্ত ভক্তি ছিল। গবর্গমেন্টের উপর ছিল সেই পরিমাণ বিরাগ."

ভিনি যেন ভলিয়ে গেলেন বিশ্বভির দাগর থেকে শ্বভির মৃ**জ্ঞা** ভুলতে

"রবীক্রনাথ যে বছর নোবেল প্রাইজ পান তার পরের বছর আমি এম. এ. পরীক্ষায় ফেল করি। কেন জানো ? রাত জেগে কবিতা লিখতুম আর দে-কবিতা ইংরেজীতে তর্জমা করে বিলিতী কাগজে পাঠাতুম। দে-বর্নদে আমার আত্মবিখাদের সীমা ছিল না। থাকলে আজ আমার এদশা হতো না। মাইনর পোয়েট হয়ে সম্কুট্ট থাকলে আমার জীবন হয়তে। অতা রকম হতো। কিন্তু বাঙালীর বরাতে একবার যথন নোবেল প্রাইজ জুটেছে তথন আর একবার কি জুটবে না, যদি সাধনা করি, যদি সাধনার ফল জগতের সামনে ধবি ? আমার বল্বরাও আমাকে উৎসাহ দিত, তাদের কারো ধারণ। ছিল না ব্যে নোবেল প্রাইজ অত সোজা নয়।" তিনি মান হাসি হাসলেন।

"অব্র বয়দে আমারও ধারণা ছিল না।" আমি স্বীকার করলুম।

"তুমি তো ছেলেমামুষ ছিলে। তোমার চেয়ে যারা অনেক বড় তাদেরও মাথা ঘুরে গেছল। ভারবির টিকিট কেনার মতো শুকিলে নোবেল প্রাইজের চেষ্টা করা তথনকার দিনে বাতিক হয়ে দাঁড়িয়েছিল।
তবে আমার মতো নির্বোধ বেশি ছিল না। ওবা দবাই পাদ করল,
চাকরি বা ওকালতি যা হয় একটা কিছু করল, তার আগে বা তার পবে
বিষে কবল। আমিই ভুধু পরীক্ষায় ফেল কবলুম, চাকরি যদি বা পেলুম
রাখতে পারলুম না, বিয়ে করতে গিয়ে শিশুপাল হলুম বনিত। আমাব
ভাগে নেই, তবু যদি কবিত। আমাকে না ছাডত!" তিনি ভাবাবেগে
নীরব হলেন।

শ্বাক, দে গল্প তোমাকে বলব না! এই যা বলছি এও বলতে ইছা ছিল না। কিন্তু এর দরকার ছিল। পরে সুঝতে পাববে কেন দরকার ছিল। এম. এ. পরীকার ফেল করেছি শুনে আমার গুক্জন আমাকে কলকাত। থেকে এলাহাবাদে দরাবার উদযোগ কংলেন। আমাব কিন্তু কলকাত। থেকে নজ্বার ইচ্ছা ছিল না। আমি ইতিমধ্যে "ভাবতী"-গোদ্ধীব লেথক হয়েছিলুম। "ভারতী" আমাকে একটা কাজ দিল। কলেজের পদ্দা সেই সঙ্গে চলল। বন্ধ হলো শুধু নোবেল প্রাইজেন সাধনা। প্রথম দেখা থেকে শুক্ত করে সব কিছু করতে হতো, মাঘ চাঁদা আদায়। এখন মনে হচ্ছে এলাহাবাদে না গিয়ে ভুল করেছি। দেখানে আব যাই হোক সাধনার ব্যাঘাত হতো না। কিন্তু মানুষ তো ভবিষ্যুৎ দেখতে পান্ধ না। আমি পাদ করলুম ঠিকই। পাদ করতে না করতে চাকরিও পেয়ে গেলুম। উত্তর বঙ্গের সেই জমিদার যুবক কোর্ট অফ ওয়ার্ডস্থেকে শাঁর জমিদারী ফেরৎ পেয়ে আমাকে সাধনেন ভার প্রাইভেট সেকেটারি হতে। আমার কাব্যসাধনায় তিনি বাধা দেবেন না, বরং স্ব বৃক্ম শ্বিধা করে দেবেন, এই সতে তাঁর প্রশ্বাবে রাজী হই।"

"পোটের ভাইমার যাত্রার মতে। লাগছে।" আমি মহব্য করলুম।
"কার স্তে কার তুলনা!" তিনি দীর্ঘ নি:বাস ফেললেন।
"অথচ এ কথা যদি সেদিন কেউ আমাকে বলত আমি মনে মনে

বৃশি হতুম। তথনো আমার বিশ্বাস ছিল আমি একটা কেষ্ট বিষ্টুনা হয়ে ছাড়বো না। কুমার রাধিকামোহন আমাকে গ্যেটের মর্যাদা দিয়েছিলেন। একথানা আন্ত বাগানবাডী ছিল আমার জন্মে বরাদ্দ। সেধানে থেকে আমি কাব্যচর্চা করতুম। উত্তর বন্ধ আমি আগে দেখিনি। প্রথম দর্শনে তাব প্রেমে পডলুম। জমিদারের সঙ্গে ছাড়াছাড়ি হয়েছে অনেক বাব, কিন্তু উত্তর বঙ্গেব সঙ্গে বিচেছদ ঘটেনি আজ্ব অবধি। তুমি তো বাংলাদেশের সর্বত্ত ঘ্রেছ। কোন্ অঞ্চল তোমার সব চেয়ে ভালো লাগল গ"

"দৰ্বত্ত খুরেছি বললে ঠিক বলা হবে না। তবে দ্ব চেয়ে ভালো লাগল কোনু অঞ্ল, বলব ?"

"বলে।" তিনি কৌতৃহল প্রকাশ করলেন।

"উত্তর বঙ্গ।"

খা বলেছ। সভ্যি ওর সঙ্গে আর কারো তুলনা হয় না। আমি ভো প্রথম কয়েকটা বছর মধুমাসের মতো কাটিয়ে দিল্ম। বৌ নেই, ভবু হানিমূন (honeymoon)। কুমার আমাকে য়াসিষ্টাণ্ট মানেজার করে দিলেন। কেন ভিনি জানেন। খাটুনি ছিল, কিন্তু সেই সঙ্গে ছিল অবাধ ভ্রমণ।

গ্রামে গ্রামে গিয়ে কাছারি কবি, দেশকে চিনি। দেশেব লোকের নাড়ি-নক্ষত্র জানি। ওবা আমাকে ভালোবাসে, আমিও ওদের ভালোবাসি। ওদেব অমুরোধে ওদের উপকার করাব জন্তে আমি লোকাল বোর্ডের নির্বাচনে দাভাই। হিন্দু-মুসলমান স্বাই মিশে আমাকে ভোট দেয়। এখনকার মভো সাম্প্রদায়িক স্বাভন্তাবোধ তখনকার দিনে ছিল না। মেম্বর হতে না হতে চেয়ারম্যান হয়ে গেল্ম ভাদেরই সমবেত আগ্রহে। এখন মনে হচ্ছে ওটা আমার পর্ধর্ম। পরধর্মো ভ্রাবহঃ।"

"তার পর ;"

"তার পর আবো জনপ্রিয়তা ছিল কপালে। গান্ধীজীর আবির্তাব হলো। অসহযোগ আন্দোলনে ঝাঁপ দিলুম। রাজ্জোহের কবিতা লিখে কারাবরণ করলুম। ফিরে এদে দেখি আমার জন্মে গ্রামে গ্রামে তোরণ তৈরি হয়েছে। অস্তহীন সম্বর্ধনা। এমন সময় এক অপরিচিতা মহিলা এদে আমার দর্শন প্রার্থন। করলেন।" এই পর্যস্ত ২লে দাদা দেদিন গা তুললেন। আর এক দিনের কথা। বলছিলেন প্রিয়নর্শনদা। শুনছিলুম আমি।—
সকালবেলা দোতলার ঘরে বদে লিখছি এমন সমন্ত্র মাসী এদে ধবর
দিলেন কলকাতা থেকে কে একজন ভদ্রমহিলা এদেছেন। আমার সঙ্গে
সাক্ষাং করতে চান। ভদ্রমহিলা। কলকাতা থেকে। আমি চমকে
উঠলুম। মাসীকে বললুম, তুমি শুনলেই চলবে। আমার সাধ্যে
কুলোলে সাহায্য করব। খুব সম্ভব ক্যাদায়ের চাঁদা।

মাসী তাঁর সঙ্গে কথা বলে তার পবে আমাকে জানালেন, না, ওসব কিছু নয়। তিনি একজন লেখিক।। এখানে বেড়াতে এসেছিলেন। কলকাত। ফিরে যাবার আগে তোমার সঙ্গে আলাপ করতে চান।

লেখিকা। আলাপ করতে চান। আমার ভাগ্য। চেহারাটাকে কবিজনোচিত করা সম্ভব ছিল না, ইতিমধ্যে আমলাজনোচিত হয়ে দাঁভিয়েছিল। পোশাকটাকে কবিস্থলত করতে কিছু সময় লাগল। রবীক্রনাথ লিখেছেন, কাব্য পড়ে যেমন ভাব কবি তেমন নয় গো। অতি সত্য কথা। জমিদারী চালাতে চালাতে আমার চালচলনে এমন একটা পরিবর্তন এসেছিল যা আমাকেই নিজের সম্বন্ধে দন্ধি করে তুলত। আমি কি সেই মাহুব?

ভদ্রমহিলা আমাকে প্রতিনমন্থার করে বললেন, "আপনিই প্রিয়দর্শন-বাবু ?" এমন স্বরে বললেন যেন আমি নামে প্রিয়দর্শন, আসলেঁ তা নই।

আমি সপ্রতিভভাবে বলল্ম, "এক কালে ছিল্ম। এখনো লোকে সেই নামেই ভাকে।"

তিনি হেদে বললেন, "আমার নাম অহুপমা দেবী।"

ইনি "ভারতী"তে লিখতেন। আমার চেয়ে বয়সে অনেক বড়।
বথন আমি "ভারতী"তে কাজ করি তথন এঁর কাছে লেখা চেয়ে চিটি
লিখেছি, এঁর লেখা পেয়ে এঁকে ধল্যবাদ জানিয়েছি। এঁর লেখার প্রফ দেখেছি। তার উপর খোদকারিও করেছি। এই নিয়ে এঁর সঙ্গে একটু
মনোমালিক্সের মতো হয়েছিল। ইনি পরে আমাকে ক্ষমা করেছিলেন।
তার জন্যে আমাকে কাগজে কলমে মাফ চাইতে হয়েছিল। লিখেছিল্ম,
দিদিরা ছোট ভাইদের ছয়্টপনা সহান। করলে কে করবে।

দে সব কথা মনে ছিল না। মনে পড়ে গেল। থূলি হয়ে বললুম,
"দিদি দেখছি তার ছুই ভাইটাকে ভূলে যাননি। কিন্তু আর বার বলে
ক্ষা দেবেন না।"

মাদী জানতেন না কোন্ স্বাদে উনি আমার দিদি। মাদীকে দেসব কথা শোনাতে হলো। মাদী উঠে পেলেন চায়ের আয়োজন করতে।

দিদি বললেন, "যাক, ওদব কথা ভেবে আপনি মন খারাপ করবেন না।"

আমি বললুম, "মর্ন খারাপ করব যদি আপনি আমাকে 'আপনি' বলেন।"

"আছো, এখন থেকে 'তুমি' বলব। কিন্তু ভোমার কী হয়েছে বলো ভো? অনেক দিন ভোমার কবিভা দেখিনে। দেখলেও ভাতে বাজনীতির গন্ধ।"

এই নিমৈ কিছুক্ষণ আলোচনা চলল। তারপর দিদি বললেন, "ভোমার সঙ্গে আমি সাহিত্য আলোচনা করতে এসেছি, এটা লোক-দেখানো সত্য। ভোমার সঙ্গে আমার একটা দরকারী কথা আছে।" বললেন নীচু স্বরে।

"ভাই নাকি ? বেশ তো।" আমি অভয় দিলুম।

"আমি এখানে বেডাতে এসেছি, এটাও লোকদেখানো সভ্য। কলকাতার লোক আমরা। বেড়াতে আসব এই পাণ্ডবর্জিত দেশে!"

জামি নি:খাদ চেপে বলনুম, "তবে ?"

শ্রিয়দর্শন, আমি তোমার দিদি তোমাকে অন্থনয় করে বলছি, তুমি একথা আর কাউকে বোলো না। কুমারকে তো নয়ই, অন্ত কোনো ইয়ার-বক্শীকেও না। "

আমি তাঁকে কথা দিলুম। বস্তুত আমার কোনো অন্তরঙ্গ বন্ধু ছিল না।

"যদি কোনো স্ত্রে জানাজানি হয়ে যায় তা হলে একজনের সর্বনাশ হবে। সে বেচারী এমনিতেই কত কট পাচ্ছে। মডার উপর খাঁড়ার ঘা কি সইতে পারবে! হয়তো আত্মঘাতী হবে!"

আমার কৌতৃহল জাগ্রত হয়েছিল। কিন্তু প্রকাশ করলুম না। তথু বললুম, "জানাজানি হবে না, দিদি। আমি কবি হলেও কাওজ্ঞান আমার আছে। নইলে কেউ আমাকে জমিদারীর ভার দেয় ?"

তিনি যে কোন্থানে লুকিয়ে রেখেছিলেন তা এতক্ষণ লক্ষ করিনি, কোন্থান থেকে বার করলেন তাও এতদিন পরে মনে নেই। হঠাৎ এক রাশ চিঠি আমার হাতে দিয়ে বললেন, "তাড়াতাডি উপরে নিয়ে গিয়ে বন্ধ করে এসো। থবরদার, কেউ যেন দেখতে না পায়। সর্বনাশ ঘটবে।"

শ্বদেশীযুগের ছেলের। যেমন রিভলবার বা পিন্তল পেলে আতকে উল্লাসে উত্তেজনায় দোঘুল্যমান হতো আমিও তেমনি উদ্বেলচিত্তে ভাড়াভাড়ি উপরে উঠে গেলুম। আমার একটা ইম্পাতের আসমারি ছিল। চিঠিগুলো তার একটা গোপন ভালায় রাখলুম। কেউ টের পেল না।

দিদি বললেন, "এখন তোমার হাতে একজনের সন্মান সঁপে দিলুম। তোমাকে বিশাস করি বলেই এ কাজের ভার দিচ্ছি। নইলে কলকাতা থেকে কেউ এই অজ পাড়াগাঁয়ে আসে।" এখানে বলে রাখি যে আমাদের এটা অজ পাড়াগাঁ নয়। মহকুমা শহর। বেল লাইনের ধারে। তবে আমরাবে অঞ্লে থাকি সেটা পল্লীর সকে অভিন।

আমি তাঁকে বার বার অভয় দিলুম। কিন্তু আমাকে কী করতে হবে তা বুঝতে পারছিলুম না। চিঠিগুলো গচ্ছিত রাথতে হবে, না পড়ে দেখতে হবে ?

তিনি আমার সংশয় ভঞ্জন করে বললেন, "চিঠিগুলো অবদর পেলে পড়ে দেখবে। তার পর আমাকে ফেরৎ দেবে। আমি এখানে দিন চারেক আছি। আবার একদিন এসে হাজির হব। তুমি ভোমার কবিতা পড়ে শোনাবে? কেমন ?"

"আমার সৌভাগ্য। সেদিন যদি আপত্তি না থাকে আমাদের এখানে একটু মিষ্টমুখ করবেন। আজ তো আগরা প্রস্তুত ছিলুম না। মাসী কী আয়োজন করছেন জানিনে।"

"আমোজনটা গুরুতর বলেই মনে ২চছে। অন্ত সময় হলে বাধা দিতুম, কিছু আজ আমি তাকে ব্যস্ত রাধতেই চাই। ততক্ষণ তোমাকে বলি একটা কথা।"

चामि मत्नारवानं कत्नुम।

"ওকে ওর স্বামীর হাতে দিয়ে যাচ্ছি বটে, মনটা কিন্তু কিছুতেই
সাম্ন দিচ্ছে না। পরের মেয়েকে নিজের বাড়ীতে ক'দিন আশ্রম দেওয়া
যায় বলো? সব জিনিসের একটা সীমা আছে। সেইজন্তে আমার
এখানে আসা। এসেই শুনতে পেলুম তুমি এখানে আছো। মনে
হলো অকুল সমুদ্রে ভাসতে ভাসতে একটা ভেলা পেয়েছি। কেন বলডে
পারব না, ভোমার উপর আমার গভীর বিশ্বাস। ভোমার কবিতা অধু
কবিছ করা নয়, ভোমার ভিতরে যে মাহ্রটা আছে সেই মাহ্রটার
পরিচয় দেওয়া। তাহক আমি সেহ করি, শ্রদা করি, তাকে আমি
অসলোচে বিশ্বাস করি।"

আমি বিচলিত হয়ে বলনুম, "দিদি, আমি কি এর যোগ্য !"

"আমার মন বলছে তুমি থোগ্য। কিছু আমার ভয় হচ্ছে ভোমার আনিষ্ট হবে। প্রিয়দর্শন, তোমার অনিষ্ট হোক, তোমার দিদি এটা চায় না। ভেলাশুদ্ধ যদি ডোবে তা হলে তো বিপদের কথা। না, না। আমার ভুল হয়েছে তোমার কাছে আসা। পরের মেয়ের ভালো করতে গিয়ে পরের ছেলের মন্দ করব ?"

একটা অজ্ঞাত আশক্ষায় আমার বৃক হুড় হুড় করছিল। কিন্তু পুরুষ আমি, নারী যদি বিপন্ন হয়ে আমার শরণ নেয় কেমন করে শরণাগতাকে বিপদের মুখে ঠেলে দেব? মেয়েটি কে, কী তার বিপদ, আমার কাছে কী তার প্রত্যাশা এসব না জেনেন্ডনেই বলে বসল্ম, "আমার অনিষ্টের জন্মে ভাববেন না। আমি যদি আপনাদের কোনো কাজে লাগতে পারি তা হলে অনিষ্টের ভয়ে পেছিয়ে যাব না। তবে, হা, আমার ক্ষমতা অল্প।"

দিদি খুশি হয়ে বললেন, "ক্ষতা অল্ল, কিন্তু প্রভাব অনেক।
সকলে তোমার স্থাতি করে। কেবল তোমার ম্যানেজারবার করেন
না। ম্যানেজারের একটা দল আছে। তারাও তোমাকে স্থনজ্বের
দেখেনা। তাকী করবে, বলো? এমন মান্ত্র কে আছে যার শক্র নেই ? সাবধানে থাকবে। ম্যানেজারকে একটু দ্রে দ্রে রাখবে।"

আমাদের স্থানীয় বাজনীতি ইতিমধ্যে দিদির কর্ণগোচর হয়েছে দেখে হাসি পেলো। বলন্ম, "দিদি, শহর থেকে আমি কতটা দ্রে থাকি তা তো স্বচক্ষেই দেখছেন। কাছারির কাজ ছাড়া ওদের সঙ্গে আমার আব কোনো যোগস্ত্র নেই। সেইজন্মে ওরা আমার উপর কট। কীকরি, ওদের সঙ্গে মিশতে কি আমার অসাধ! কিন্তু তা হলে সাহিত্যের সাধনা ছেড়ে দিতে হয়।"

"না, ওদের সঙ্গে মেশা উচিত নয়। তোমার ঐ ম্যানেকারটি একটি

ছদাবেশী বাক্ষন। মায়া মারীচ বা সোনার হরিণ। এমন তৃত্বর্ম নেই যা ওর অসাধ্য। তৃমি একটু দূরে দূরে থাক বলে সব থবর রাখ না। এই ক' দিনে আমি ওর পরিচয় যা পেয়েছি তার পবে আমার বোনকে দোষ দিতে পারছিনে। বোন যাকে বলছি সে আমার মায়ের পেটের বোন নয়। পাতানো বোন। তা হলেও আপন বোনের মতো। তার স্বামীটিকে কলকাতায় যত বার দেখেছি তত বার প্রশংসা করেছি। মনে হয়েছে ম্যানেজার যদি রাখতে হয় তো এ রকম লোকই রাখতে হয়। আমার নিজেরও সামান্ত কিছু ভ্সম্পত্তি আছে। বেশির ভাগ উড়িছায়। তোমার যদি কোনো দিন কাজেব অভাব হয় আমাকে এক লাইন লিখে।

আমার সঙ্গে দিদির সম্পর্ক লেথকেব সঙ্গে লেথিকার, আমার ইচ্ছা ছিল না যে তাঁর সঙ্গে আমাব সম্পর্ক মালিকের সঙ্গে কর্মচাবীর হয়। কিন্তু সাহস ছিল না তাঁর ম্থের উপব সে কথা বলতে। নীরবে পবিপাক করনুম।

তিনিও যে একজন জমিদাব এ কথা জানার পর আমি তাঁর যথাযোগ্য আপ্যায়নের জত্তে বিশেষ চিস্তিত হলুম। তাঁর অহুমুতি নিয়ে মাদীর সঙ্গে দেখা করে বলনুম, বাবস্থাটা রাজোচিত হওয়া চাই।

দিদি আমাকে মিঠেকডা ধমক দিয়ে বললেন, "কেন ওসব করছ? আমি কি রাক্ষদী যে অত কিছু খাব? নিয়ে এদাে এক গ্লাস ডাবের জল, না হয় মিছরির সরবং। দেখছ না কখন থেকে বকবক করছি!"

আবার ছুটে গেলুম মাদীর কাছে। বললুম, "যা হয়েছে নিয়ে এদা।"
দিদি ত্-একটা জিনিদ মুখে ছুইয়ে হাত ধোবার জল চাইলেন।
বললেন, "থেয়ে বেরিছেছি। ফিরে গিয়ে আবার থেতে হবে। কাজেই
আমাকে মাক করবেন, মাদীমা।"

ভারপর আমাকে বললেন, "এবার চলো ভোমার বাগান দেখাবে। শুনছি এমন স্থানর বাগান এ অঞ্চলে নেই।"

বাগানটা আমার দেখবার মতো। কিন্তু তার উদ্দেশ্য ছিল মাদীমাকে পরিহার করে আমার দক্ষে গল্প করা। বাগান দেখতে দেখতে বললেন, "কুমার তোমাকে এই চমৎকার বাগানবাড়ীটা বাদ করার জন্মে দিল্লে-ছেন। তুমি বৃঝি তাঁর দক্ষিণ হস্ত ?"

"কে বলল এ কথা ?" আমি আশ্চর্য হলুম।

"জনরব। কেন, এতে লজ্জিত হবার কী আছে ? আমরা তো চাই তুমিই একদিন ম্যানেজার হও। ঐ শয়তানটাকে বিদায় করে দাও। ওটা না থেতে পেয়ে আস্থক আমার থর্পরে। তা হলে হয়তো আমার বোনটি সুখী হবে।"

অভুত চিস্তাধারা। কী করে যে তিনি ও রকম ভাবতে পারলেন? কিন্তু প্রতিবাদ করার মতো মনের জোর আমার ছিল না।

"ওকে কেমন করে দিধে করতে হয় দে আমি জানি। কিন্তু এখানে থাকতে নয়।" তিনি বলে চললেন ফুল দেখতে দেখতে। "বনগাঁয়ে শেয়াল রাজা। এখানে ওর ভয়ে বাঘে গোরুতে এক ঘাটে জল খায়। দারোগা ওর মুঠোর মধ্যে। এদ. ভি. ও. নাকি ওর পরামর্শ না নিম্নে কোনো কাজ করে না। তাই বড্ড বাড় বেড়েছে লোকটার। কুমারের সঙ্গে তোমার গলায় গলায় ভাব। একদিন কথায় কথায় বলতে পারোনা, ওটা নরকের কীট ? ওটাকে বর্যান্ত করা উচিত ?"

আমি বিরক্ত হয়েছিলুম। বিরক্তি চেপে বললুম, "তা হলে কুমার মনে করবেন আমি আমার উন্নতির পথ নিষ্ণটক করবার জন্যে ম্যামেজারের নামে লাগান্ডি। ম্যানেজার তো থেকে যাবেই, মাঝধান থেকে আমার শক্ত বাড়বে।"

"বা বলেছ।" দিদি আমার সক্ষে একমত হলেন। "না, সরাসরি

তুমি বলবে না কুমারকে। আর কাউকে দিয়ে বলাবে। নাপিত হলেই ভালো হয়।"

म

"কিন্তু দিদি," আমি দপ করে জলে উঠলুম, "শিববাবু আমার এমন কোনো ক্ষতি করেননি যার জল্ঞে আমি তার এতবড অপকার করব।"

"বা বলেছ," তিনি এবারেও একমত হলেন। "আমি ভেবেছিল্ম নিজের পলোন্নতির জন্মে তুমি হয়তে। এ কাজ করতে রাজী হবে। দেটা আমার ভুল। তুমি সাধারণ লোক নও। তুমি কেন এমন হীন কাজ করবে!"

আমি তা শুনে গলে গেলুম। দে বয়দে মনটা ছিল মাধনের মতো।
"কিন্তু ভাই, আমি যে বড আশা করে তোমার কাছে এদেছিলুম।
আমার নিজের এক বিন্দু স্বার্থ নেই। মেয়েটি আমার নিকট বা দূর
সম্পর্কের কেউ নয়। ওকে ওর ছেলেবেলা থেকে ভালোবাদি। বিয়ের
পর থেকে দেখাঙনা বন্ধ হয়েছিল, কিন্তু চিঠি লেখালেথি শুরু হয়েছিল।
দে সব চিঠিপত্র ভোমার জিমায় রেখে যাচ্ছি। পড়ে দেখো। অবশেষে
সে আর সহু করতে পারল না। কলকাতা গিয়ে আমার শরণ নিল।
আমি তাকে মোটেই প্রশ্রেষ দিতে চাইনি। কিন্তু যা শুনলুম ও ভাকে
কির্মিষে দিতে এদে যা দেখলুম ভাতে আমার বুঝতে বাকী নেই যে
কোকটা মানবন্ধপী দানব। ভাকে একটা কঠিন আঘাত না দিলে দে
মামুষ হবে না।"

ম্যানেজারকে আমি রোজ দেখছি। তিনি যে একজন ডাক্তার জেকিল ও মিন্টার হাইড এমন কথা কখনো আমার মনে উদয় হয়নি। আর কারো মনে উদয় হয়েছে বলে ভনিনি। তবে কি চাঁদের উল্টো পিঠ পুরুষদের চোথে পড়ে না, মেয়েদের চোথে পড়ে? কোথায় যেন পড়েছি, কে বেন নিনেংছন বে প্রভ্যেক পুরুষেরই ত্-ত্টো রূপ। একটা রূপ ভার প্রীর কাছে, আর একটা অক্ত সকলের কাছে।

"দিদি, এবার আমার সত্যি ভন্ন করছে।" আমি বলনুম। "কেন, কিদের ভন্ন?"

"শিববাব্র হয়তো আর একটা রূপ আছে যেটা তাঁর স্ত্রীর চোথে দেখা। আমি তাঁর সে রূপ দেখিনি বলে নির্ভাবনায় বাদ করছি, দেখলে হয়তো রাজ্যি ছেড়ে চলে যাব। আমাকে দিয়ে আপনার কোন্ কাজ হবে তা হলে ?"

"হা, তোমার ভয়ের কারণ আছে বৈকি। ও যদি তোমাকে খুন করে, কেউ কোনো দিন ওকে সন্দেহ করবে না। পুলিশ ওকে বক্ষা করবে। কাব্দেই তোমাকে আমি অন্তায় অমুরোধ করব না। তুমি যদি চিটি-গুলো পড়ে সম্ভষ্ট হও যে মেয়েটি একটা রাক্ষদের মূথে পড়েছে, তার পরে যদি কৃতসহল্ল হও যে বিপদ্নকে উদ্ধার করতে হবে, তা হলে তুমি যা ভালো মনে করো তা করবে।"

আমার তথন কম্পমান অবস্থা। ম্যানেজার আমাকে খুন করতে পারে শোনার পর থেকে আমার হাড়েব ভিতর বরফজল বইছে। আমি কী একটা বলতে চাইলুম, কিন্তু দাঁতে দাঁতে থটখটানি বেধে গোল।

তিনি তা লক্ষ করে হেদে ফেললেন। বললেন, "আছো লোকের কাছে সাহায্য আশা করেছিলুম। থাক তা হলে, দিয়ে দাও আমার চিঠির তাড়া।"

আমিও মনে মনে বলনুম, "কন্মাদায়ের চাদা নয় রে বাবা। দশটা টাকা দিয়ে থালাস হব তার উপায় নেই। কবি প্রিয়দর্শন ভদ্র অজ্ঞাত আততায়ীর হন্তে নিহত।"

চিঠির তাড়া আনতে গেলুম বটে, কিন্তু আমার পৌরুষ বিজ্ঞোহী হলো। কিসের পুরুষ আমি, যদি নাবী তার বিপৎকালে আমাকে ডেকে আমার সাড়া না পায়। কাগজে যখন নাবীহরণের খবর পড়ি তথন আমার অন্তরাত্মা লচ্ছিত হয়। দেশে এতগুলো পুরুষ থাকতে কেউ একজন এগিয়ে যায় না রাবণ বধ করতে, বা বাবণের হাতে মরতে! বাংলা দেশ কি নিরন্তপাদপ! আমরা কি দব এরণ্ড! কবিতা লিখি বাংলা দেশের পৌরুষকে ধিকার দিয়ে।

আলমারি থ্লতেই বেরিয়ে পড়ল আমার পিন্তল। কেউ যদি আমাকে থ্ন করতে আদে এই হবে আমার উত্তর। চিঠির তাড়ার বদলে পিন্তল হাতে করে নেমে এলুম। দিদি তা দেখে বিশ্বিত হলেন।

বললুম, "আমি কাপুরুষের মতো মরব না, দিদি। মরতে বদি হয় তোপুশকিনের মতো মরব।"

দিদি জানতেন না পুশকিন কে ! তাঁকে বলতে হলো, "রুণ দেশের সেরা কবি পুশকিন স্থীর স্থানের জন্মে ডুয়েল লড়ে মারা যান।"

তিনি হেসে বললেন, "আর বাংলা দেশের সেরা কবি প্রিয়দর্শন পরস্ত্রীর স্মানের জন্মে ভূয়েল লভে মারা বাবেন।"

আইডিয়াটা আমার থাসা লাগছিল। একশো বছব পরে যথন প্রিয়দর্শন শতবাষিকী অন্তুটিত হবে তথন পুশকিনের সঙ্গে আমার তুলনা করা হবে। মহিমা বেশি হবে আমারই, কারণ আমার মৃত্যু সম্পূর্ণ নিঃস্বার্থ। ভবে আমি না মরে যদি শিবপদ মারা যায় তা হলেই হয়েছে। তথন আমার কাঁসি হবে। ও কথা মনে হতেই আবার আমার দাঁতে দাঁতে থটুখটানি।

পিন্তলটাকে বথাস্থানে বন্ধ করে এলুম। ক্যাদায়ের টাদা নয়। এ বে বিষম ধাঁধা। হায় কবি প্রিয়দর্শন।

দিদি বিদায় নিলেন আর এক দিন আদবেন বলে। আমি তাঁকে
বথারীতি নিমন্ত্রণ করলুম। কিন্তু যতই ভেবে দেবলুম ততই নিজের
বোগ্যভায় সন্দিহান হলুম। আমি সাহিত্যিক মাহুষ। কাছারির কাজ
করে বেটুকু সময় পাই সাহিত্যের পিছনে ব্যন্ন করি। লোকাল বোর্ডের

চেয়ারম্যান হয়ে অবধি তাতেও টান পড়ছে। আমি আমার নিজের সমস্তানিয়ে বিব্রত। হঠাৎ আমার উপর দীতা-উদ্ধারের দায় চাপিয়ে দিলে আমি পারব কেন ?

আর দিদির সব কথা বেদবাক্য বলে মেনে নেবই বা কেন? যাকে
তিনি রাবণ ঠাউরেছেন সে হয় তো সাধারণ একজন অত্যাচারী স্বামী।
অমন কত আছে! আমি কি তাদের সকলের সঙ্গে ঝগড়া করে মরব!
মেয়েরা যদি পড়ে পড়ে মান খায়, পালটা মার দিতে না শেখে, তা হলে
তাদের ত্থে কেউ কোনো দিন দ্র করতে পারবে না। অত্যাচার
আবহমান কাল চলে আসছে। আবহমান কাল চলতে থাকবে। মাঝখান থেকে আমি কেন জলে বাস করে কুমীরের সংশে বিবাদ করি?

চিঠিওলো পড়তে ঔংস্কা ছিল। কিছু সেই সঙ্গে বিধাপ ছিল। পরের চিঠি পড়া কি উচিত ? আলমারিতে বন্ধ করার সময় কয়েকথানার উপর দৃষ্টিপাত করেছিল্ম। কোনোটা শিববার্র লেখা, কোনোখানা আভা দেবীর। এদের কারো অন্নমতি নিইনি। বিনা অন্মতিতে পরের চিঠি পড়াও তো চুরি করা। দিদির কথায় চুরি করা যেমন অস্তায় দিদির কথায় চিঠি পড়াও তেমনি।

আলমারি থুলে। চিঠিগুলো পছতে বদা এক মিনিটের কাজ। কিছ এত সহজ বলেই ও কাজ এত কঠিন! আমি আবো চিস্তা করব বলে সময় নিল্ম। আপাতত হাতের কাজে মন দেওয়া দরকার। মন দিতে পারছিল্ম না, তবু চেষ্টা করল্ম।

থেকে থেকে আমার শকা বোধ হচ্ছিল। কোথাও কিছু নেই, অকন্মাৎ কলকাতা থেকে এক ভদ্রমহিলা এদে আমার প্রশান্তি ভক্ত করলেন। এখন এর পরিণাম কী হবে! এত দূর এগিয়ে তার পরে পেছিয়ে বাওয়া ভালো দেখায় না। পেছিয়েই যদি যাব তবে চিঠিওলো ফেরত দিলেই চুকে যেত। পিগুল বার করে বীরপুক্ষ সাজার দরকার

কী ছিল! কবিরা ধে বীরপুক্ষ নয়, বাল্মীকি যে রামচক্র নন, ব্যাসদেব বে অন্তর্ন নন, কে না জানে! দিদি উপহাস করতেন, কিন্তু কিছু মনে করতেন না। তাঁর চোথে বীরপুক্ষ হতে গিয়ে বদ্ধ বেশি দ্ব এগিয়েছি। কা এক অনিৰ্দিষ্ট নিয়তির পানে পা বাড়িয়ে দিয়েছি। জীবনের বড় বড় ঘটনাগুলোর স্ত্রপাত এই রক্ষ ছোটখাটো ঘটনা থেকেই হয়।—বলতে লাগলেন প্রিয়দর্শনদা।

আমি কবি প্রিয়দর্শন, আমার কী দরকার ছিল পরের চিঠি পড়ার ।
কোন কাজের কী পরিণাম তথন যদি জানতুম তা হলে আমার
ফ্রদমনীয় কৌত্হলকে অঙ্গ্রেই বিনাশ করতুম। কিন্তু তথন সেটা
বীরত্বের ছদ্মবেশ পবে এসেছিল। তাই সেটাকে কৌত্হল বলে চিনতে
পাবিনি।

চিঠিগুলো পড়তে হবে এমন কোনো বাধ্যবাধকতা ছিল না। না পড়লেও চলত। পড়ব বলে তুলে বেথেছিলুম বলে পড়বই পড়ব এমন কোনো প্রতিশ্রতি দিইনি। অনায়াদে বলতে পারতুম, এই নিন, দিদি, আপনার চিঠির তাডা। পবের চিঠি পড়া আমার দারা হলো না। বিবেক অফুমতি দিল না।

কিন্তু দিদি তা শুনে কী মনে করতেন! হয়তো ঠাওরাতেন কবিদের কাব্য এক বকম, জীবন আর এক বকম। কবিতা বীরবন্দে পূর্ণ, জীবন ভয়ভাবনায় ভরা। বেচারা প্রিয়দর্শন গোটা কয়েক বীরবদের কবিতা লিখেছে বলে এমন কী অপরাধ করেছে যে তাকেপ্রমাণ করতে হবে দে কাপুরুষ নয়, দে বীরপুরুষ। আচ্ছা, ভাই প্রিয়দর্শন, তুমি নিরাপদে বেঁচে বতে থেকে বাজলোহ সমাজলোহ বাচিয়ে কাগজে কলমে দেশ উদ্ধার করতে থাকো। খিজেল্ললার্লের অমর স্পষ্ট নন্দলালের মতো তুমিও অমর হও। তোমার কাছে বীরবদের কবিতা চাইতে আশা উচিত ছিল। তা না করে বীরোচিত জীবন চাইতে এসেছিলুম। আচ্ছা, এর পরে যদি কথনো বীরস্কপূর্ণ কবিতার প্রয়োজন হয় তোমাকে জানাব।

কাব্যের সঙ্গে জীবনের সঙ্গতি থাকবে, এরপ একটা প্রত্যাশা আমার নিজের কাছে নিজের ছিল। দিদির ছিল কি না জানিনে। মনে হলো দিদিরও আছে। প্রত্যেক পাঠকের আছে। বে কবিতা নিখবে দে কবিতার মতো করে বাঁচবে, তবেই তার কবিতা সার্থক, তার জীবন সার্থক। আমার এই প্রত্যের আমাকে বীরোচিত জীবনের প্রারোচনা দিয়েছিল বলেই না আমি বাজন্মোহেব কবিতা লিথে কারাবরণ করলুম। একবাব কারাবরণের পরে আমি নিজের চোথেই বখেই বড় হয়েছিলুম। দিদির চোথে বড হতে চাওয়া বিচিত্র নয়। অস্তত ছোট হতে যাওয়া অস্বস্থিকর।

এই বৃক্ষ সাত-পাঁচ ভেবে চিঠিগুলো পড়তে বসল্ম। বিবেকেব বাধা মানল্ম না। কতক চিঠি আভা দেবীর লেখা। কতক শিববাবৃব। অবশিষ্ট দিদির, অর্থাৎ অমূপমা দেবীর। তিন জনের ধরন তিন রকম। হাতের লেখা, লেখার ভাষা, বলার কথা। মনে হলো যেন আমবা চার জনে মিলে আলাপ কবছি। আমিও একজন। আমাব যোগদান অপর তিনজনের অলক্ষ্যে, তব্ আমিও তাদেব সঙ্গে উপঞ্চিত। আমর্য় চার জনে মিলে চতুর্ক। আশ্চর্ষ এ কথা মনে আসতেই বিবেকের ভাব একেবারে হাল্কা হয়ে গেল। বাধা তো পেল্মই না, বাধাব কল্পনা কোথায় মিলিয়ে গেল।

আমিও চত্রক্ষের অক। আমারও এই উপাধাানে একটা অংশ আছে। এত দিন এ উপগ্রাস শেষ হয়নি আমারি অপেকায়। আমার ভূমিকায় আমাকে অভিনয় করতে হবে, এই হচ্ছে জীবন-নাট্যকারের নির্দেশ। আমার সাধ্য কী বে আমি এড়িয়ে থাকব আমার নিয়তি।

চিঠিওলো পড়ে চলনুম। পড়তে পড়তে কৌতৃহল বাড়তে লাগন। স্ফে স্ফে বাড়তে লাগল ভয়, লজা, কোখ। একটা কী-করি, কী করি ভাব এলো। মাথার চুল ছিঁড়ি আর ভাবি, কী করা থায়, কী করা উচিত। ফেন কেউ আমায় মাথার দিব্যি দিয়েছে যে কিছু একটা করতেই হবে। না করলে নয়।

আছুত! না? এখন পিছন ফিরে তাকাচ্ছি আর নিজের মৃঢ্তায় অবাক হচ্ছি। নিরাসক্ত ভাবে বিচার করলে মনে হবে, কিছু না করলেও চলত। চিঠিপুলো ফেরত দিয়ে বললেই যথেই হতো বে, আমার কিছু করবার নেই। আমি বড় জোর কিছু পরামর্শ দিতে পারি। কিছু পরামর্শ দেবার মধ্যে পৌক্ষ কিছুমাত্র ছিল না। পরামর্শ চাইছেই বা কে! দিদি চান একটা হাতে কলমে সমাধান। যাকে দিয়ে তাইতে পারে তেমন মাহ্য তাঁর মতে প্রিয়দর্শন ভন্ত। কারণ এই লোকটি কেবল কবি নয়, কেবল বাক্যের সঙ্গে বাক্যের মিল দিয়ে কান্ত নয়, কবিভার সঙ্গে জীবনেরও মিল দিয়ে থাকে। নইলে জেল খাটতে যায় কোন্ হুংথে!

বিশ্রী চিঠি। বীভংস ব্যাপার। সব কথা তোমাকে বললে তুমিও কানে আঙুল দেবে। সব কথা আমার মনেও নেই। এই চোদ-পনেরো বছরে বিশুর ভুলেছি। ইচ্ছা করেই ভুলেছি। তবু যা স্মরণ আছে তাই বা কম কী। তোমার অত সময় নেই, তা ছাড়া আমি গুছিয়ে বলতেও জানিনে। যা মৃথে আসছে বলে যাচিছ। লিখতে বসলে অন্ত রক্য করে লিখতুম।

শোন। শিববাবুরা প্রাচীন জমিদার বংশ। শরিকান প্রজে
শিববাবুর ভাগে যা পড়েছিল তা মর্যাদার সঙ্গে বাস করার পক্ষে যথেষ্ট
নম। এরপ ক্ষেত্রে অপরে যা করে থাকে, শিববাবুও তাই করলেন।
অর্থাৎ বড়লোকের বাড়ী বিয়ে। অবস্থার দিক থেকে বড়লোক,
কিন্তু সম্প্রমের দিক থেকে ছোট। এই কারণে জীকে তিনি বরাবর একট্
অবস্থার চোথে দেখতেন। অথচ অপূর্ব স্ক্রনী তাঁর জী। কেবল

রূপবভী নন, গুণবভী। তথনকার দিনে লেখাপড়ার সঙ্গে বিয়ের কোনে সম্বন্ধই ছিল না। তা সব্বেও তিনি লেখাপড়া শিথেছিলেন ভালোই। তাঁর দাদা অধ্যাপক। বোনকে নিজের হাতে গড়েছিলেন তাঁরই মতো কোনো অধ্যাপকের ঘরণী হবার জন্মে। বাবা আবগারি কর্মচারী। বহু টাকা জমিয়েছিলেন, তার জোরে জাতে উঠতে চেয়েছিলেন জমিদার বংশে মেয়ের বিয়ে দিয়ে। জামায়ের পড়াওনা বেশি নয়, কিছু জমিদারী সংক্রান্ত কাজে সহজাত নিপুণতা ছিল। অস্তান্ত শরিকের সম্পত্তি তিনিই দেখাগুনা করতেন। পরে তিনি অপরের ম্যানেজার হন। অনেক জায়গায় ম্যানেজারি করার পর কুমার রাধিকামোহনের ম্যানেজার হয়ে আসেন। চিটিগুলো বিভিন্ন সালে বিভিন্ন জমিদারী থেকে লেখা।

পর পর তৃটি সন্তান হবার পর আভা দেবী লক্ষ করলেন—কী
লক্ষ করলেন তা কি তোমাকে অত কথার খুলে বলতে হবে? আছ্রা,
। হলে শোন। তিনি লক্ষ করলেন—নাঃ আমি বলতে পারব না।
তৃমিই যা হয় এক রকম কল্পনা করে নিয়ো। মোট কথা, শিববার্
আর ছেলেপুলে চাইলেন না। বললেন, জমিদার বাড়ীতে তৃটিই যথেষ্ট,
নইলে সম্পত্তি ভাগ হতে হতে কড়া ক্রান্তিতে ঠেকবে।

স্ত্রীর মনে হংখ হবে তিনি তা জানতেন। ব্যথার উপর প্রকেপ দিতেন এই বলে দে, অভিজাতদের নীতিশাল্প ও মধাবিত্তদের নীতিশাল্প এক নয়। তাঁদের মৃল্যবোধও স্বতন্ত্র। অভিজাতরা লীর রপলাবণ্যকে এড-বেশি মৃল্য দেন ধে, ল্লীকে বহু সন্তানবতী হতে দেন না। সেইজ্লে হটি একটি সন্তান হবার পর লীর কাছে আসেন না। অভাত্র বান। আর মধ্যবিত্তরা একত্রবাসকে এত বেশি মূল্যবান মনে করেন যে লীকে বহু সন্তানবতী হতে দিয়ে তার রপলাবণ্য ধ্বংস করেন। তবু পারত-পক্ষে অভাত্র বান না। বড় ঘরের মহিলারা সারা জীবন স্করী থাকেন। ছোট ঘরের মেয়েরা অকালে বৃড়িয়ে যায়। বৃর্জোয়া মরাল কোড এর জরে দায়ী। কিন্তু শিববাব তো বৃর্জোয়া মরাল কোডের ছারা শাসিত নন। তাঁকে শাসন করে য়ারিস্টোক্র্যাটিক মরাল কোড। তাঁর জ্বীকেও।

স্বামীর চিঠিতে এদব, তবকথা পড়ে আভা দেবী যেমন আহত তেমনি অপমানিত বোধ করতেন। সন্তানজননীকে আত্মহত্যার চিন্তা মনে আনতে নেই। তবু সে চিন্তা বার বার উদর হতো। মোলার দৌড় মসজিদ অবধি। মেয়েদের দৌড় বাপের বাড়ী। কমেক বার দৌড দিয়ে দেখলেন তাতে বাপ-মাকে বিব্রত করা হয়। স্বামীকে প্রকৃতিস্থ করা হয় না। তা ছাড়া ছেলেমেয়েরই বা অপরাধ কী! কেনই বা তারা পবের বাড়ী মামুষ হবে! জমিদাববাড়ীর শিশু জমিদার বাড়ীতে মামুষ না হলে সহবৎ ভূলে যায়। আভা দেবীর মনেও আভিজাত্যের ছোয়াচ লেগেছিল। তা বলে তিনি অভিজাত্দের মরাল কোড় মেনে নিতে রাজী ছিলেন না।

আচ্চা, তুমিই বলে। এ ছাডা আর কী উপায় আছে যাতে ভোমার ও কপযৌবন রক্ষা হয়, আমারও বিষয়সম্পত্তি ? প্রশ্ন করতেন শিবনার্।

আভা দেবী এর উত্তর দিতে গিয়ে নিজের ফাঁদে নিজে পা দিতেন।
এক বাব বললেন, ব্রদ্ধান্থ বামী বেন এই কথাটির প্রতীক্ষায় ছিলেন।
বললেন, এই তাে আমি চাই। তুমি মনে প্রাণে এই নিয়ে থাকো।
আমার কথা যদি বলাে, আমি পাপী তাপী মাহ্য। জমিদারী সেরেস্তায়
কাজ করতে গিয়ে হ'বেলা কত পাপ করতে হচ্ছে। পাপের মধ্যে
আকঠ ভূবে রয়েছি আমি। আমার কি সাধু হওয়া সাজে। বলাে
তাে সাধু হয়ে বনে চলে যাই। তথন এ সংসারের ভার তােমার উপর
পড়বে কিস্কা।

চিঠিপত্তের এই পর্যন্ত পড়া বন্ধ করলে শিববাবুকে আমি খুব বেশি দোব দিতে উত্তত হতুম না। কিন্তু এর পরে বা এলো তা ভয়ত্ব। আভা দেবী কেমন করে জানতে পেলেন যে তাঁর স্বামী তান্ত্রিক দীকা নিয়েছেন। রাত্রে শ্রশান অঞ্চলে গিয়ে ভৈরবীচক্রে বসেন। বলা বাহল্য ব্রন্ধচারিণীর সঙ্গে নয়। তান্ত্রিক সাধনায় পঞ্চ ম'কারের বাবস্থা আছে। তিনি ভার কোনো একটিকে অবহেলা করতেন না। এই নিয়ে স্বামী-স্ত্রীতে এক দফা পত্রবিভক্ত চলল।

শিবৰাৰ বনলেন, তোমাকে ভালোবাদি বলেই এদৰ কবি। উপপত্নী গ্ৰহণ করলৈ কি তুমি স্থী হতে ?

আভা দেবী বললেন, তা বলে তুমি ধর্মের নাম করে কতগুলো গরিবের মেয়ের ধর্মনাশ করবে ! তার চেয়ে গণিকা ভালো।

শিববাব ্যেন এই কথাটির জ্ঞান্ত ফাঁদ পেতে অপেক্ষা কবছিলেন। বললেন, তাতে যদি তুমি স্থী হও তা হলে সেই ভালে।। আচ্ছা, এথন থেকে তোমার কথা রাথব।

আভা দেবী নিজের বাক্যের জালে নিজেই বন্দী হলেন। কী করবেন উপায় খুঁজে পেলেন না। কেমন করে স্বামীকে ফেরাবেন! লোকটা থে তাঁকে ভালোবাদে না তা নয়। কিন্তু লোকটা ভালো লোক নয়।

এই সিদ্ধান্তে পৌছাবার পর তিনি দিদিকে স্মরণ করলেন। এখন থেকে দিদির সঙ্গে চিঠিপত্র শুরু। বছর তুই ধরে দিদির সঙ্গে চিঠি লেখালেথি চলল।

ইভিমধ্যে তিনি আবিষ্কার করলেন বে তাঁর স্বামী তাঁর বেনামীতে তালুক কিনতে আরম্ভ করছেন। টাকা কোথায় পেলেন ? জীর কাছে তোঁ চাননি। অমুসন্ধান করতে করতে যা জনতে পেলেন তা রোমহর্ষক। একটা ভাকাতের দলের সঙ্গে নাকি তাঁর স্বামীর বন্দোবন্ত ছিল। তিনি ভাদের আইনের হাত থেকে বাঁচাবেন, তারা তাঁকে বথরা দেবে।

একখা কানে আসতেই তিনি কলকাতা গিয়ে দিদির বাড়ী উঠলেন ও সেখান খেকে পথেকেপ করলেন। আর এক দলা মসীযুদ্ধ চলল। দ্রী প্রশ্ন করবেন, এসব কী শুনছি! তোমার কি ধর্মাধর্ম জ্ঞান নেই ? স্বামী উত্তর দিলেন, কেন? উকিলেরা তো নিত্য ঐ কর্ম করছে। ভরা আদালতের সাহায্যে করে। আমি পুলিশের সাহায্যে করি। এমন কী তফাৎ?

এটা কি অভিজাতদের উপযুক্ত কর্ম ? উকিলর। কি অভিজাত ?
তা যদি বলো, আমাদের সাত পুরুষ এই ভাবে ধনসংগ্রহ করে
এদেছে। এমন কোন জমিদার বংশ আছে যে বংশের কেউ না কেউ
ডাকাতের দল পোষেনি ? লাঠিয়াল বলে দিনের বেলা যাদের পরিচম্ব
ছিল রাত্রিবেলা ভাদের অন্য রূপ দেখা যেত, যথন এত বেশি থানা পুলিশ
ছিল না।

তা বলে তুমি লুটের ধন দিয়ে আমার নামে সম্পত্তি কিনবে!

তোমাকে ভালোবাদি বলেই তোমার নামে কিনি। আমি বেদিন থাকব না তুমি দেদিন ভোগ করবে। তুমি ও ভোমার পুত্রকক্ষা। যদি ভাগ করবার মতো সম্পত্তি হাতে পাই তা হলে সব ছেডেছুড়ে দিয়ে আবার তোমার কাছেই ফিরে আসব। আবো হবে।

ইঙ্গিডটা এত স্পষ্ট যে আভা দেবী থ' হয়ে গেলেন। চিঠি লেখা তখনকার মতে। বন্ধ হলো। তিনি দিদিকে ধবে বসলেন তাঁকে থেন আর স্বামীর ঘর করতে না হয় এমন একটা উপায় বাতলে দেন। এবার তিনি ছেলেমেয়েকে সঙ্গে নিয়ে যাননি। কাজেই তাদের খাতিরে ফিরে স্বাসার আবশুক ছিল না। তবে তাদের দেখতে ব্যাকুলতা ছিল বৈকি। সেইজয়ে স্বামীব সঙ্গে বগ্লাড করতে সাহদ হচ্ছিল না।

দিদি বললেন, পাগলী, স্বামীর ঘর না করে কেউ পারে! অমন কথা চিস্তা করাও পাপ। স্বামী যদি অন্তায় করেই থাকে তবু তাকে ত্যাগ করতে নেই। তাকে অন্তায় থেকে নিবৃত্ত করাই কর্তব্য। দ্ব থেকে সেটা সম্ভব নয়। নিকট থেকেই সম্ভব। তোমাকে ফিবে গিয়ে শামীর প্রাত্যহিক জীবনের উপর প্রভাব বিস্তার করতে হবে। শামীও তো বলতে গেলে ছেলের মতো। ছেলেকে কি কেউ ফেলে আসতে পারে! তাকে নিজের হাতে মাহুষ করতে হয়। তা তৃমি তো ছেলেকেও ফেলে এসেছ। মেয়েকেও।

আভা দেবী কিছুতেই বাজী হলেন না। দিদির কাছে দিনের পর দিন কাটালেন। দিদি তাঁর আপন দিদি নন। পরের মেয়েকে কভ কাল আশ্রয় দেবেন! তার স্বামী যদি দাবি করে তথন কী করবেন! শিববাব্কে চিঠি লিখে ন্ডোক দিয়ে তিনি কত কাল নিরন্ত করবেন!

দিদি যথন দেখলেন যে আভা দেবী কিছুতেই যাবার নাম করবেন
না তথন নিজেই তাঁকে তাঁর স্বামীর ঘরে পৌছে দেবার আয়োজন
করলেন। তাঁর একজন দূর সম্পর্কের আত্মীয় ছিলেন শিববাবৃর
কর্মস্থানে। তাঁকে টেলিগ্রাম করে কলকাতায় ডাকিয়ে নিয়ে ব্যাপারটা
বথাসম্ভব রেথে ঢেকে বৃঝিয়ে বললেন। আত্মীয় শশব্যস্ত হয়ে তাকে কী
একটা উপলক্ষ্যে নিমন্ত্রণ করলেন। বোধ হয় অন্ধ্রপ্রাশনেব। সকলের
জন্মে যথাযোগ্য উপহার কিনে দিদি চললেন অন্ধ্রাশনের নিমন্ত্রণ বক্ষা
করতে। সক্বে আভা দেবী।

তারপর আমাদের মহকুমা শহরে কলকাতার সেই ভত্তমহিলার সদম পদার্পন। নাকে দেবার জন্মে ভাগ্যিস এক রাশ রুমাল এনেছিলেন। নইলে তিনি সেই দিনই ফিরতি টেন ধরতেন। তা হলেও আমাদের পক্ষিরাজের গাড়ীতে চড়ে তাঁর পক্ষাঘাতের মতো হয়েছিল। দিন কয়েক বিশ্রাম করতে বাধ্য হলেন। ইত্যবসরে শিববার্ সম্বন্ধে তন্ন তন্ন করে সন্ধান করলেন। ধোলা মন নিয়ে এসেছিলেন, আগে থেকে বিচারফল স্থির করে আসেননি। কিন্তু সন্ধান করে বা জানলেন তা জাভা দেবীরও জ্ঞানা। লোকটা খুন পর্বন্ধ করিয়েছে। একবার যদি তার মাথায় ঢোকে যে অমৃক আমার শক্র-তা হলে অমৃকের ভিটে মাটি উচ্ছন্ন তো করবেই, বাধা পেলে মিথা। মামলা সাজাবে, তাতে যদি সে খালাস পায় তবে তাকে মারতে মারতে মেরে ফেলার ছকুম দেবে। যারা বেঁচে গেছে তারা দেশ ছেড়ে পালিয়েছে, আর শক্রতা করেনি। যারা মরে গেছে তারাও শক্রতা করতে পারছে না।

আভা দেবী যে এই রাক্ষদকে নিজের সংপ্রভাবের দারা মাছ্রফ করতে পারবেন, এ বিশাস ক্রমে হারিয়ে ফেললেন দিদি। বোনটিকে এর হাতে দিয়ে যাওয়ার চেরে একে শুদ্ধ কলকাতা নিয়ে যাওয়াই নিরাপদ। তার পর দেখানে তিনি স্বয়ং এর উপর প্রথম দৃষ্টি রেথে এর স্বভাবের পরিবর্তন যাতে ঘটে তার কিনারা করবেন। কিন্তু তার সঙ্গে যাবেই বাকেন এ?

দিদি দেখলেন শিববাবুকে এখান থেকে কলকাভায় সরাতে হলে কুমার রাধিকামোহনের সেরেন্ডা থেকে ভাড়াতে হয়। কুমারকে তিনি চিনতেন না। কুমারের কে কে অন্তরঙ্গ তার থোঁজ নিতে গিয়ে তিনি পেরে গেলেন আমার থোঁজ। তখন তাঁর মাথায় একটা বৃদ্ধি থেলে গেলেন আমারে থোঁজ। তখন তাঁর মাথায় একটা বৃদ্ধি থেলে গেল। আমাকে দিয়ে কুমারকে প্রভাবিত করে শিববাবুকে বরখান্ত করাবেন ও নিজে তাঁর হিতৈষী সেজে তাঁকে কলকাভা নিয়ে যাবেন অক্সকোনো চাকরির আশা দিয়ে। শিববাবু গেলে আমিই তো ম্যানেজার হব, স্করাং আমারও স্বার্থ তাঁকে তাড়ানো। এইজন্মে আমার কাছে আসা, আমাকে চিটিপত্র পড়তে দেওয়া, বড়বজের শরিক করা। আমাকে দিয়ে এ কর্ম যদি না হয় তা হলে আর কাউকে দিয়ে করানো যায় কি না সে কথাও তিনি ভাবছেন। সহজে হাল ছেড়ে দেবার পাত্রী নন তিনি।

ম্যানেজারটা যে এত বড় একটা শয়তান এত দিন আমার জান৷

ছিল না। বাণে আমার অন্ত:করণ জলছিল। এই লোকটার সঙ্গে একই জমিদারী সেবেন্ডার কান্ধ করতে ঘেরা বোধ হচ্ছিল। ভাবছিলুম কুমারকে বলব, আমাকে ছেড়ে দিন, আমি আর কোথাও চলে যাই, এথানে আমার অনেক দিন থাকা হলো, কবিদের কি কোনে। এক জারগার চিরদিন থাকতে ভালো লাগে।

কিন্ত বিষয়টা আমার স্থগত্থে নয়, আভার স্থগত্থে। ওকে আমি
নিজের বোনের মতো মনে করতে শুক করেছিলুম। আমি চলে গেলে
ওর ত্থে কমবে না, বল কমে থাবে। ওকে অমন অবস্থায় ফেলে বাওয়া
কাপুক্ষতা। তা বলে ম্যানেজারের মতো একটা শ্বতানের অধীনে
কাজ করাও পুক্ষোচিত নয়। আভাকে আর কোথাও নিয়ে বেতে
পারলেই দব চেয়ে ভালো হতো। তা যদি সম্ভব না হয় তা হলে
শিববাবুকে বর্থান্ত করাই মন্দের ভালো। তাতে আমারও শান্তি,
দিদিরও অভীইদিদ্ধি। কে জানে হয়তো অভারও দাম্পতা স্থা।

আভাকে আর কোথাও নিয়ে যাবার কথা ভেবে দেখলুন।
আইভিয়াটা আমার নয়, আভার নিজের। দে আর এমন স্থামীর
ঘর করতে চায় না। যার ধর্মাধর্মজ্ঞান নেই তার সহধ্মিণী হওয়া
তো পাপের ভাগী হওয়া। লোকটা ডাকাতি করতে করতে কোন
দিন ধরা পড়বে। খুন করতে করতে কোন দিন ফাঁসি যাবে।
আমীর ঘর ছেড়ে আর কোধাও চলে গেলে যদি আমীর চৈত্তক্ত
হয়। চৈত্তক্ত হলে পরে তথন ফিরে আসা যাবে। তার আগে নয়।

কিন্তু গোড়ায় গলদ আভার ছটি শিশু। বড়টির বয়স সাতআটে। ছোটটির পাঁচ-ছয়। কিছু দিন এদের মমতা কাটিয়ে আর
কোথাও থাকা যায়। কিন্তু দেই কিছু দিন কি চৈতন্ত সঞ্চারের
পক্ষে যথেষ্ট ? ভগ্বানের বিশেষ করুণা বিনা অত কম সময়ে
কারো চৈডক্ত উদয় হয় না। সহজ বৃদ্ধিতে মনে হয় এ পাকা

খুঁটি এক চালে কাঁচবে না। দীর্ঘকাল অপেক্ষা করতে হবে।
সব্রে মেওয়া ফলে। কিন্তু সব্র করতে হলে শিশু ফুটকেও সঙ্গে
নেওয়া চাই। তা কি সন্তব! বাপ যদি দাবি করে তথন? আইন
তো বাপের দিকেই ঝুঁকবে। যে জননী স্বামীগৃহে বাদ করে না
তার চরিত্র সম্বন্ধে নি:সন্দেহ না হলে আদালত তাকে তার সন্তানের
ভার দেবে না। তা ছাড়া থোবপোষের প্রশ্ন আছে। বাপ যদি
না দেয় মা কার কাছে হাত পাতবে! নিজের কী করে চলবে
দেই ভাবনাই যথেষ্ট। এমন বাশ্মীকি মুনি কে আছেন বে সীতাকেও
দেখবেন, তার শিশু ভুটকেও পালবেন?

এক বার থেয়াল হলো, কেন, আমি তো আছি। কবি প্রিয়দর্শন কী করে মহাকবি হবে যদি বাল্মীকিব মতো মহান দায়িত্ব বহন করতে না পারে? সীতা বাল্মীকির কেই বা ছিলেন! আভা প্রিয়দর্শনের নাই-বা হলো কেউ। একটি তু:খিনী নারীব জল্মে আপনাকে উৎসর্গ করা কি একটা মহৎ ব্রতের জল্মে আপনাকে উৎসর্গ করা নয়? যার জীবনে তেমন কোনে। মহৎ ব্রত নেই, কোন্ চালাকির দ্বাবা সে মহাকবি হবে?

ভাবতে লাগলুম। এখন হাদি পাম, কিন্তু আমার নিজের উপর
আগাধ বিশাদ ছিল। মহাকবি? হাঁ, মহাকবি হবার দন্তাব্যতা আমার
মধ্যেও আছে। দন্তাব্যতাকে স্থাোগ দিলে দে একদিন দন্তবের পর্যায়ে
উঠবে। স্থাোগ কি গাছে ফলে? এই ভো স্থাোগ। এ ধরনের
স্থাোগ ক'জনের জীবনে আদে! একটা চাকরি, একখান। বাজী, একটি
স্থী, এসবকে যদি প্যোগ বলোতো বছ লোকের জীবনে এ স্থাোগ জ্টেছে।
অথচ তারা কেউ মহাকবি দ্বের কথা, বড় কবি হয়নি। তার কারণ,
স্থোগ বলতে কবির জীবনে যা বোঝায় তা স্থেবর স্থাোগ নয়, তা
ত্থেবর স্থাোগ। বিপদের স্থোগ, সহটের স্থাোগ; সংঘাতের স্থােগ।

है। इरवान এमেছে आमात औतता। महाकृति वालीकित कीवतन

বে স্থবোগ এসেছিল। আমি যদি এ সন্ধটে উত্তীর্ণ হই তা হলে বিশ্ব-সাহিত্যে অমর হব। নয়তো বাংলা সাহিত্যের এক কোণে একটি কুলুন্দিতে আসন পাব। লোকে বলবে, ভদ্র কবি।

এমন একটা ঝড় বইতে লাগল আমার অন্তর্জীবনে যে আমাব বহিজীবনও তার দাপটে বিপর্যন্ত হতে বদল। মাদী বৃঝতে পারলেন না আমার কী জালা। কেন আমি অমন ছটফট করছি ? কী আমার বিপদ ? কেন আমার মুখ অত ফ্যাকাশে ? আমাকে বাব যার জিজ্ঞাদা করেন, হাঁরে, তোর কি কোনো অস্থ্য কবেছে ? কই, না তো। গা তো গরম নয়। যা তুই এক বার ডাক্তাবকে দেখিয়ে আঘ়। আমি ভাকে অভয় দিয়ে বলি, ও কিছু নয়। একটা তুর্ভাবনা। দেশের জন্তে ভাবছি। আবার করে জেলে যেতে হবে।

তারপর দিদি এলেন নিদিষ্ট দিনে নিমন্ত্রণ বক্ষ। করতে। প্রথম কথা, চিঠিগুলো পড়া হয়েছে ? বিতীয় কথা, কী করতে বলো ?

বলনুম, আভার দিক থেকে বিবেচনা করলে তুটি পথ আছে। একটি—আপনার দেখানো পথ। আর একটি—আমার দেখানো পথ। আমার দেখানো পথটা আমার দেখানো পথটা মন্দের ভালো। অথন আ ভার যেটা অভিফচি।

ভিনি জানতে চাইলেন আমার দেখানো পথ কোন্টা। বলনুম, আমীর ঘর থেকে দীর্ঘকালের জন্মে বিদায় নেওয়া। ছেলেমেয়ের মমতা কাটানো। স্থামীর চৈতন্য উদয় হলে ফিরে আসা। না হলে, না আসা। প্রিয়দর্শনদা বলে চললেন-

তার পবে দিদির সঙ্গে আমার মতভেদ ক্রমে বাডতে থাকল। আভাকে তিনি ছটোর একটা পথ বেছে নিতে দেবেন না। তার অভিফচির উপর নিজের অভিফচি আরোপ করবেন। ওতেই নাকি তাব কল্যান।

দিদি বললেন, "তোমবা ছেলেরা মেয়েদের দিক থেকে ভাবতে পারে।
না। মেয়েরা দিজ হয় যখন বাপের ঘর থেকে স্বামীর ঘরে যায়। তাদের
বিবাহই তাদের উপনয়ন। স্বামী হয়তো পর হয়ে যায়। কিছ স্বামীর
ঘর তা বলে পরের ঘর হয়ে য়য় না। স্বামীর ঘর হচ্ছে নিজের ঘর!
নিজেব ঘর কেউ কখনো ছাডে? তোমরা একালের লেখকেরা মেয়েদের
বে সব ময়ণা দিচ্ছে দে-সব শুনলে আমার রাগ ধরে। ঐ বে কী ওর
নাম! দেন গো সেন! বদির ছেলের মতো নাম।"

"নবেশ দেন ?"

"না, না। বিলিতী বদি। মনে পড়েছে। ইবদেন। মুখপোড়া একটা নাটক লিখেছে। স্বামীর ঘর নাকি পুতৃলের ঘর। মেয়েটা চলে গেল স্বামীর ঘর ছেড়ে। স্বামী দোব করেছে, তা বলে স্বামীর ঘর কী দোষ কবল শুনি! তোমাদের দব উলটো বিচার। ববি ঠাকুরকে আমুমি মুনি ঋষি বলে জানতুম। তিনিও শেষ কালে 'ল্লীর পত্র' লিখলেন। তোমবা ছেলেরা মেয়েদের দিক থেকে ভাবতে পারো না। তাই এমন দব দাওয়াই বাতলাও যা রোগের চেয়েও মারাআক।"

আমি বলল্ম, "আছা, আভা তো ছেলেমাহুধ নয়। সে নিজেই স্থির কক্ক কিনে ভার মকল, কোন পথে গেলে ভড।" "নে আমার জানাই আছে। যেখানেই যাক স্বামীর সঙ্গেই তাকে বেতে হবে। স্বামীর সংগ থাকতে হবে। স্বামীর চরিত্রের যাতে উন্নতি হয় তা করতে হবে। স্বামীকে ছেড়ে স্ত্রীর মৃক্তি? ইবসেনের মুখে আগুন।"

ইবসেন আমার প্রিয় লেখক। তখনকার দিনে আমরা সবাই তাঁর কাছে কিছু না কিছু ঋণী ছিলুম। দিদির কিন্তু তাঁরই উপর বাগ। রবীন্দ্রনাথকেও তিনি ক্রমা করবেন না। আমার সঙ্গে তা হলে তাঁর কোন্ স্ত্রে মিলবে!

বলনুম, "দিদি, আপনি আভার হিতাকাক্ষী। আমিও তাই। কিন্তু আপনি কিন্তা আমি তার মতো বিপদে পডিনি। কাজেই আমাদের পরামর্শ চোথ বুজে মেনে নেওয়া তার পক্ষে অমুচিত। দে তার নিজের দিক থেকে বিবেচনা করে দেখুক। হয়তো আপনার পরামর্শই শেষ পর্যন্ত গ্রহণ করবে।"

ভিনি আমার দিকে কটমট করে ভাকালেন। ভার পরে কী মনে করে হাসলেন। "তোমরা এ কালের ছেলেরা মেয়েদের যতটা স্বাধীনতা দিতে চাও ততটা ভাদের সইলে ভা ! তুমি ভাবছ দিদিটা কী রক্ষণশীল! আভাকে এইটু কু স্বাধীনতা দিতে চায় না বে, সে তার নিজের পথ বেছে নেবে। না বাপু। দিদি ভেমন রক্ষণশীল নয়। দিদিও স্বাধীনতাব পক্ষণাতী। কিন্তু যেখানে সামান্ত তুল করলে পরম সর্বনাশ, সেখানে ভুল করার স্বাধীনতা নিজের ছোট বোনকে দিতে তুমিও রাজী হবে না, প্রিয়দর্শন।"

এর পরে আর কথা চলে না। আমি জানতে চাইলুম, "তা হলে আমাকে কী করতে হবে, দিদি ?"

"তা কি তোমাকে এক বার বলেছি? আবার বলি; শোন। কুমারকে বলে শিবুর ম্যানেজারিটা বুচিয়ে দাও। যদি তোমার মৃথে বাধে তা হলে নাপিতকে দিয়ে বলাও। তাও যদি না পারো, কুমারকে কলকাতা নিযে চলো, দেখানে আর কাউকে দিয়ে বলাব। এইটেই একমাত্র পথ। আর যেটাকে পথ বলছ দেটা বিপথ।

আমি আমান মন: ন্থিব করেছিল্ম। সাফ বলে দিল্ম, "আমাকে দিয়ে হবে না, দিদি। আমি কিছুতেই পরের বিক্দ্ধে চক্রান্ত করতে পাবব না। তার চেয়ে নিজে ইন্তফা দিয়ে সরে যাব। কুমারের সঙ্গে দেখা হলে বলব, আমাকে ছুটি দিন। আমার বদলে অগ্র লোক নিন।"

"ওমা! তুমি ইন্তফা দেবে কোন্ ছ:খে! তোমাকে থেতে বলছে কে!"

"না, দিদি। ও রকম একটা তুর্জনের সঙ্গে একই সেরেস্ডায় কাজ করতে পাবব না। আমি তো ওর সহধর্মিণী নই যে ওর তৃত্বর্মের সঙ্গে জডিত থাকব।"

"দেইছন্মেই তো বলছি ওটাকে সরাও।"

"আমি স্বাবার কে। জমিদাবী কি আমাব নিজেব ! যার জমিদারী, সেই হয়তো একদিন সরাবে। তাব আগে আমি সরে যাব স্বেচ্ছায়। দিদি, আপনি আমাকে সর্পাদাত থেকে বাঁচালেন। সাপের সঙ্গে বাস করছি এ জ্ঞান আমার ছিল না। চিঠিগুলো পড়ে এই উপকারটুকু হলো। আভার দু:থ দূর করা আমার সাধ্য নয়। কিন্তু এ রাজ্যে আমি আর থাকছিনে।"

দিদি ক্ষ হলেন। কিছুকণ চুপ করে থেকে বললেন, "আমার দোবেঁ তোমার চাক্রিটা গেল। অথচ আমারও স্থবিধা হলো না।"

দিদিকে বিদায় দিয়ে আমি আমার তল্পিতল্পা গুটানোর যোগাড় করলুম। তার পরে একদিন কুমারকে গিয়ে বলব যে আমার ছুটি চাই। আপাতত হাওয়া বদলের জন্তে পুরী, তার পরে কাজকর্মের সন্ধানের জন্তে কলকাতা। পুরী বাব তনে মানীর মূখে হানি ফোটে। কিন্তু আমার মুখ তেমনি ফাাকাশে।

দানবের সঙ্গে লড়াই না করে চলে যাচ্ছি। তার কবলে ফেলে যাচ্ছি
একটি অসহায় মানবীকে। কে জানে কী আছে বেচারির কপালে!
মনটা হছ করতে থাকল। গোটা কতক কবিতা লিখে কিছুটা শান্তি
পেলুম। কবিতা আছ আমার ডাক গুনে আসে না। তখনকার দিনে
ডাকলেই আসত। আমার মাধায় শান্তির হাত বুলিয়ে দিত। আমার
একমাত্র প্রিয়া।

কুমাবের দক্ষে দেখা করতে যাব এমন সময় একখানা চিঠি এলো আমার নামে। ভাকের চিঠি। কিন্তু স্থানীয় ভাকঘবের মোহব দেওয়া। বলে দেখলুম—আভা। দে কেমন কবে জানতে পেরেছে আমি চাকরিতে ইস্কদা দিয়ে চলে যাছিছ। আমাকে মাথার দিবিা দিয়ে লিখেছে, আমি বেন অমন কাজ না করি। বলেতে আমি যদি ও কাজ করি তা হলে দেশের লোক আমার দেবা থেকে বঞ্চিত হবে, কারণ আমি যে লোকাল বোর্ডের চেয়ারমান। জনসাধান্য একজন বান্ধব হারাবে। কাবণ আমি যে হিন্দু-মুসসমানে সমদশী। পুলিশের স্পর্দ্ধা বেডে যাবে, মহাকুম হাকিম ধরাকে দরা জ্ঞান করবে। আর ওই ম্যানেজার! কবি ও চেয়ারম্যান বলে আমার প্রতি ওর ভয়ভর ছিল। আমি চলে গেলে ওর ভয়ভর থাকবে না। কুমার তো খোদামোদের বণ। তিনি কিছু বলবেন না। তা হলে কত লোকের জীবন ছর্বহ হবে। স্মৃতরাং আমি ধেন যাওয়া বন্ধ করি।

আভাব চিঠি। এ চিঠি আমি করনায় প্রত্যাশা করিনি। চমৎক্রত হলুম। কিন্তু বাওয়া বন্ধ করা কি উচিত ? এ রকম একটা দানবের সক্ষে জমিদারী সেরেন্ডায় কান্ধ করব ? আমার গায়ে কি তার পাপের দাগ লাগবে না ? গবন মেন্টের সক্ষে সহযোগিত। করব না বলে জেল খাটলুম। ডাকাতের সঙ্গে সহযোগিতা করব। তবু আছাকে ওর করলৈ ফেলে যেতে পা উঠছিল না। আডা আমার কেউ নয়। তা হলেও তার চিঠি থেকে মনে ২য়, তার জীবন ত্র্বহ হবে। আমার অবর্তমানে একটি মান্থ্যের জীবন ত্র্বহ হবে, আমি লোকটা এত গুরুজ-সম্পন্ন। তাই তো্ন।

দিদি ওদিকে তলে তলে কলকাটি টিপছিলেন। একদিন কুমার আমাকে ডেকে পাঠালেন। চুপি চুপি জানতে চাইলেন, কুডুলকাঠি ডাকাতীর মামলায় হাবু শেখ যে স্বীকারোক্তি করেছে ভাতে আমার নাম করেছে কি-না!

আমি লাফ দিয়ে উঠলুম। "আমার নাম।" কুমার বললেন, "হা। তোমার নাম।"

আমি পাগলের মতো বলবুম, "আপনি ভুল ওনেছেন। আমারে নাম নয়। আপনার গুণধর ম্যানেজারের নাম।"

কুমার অবাক হলেন। আমি বলে গেলুম, ম্যানেজারের বিরুদ্ধে যা কিছু গুনেছিলুম। ভবে তার পারিবারিক জীবন বাঁচিয়ে। কুমার আমাকে বিশাদ করতেন। আমি তাঁর অন্তর্ম বন্ধু। কোনোদিন আমি পরনিন্দা করিনে। ম্যানেজার দখদ্ধে তাঁর ধারণা বদলে গেল। তিনি উত্তেজিত হয়ে পায়চারি করতে লাগলেন। কী করবেন স্থির করতে না পেরে আমাকে জিঞাদা করলেন, "আচ্চা, এ কেত্রে আমার কর্তব্য কী?"

আমি ওকথা ভেবে দেখিনি। বলতে পারনুম না কী তাঁর কর্ডব্য। তিনি বললেন, "ওকে আমার কলকাতার সম্পত্তি দেখাশুনার ভার দিয়ে এখান থেকে বদলি করি। কী বলো ?"

আমি বৃঝতে পারলুম, এর পরের প্রস্তাব আমাকে ম্যানেজার হতে বলা। চুপ করে শুনে যেতে থাকলুম। "কিন্তু তুমি কি ম্যানেজাবের কাজ চালাতে পারবে, প্রিয়দর্শন ? আর ছ-এক বছর পরে ডোমাকেই ম্যানেজার করার ইচ্ছা ছিল। কিন্তু হঠাৎ এই মুহুর্তে ?"

ম্যানেজার হতে আমার লেশমাত্র স্পৃহা ছিল না। বলনুম, "আমিও তার জ্বন্যে প্রস্তুত্ত নই। ও কাজের জন্যে অন্ত লোক খুঁজতে হবে, কুমার।"

তিনি চিস্তিত হলেন। সেদিন আব কোনো কথাবার্তা হলো না।
বাড়ী ফিরতে ফিরতে আমার মনে অমৃতাপ জন্মাল। কেন করতে গেলুম
পরনিন্দা। সত্যি-মিথ্যা নিজে পর্য করে দেখিনি। যদি অবিচার করে
থাকি তবে তার প্রতিকার কী! আর ওই রাক্ষ্সটা যদি জানতে পায়
আমি ওর নামে কী লাগিয়েছি, ও কি আমাকে আন্ত রাধবে।

পরে বোঝা গেল দিদির কারদাজি। তিনিই কুমারের কানে আমার বিরুদ্ধে ও-কথা বলার জন্তে চর নিযুক্ত করেছিলেন। তাঁর উদ্দেশ্য দিদ্ধ হলো। চাকরি গেল না আমার, কিন্তু বদলির হুকুম হলো গ্যানেজারের। কলকাতা বদলি শুনে ম্যানেজার মহা খুলি। আনন্দে তার চোধ দিয়ে ফল ঝরল। কিন্তু ভাগ করল তৃঃপের। প্রার্থনা জানাল যেন কলকাতার বাড়ীর একটা অংশ ওকে ভোগ করতে দেওয়া হয়। কুমার রাজী হয়ে গেলেন।

দিনি আর একবার এসেছিলেন আমাকে ধন্তবাদ দিতে, আমার কাছে মাফ চাইতে। বললেন, "তুমি আমার যে উপকার করলে আমি তা কোনে। দিন ভূলব না। তুমি যশস্বী হবে। কিন্তু আমি তোমার যে অপকার করলুম সেটা তুমি ভূলে যেও। তাতে তোমার ক্ষতি হলো না কিছু। তুমি পেকে গেলে।"

ব্যাপারটা অবত সহজে চুকে গেল বলে আমিও হাঁক ছেড়ে বাঁচলুম।
কিছ এর পরে যা ঘটল তা অবিশাস্ত। ম্যানেজার যাবার আগে

সতি।ই একজনকে দিয়ে স্বীকারোক্তি করাল। তাতে আমার নাম ছিল। আমি নাকি মদ খাই, মেয়েমাগুষ রাখি, চোরাই মালের কারবার করি। মহকুমা হাকিম আমাকে তলব করলেন তাঁর বাংলায়। বলনেন, "আপনাব মতো লোকের নামে এসব বিশ্রী উক্তি শুনে আমাদের শুদ্ধু মাথা কাটা যায়। কী করি! রেকর্জ না করে পারিনে। যা'হোক, আমি থাকতে আপনার অনিষ্ট হবে না। কিন্তু কাজ কী আপনার পাঁচজনকে শক্রু করে? জাযগাটা যেয়াড়া, লোকগুলো ছুঁটো, আমি বলেই টিকে আছি এখনো। জানেন, মশাই, আমার আগে বারা এস. ডি. ও. হযে এসেছিলেন তাঁদের প্রত্যেকেই অপমান হয়ে বদলি হয়েছেন! কিয়া বদলি হবার সময় অপমান হয়েছেন!"

মহকুমা হাকিম নথিপত্র ধামাচাপা দিলেন, কিন্তু খবরটা মুখে মুখে ছডিয়ে পডল। আমি বাডী থেকে বেরোনো বন্ধ করলুম। মাদী বললেন, "চল, পুরী চল। এখানে আর এক দণ্ড নয়। আমি তোব মাদী। আমাকে তোর সঙ্গে জডার! আমি বিব খেয়ে মরব।"

ম্যানেছাব তো গেলই, আমাকেও বেতে বাধ্য করল। চাকরিটা গেল আমারই, তার নয়। সে কুমার বাহাত্রের কলকাতার বাজীর এক অংশে গুছিয়ে বদল। কুমারের কলকাতার গাড়ী চড়ে থিরেটার দেখে বেডালো। কোন এক অভিনেত্রীর দঙ্গে তার রদের সম্পর্ক গড়ে উঠল। আর আমি! আমি চোরের মতো কুমারের দেরেন্ডা থেকে ছুটি নিয়ে দেই যে দরে পড়লুম আর ওমুখো হলুম না। কুমার আমাকে বার বার চিঠি লিখেছিলেন। আমি ফিরে যাইনি। কয়েক বছর খবুরের কাগছে কাজ করার পব আবার উত্তর ব্রের টানে কলকাতা ছাড়লুম। কিন্তু আর ও জেলায় নয়। যদিও ওর দক্ষে আমার প্রথম দর্শনে প্রেম।

প্রিয়দর্শনদার কাহিনী শেষ হলে আমি তাঁকে আমার সহাত্ত্তি জানিয়ে বলনুম, "তারপর আভা দেবীর কী হলো কিছু খবর বাখেন?" তিনি নিম্পৃহের মতে। বললেন, "দে দব অনেকদিনের কথা। আভা আমাকে দেখবে বলে বায়না ধরেছিল। পা ছুঁয়ে প্রাণাম করবে, পা ধ'রে মাফ চাইবে। আমি তার চিঠির জবাব দিইনি। দিদিও চিঠি লিখে চাকরির প্রস্তাব করেছিলেন। আমি সে চিঠি দিয়ে দিগারেট ধরিয়েছি। আভার চিঠি কিন্তু আমার কাছে তোলা রয়েছে। বেচারি আভা!"

"আশা করি, পরে তিনি স্থাী হয়েছেন।"

"স্থাই হয়েছে কি না, ভগবান জানেন। এক বার ওর ছেলেকে
পাঠিমেছিল আমার কাছে। ছেলে তথন কলেছে পড়ে। আমার
আটোগ্রাফ চায়। ফোটোগ্রাফ তুলে নিয়ে য়য়। শুনল্ম তার বাপ
আনেক টাকা করেছে। কর্পোরেশনের কাউলিলার। বালিগঞ্জে নিজের
বাড়ী। আব তার মা কলকাতার গরম সহু করতে পায়ে না। বছরের
মধ্যে ছ'সাত মাস প্রীতে কাটায়। ও নাকি আশা কবে যে প্রীতে
একদিন আমার দেখা পাবে। ফোটো থেকেই চিনবে। আমার পায়ের
ধ্লোনা নিয়ে তার শান্তি নেই।"

প্রিয়দর্শনদার চোবে জলের রেখা। বললেন, "গেছলুম পুরী।"

"গেছলেন ?" আমি কৌতৃহলী হয়ে জিজ্ঞাদা করলুম, "দেখলেন ?"

"দেখলুম," প্রিয়দা চোখ মুছে বললেন, "স্থলর মেয়ে আছা।
আমার পায়ে মাথা রেখে প্রণাম করল। কত কথা বলার ছিল। বলতে
পারল না। কাঁদল। আমিও বলতে চাইলুম ত্'এক কথা। পারলুম
না ৯ কাঁদলুম। তার মাথায় হাত রেখে আশীর্বাদ করলুম। মনে মনে
বললুম, না। না। না। এক টুকরো কাগজে ঐ মন্ত্র লিখে দিলুম।"

"তার মানে ?"

"ভার মানে ?" প্রিয়দা দীপ্ত কঠে বললেন, "তার মানে, হার মানবে না। আত্মসমর্পণ করবে না। সহা করবে না।" "তার পর ?"

. "তার পর আর কী? চিঠিপত্র মাঝে মাঝে পাই। চিঠির স্থরে হতাশা। বলে, তুমি যে মন্ত্র দিয়েছ তা প্রাণপণে জপ করছি। কিছ পেরে উঠছি কই? আমি যে অবলা।"

"আর দেখা হয়নি ?"

"পরে বলছি। কিন্তু আমার বাণী যা ছিল তা তো একটি অকরে ব্যক্ত করেছি। কেউ যদি পালন করবার শক্তি পায় তাহলে দেখবে ঐ একটি শক্তের শক্তি অদীম। তখন দে আর অবলা বলে করুণা ভিক্ষা করবে না। অগ্নিশিখার মতো জলে উঠবে। আমি যে নারীর ধ্যান করি সে পূর্ণ প্রজ্জ্বলিত বহিন। সে আছে প্রতি নারীর অন্তরে। সে তো অবলা নয়।"

প্রিয়দা ক্ষণকাল নীরব থেকে বন্দনার মতো গেয়ে উঠলেন, "কে বলে, নারী, তুমি অবলে! তুমি মহাশক্তিমতী। তুমি মহালক্ষী, মহাদরক্ষতী। তুমি তারায় তারায় দীপ্তিমতী, তুমি উষদী, তুমি দবিতা। তুমি বিতা, তুমি বাক্। তুমি চিন্তা তুমি, কীতি। তুমি কবিতা, তুমি গীতি। তুমি বাঁশরি, তুমি বীণা। হে নারী, তুমি ধ্রা।"

দাদা ধ্যানস্থ হলেন। তার ধ্যানের পরশ পেলুম আমিও।

এই ভাবে কতক্ষণ কেটে গেল। দাদা বললেন, "যার কথা হচ্ছিল তার কথাই হোক। আভার কথা।"

"আ্র কারো কথা ভাবছিলেন নাকি ?"

"একদক্ষে অনেকের কথা। দেখতে অনেক। আদলে এক। জগতে একটি নারীই আছে। চিরস্তনী নারী। তারই ধ্যান করছিল্ম আমি। তার বিভিন্ন রূপ। বিচিত্র নাম। সব একসঙ্গে এদে চোখের সামনে ভাসছিল। তাদের যিরে বিরাজ করছিল একটি নারী, একমাত্র নারী।" আমি মুগ্ধ হয়ে ভনছিলুম। মনে হছিল আমিও বেন তাকে দেখতে

পাছিছে। সেই নারীকে, যে সব নারী অথচ এক নারী। এক নারী হয়েও সব নারী।

শোভার কথা বলছিলুম। না ? আছে।, তার পরে কী হলো শোন।
এক দিন কলকাতা গেছি। আভার ছেলে এসে আমাকে ধবর দিল
তার মা'ব অত্বথ। আমাকে দেখতে চায়। বেলা তিনটের সময় আমি
কেন তাদের বালিগঞ্জের বাড়ীতে যাই। তার বাবা সে সময় থাকবেন না।
তার ফিরতে রাত হবে। আমি অনেক বার এড়িয়েছি। এবার এড়াতে
পারলুম না। অত্বথ ভনে উদ্বেগ বোধ করছিলুম। পরের অত্বথ ভনলে
আমার মন কেমন করে।"

"তার পর ?"

"তার পর যেতে যেতে চারটে বাজল। বোধ হয় অবচেতন মন দেরি করিয়ে দিছিল। শিববাব্ কী মনে করবেন। তাঁর অবর্তমানে তাঁর সংসারে অনধিকারপ্রবেশ। কিন্তু অপমান যা করবার তা তো করে রেখেছিলেন। নতুন আর কী করতেন। তার জন্মে আমি প্রস্তুত হয়ে গেছলুম। আভার ছেলে মুকুল আমাকে সোজা নিয়ে গেল অন্দরে, তার মা যেখানে রোগশবাায়। দেখে ব্ঝতে পারলুম যে এ রোগ এক দিনেব নয়, এক দিনে সারবে না। শুনলুম অনেক দিন ভুগছে। সরু সরু ছ'খানি হাত তুলে আমাকে নমদ্বার করল। বলল, পায়ের ধুলো নেবার শক্তি নেই। মাথায় হাত রেখে আলীর্কাদ করলুম। বেশ জরে। বললুম, সেরে উঠবে। ভয় নেই!"

আমার জানতে ইচ্ছা করছিল সেবে উঠল কি না। কিন্ত চুপ কবে শুনতে থাকলুম।

"আডা বলল, ছেলেমেয়ে বড় হয়েছে! মেয়ের বিমে দিচ্ছি আদছে মাঘ মাসে। ছেলে তো বিলেড যাবে বলে জেদ ধরেছে। আই. এ. পাস করেই আই, সি. এস. পড়বে। আমি তা হলে থাকব কী নিয়ে? কাকে নিয়ে? এত দিন সব সহ্ছ করেছি ওদের .ম্থ চেয়ে। ওরা চকে গেলে সহ্ছ করব কার ম্থ চেয়ে? ঠাকুর দেবত। আমি মানিনে। ভগবান আছেন কি না জানিনে। দেশের কাজ করতে সাধ যায়। কিন্তু ঘরে বসে তোও কাজ করা যায় না। তার জন্ম বাইরে যেতে হয়। বেতে দিছেে কে? বই পড়ে কিছু বল পাই। কিন্তু বই পড়ে তো অন্তরের শূক্ত ভরে না। থই থেয়ে কি পেট ভরে!

ভনতে ভনতে আমার চোথ ছল ছল করছিল। বলতে বলতে দাদার ও।

আমি শঙ্কিত হয়ে বললুম, "আপনি কি এমনি করে নিজের আয়ু ধরচ করে বসে আছেন, দাদা! ভগবান যদি নাথাকেন!"

"না থাকলে আমার পরমায়ুবেশি দিন নয়। কিন্তু ভার জল্ঞে আমার

আফসোদ নেই। আমি শুধু জানতে চাই যে, সংগ্রাম অবিরাম চলছে, দেনাপতি যেমন জানতে চায় যে দৈনিক প্রাণপণে মুঝছে। যুঝতে যুঝতে যদি মরে যায় তো ছংখ নেই। ছংখ, যদি আরামের লোভে আপোশ করে। যাক, কী বলছিল্ম। আভা আমাকে কিছুতেই উঠতে দেবে না। সমস্তক্ষণ চোখে চোখে রাখবে। এক রাশ খাবার নিংশেষে খাওয়াবে। যতই বলি, এবার আমাকে ঘেতে হবে, ততই বলবে, না, না, এই তো এখুনি এলে। এরই মধ্যে যাবে! ওদিকে অবচেতন মন আমাকে ঠেলছিল আর তাডা দিচ্ছিল। শেষ পর্যন্ত দে-ই জিতল। পাঁচটা বাজল দেখে ছড়মুড় করে উঠে পড়লুম। চোখে চোখে বলল্ম, ফাইট।"

এর পরে আর একটি কথা জানবার ছিল। দাদ। অন্তমানে বুঝলেন। বললেন, "বেঁচে আছে। কিন্তু পারেনি। আবার মা হ্যেছে।"

অব্যক্ত বেদনায় তাঁর মৃথের ভাব বিকৃত হলে।। আমিও মৃথ নীচ্ করনুম। তৃ'জনেই আমরা অভিভৃত। বলতে বলতে প্রিয়দর্শনদা। শুনতে শুনতে আমি। কে কাকে সহাস্থৃতি জানাবে! চেষ্টা করল্ম তৃ'এক কথা বলতে। মৃথে জোগাল না। তার হই হাত নিজের হই হাতের মধ্যে নিলুম।

তিনি চোথের জল মূছে বললেন, "ভালো থাকুক আভা। যাতে ওর মঙ্গল হয় তাই হোক। আমার কিন্তু কোনো সান্তনা নেই। আমার দৃষ্টিতে যে মেয়ে হার মানে সে পতিতা।"

আমি চমকে উঠলুম। কী বললেন। কী!

"থাক, তোমার মনে আঘাত দিতে চাইনে। যা বলেছি তা দিরিয়ে নিচ্ছি, ভাই। ক্ষমা করো।"

কথাটা আমার মনে আজ অবধি থচ্ থচ্ করছে। তথন আমাকে

কী পরিমাণ ঘা দিয়েছিল তা এর থেকে আন্দাজ করতে পারা যাবে!

দাদা বললেন, "যাক, এ প্রসঙ্গ আর নয়। এই শেষ।"

স্থামি বলনুম, "আছো।"

কিছুদিন পরে পাটনায় আমার ডাক পড়ল সাহিত্য-সভায় ভাষণ দিতে। দাদাকে থবর দিতে তিনি বললেন, "নিক্চয় যাবে।"

আমি বলনুম, "যেতে ইচ্ছা করছে না। জীবনে যা করতে এসেছিনুম তা করা হয়নি। হাতের কাজ হাতে রেথে লোকের সামনে দাঁড়াব কোন্ লক্ষায়।"

তোমার তো দীর্ঘ জীবন পড়ে আছে। ও কথা তোমার বেল। থাটে না। থাটে আমার বেলা। আমাকে কিন্তু আজকাল কেউ ডাকে না। তিনি বিষয় স্বরে বললেন। এই নিয়ে আলোচনা হতে হতে এক সময় তিনি বলে ফেললেন, "পাটনায় কে থাকে, জানো? কুসুমিতা।"

"কুস্থমিতা!" আমি কৌতৃহল প্রকাশ করলুম।

"কুস্মিতা। স্থমিতা। মিতা। তিনটে নাম ঐ একটি মেয়ের।" দাদা অতীতের স্রোতে অবগাহন করতে করতে তলিয়ে গেলেন।

"সুন্দর নাম।" আমি কতকটা আপন মনে বললুম।

"কী বলছ? হাঁ, হৃদ্দর নাম। দেখতে কিন্তু তেমন স্থাদর নয়।
আভার কাছে লাগে না। কিন্তু তার চেয়ে অনেক বেণি তেজস্বী।
ঝকঝকে তলোয়ারের মতো গড়ন। তেমনি দীপ্তি। ও মেয়ে পথ ভূলে
বাংলাদেশে জন্মেছে। রাজপুত হলে মানাত।"

আমি ব্রতে পেরেছিল্ম যে পাটনার কথায় স্থমিতার কথা এসে পড়েছে। এখন স্থমিতার কথাই চলছে। তাই পাটনার উল্লেখ না করে চুপ করে থাকলুম।

"ওর সঙ্গে অনেক দিন আমার দেখাদাক্ষাৎ নেই। চিঠি লেখাও বন্ধ।" দাদা বললেন।

"জানিনে কেমন আছে। দেখতে কেমন হয়েছে। কাগজে পড়েছিল্ম ওরা পাটনায় বদলি হয়েছে। ওর স্বামী ওধানকার বড় অফিসার।"

আমার জানতে ইচ্ছা ছিল নাম ধাম পদ, কোনো এক ছলে আলাপ করে আসত্ম। কিন্তু দাদার ইচ্ছা ছিল না জানাতে। তিনি ঐ ভত্রলোকের উপর আগুন হয়ে রয়েছিলেন। তৃতীয় নয়ন দিয়ে ভশ্ম করতেন, যদি পারতেন।

"মাঝে মাঝে বে ভূমিকম্প হয় তার কারণ কী জানো! বস্ত্রমতী আর সন্থ করতে পারেন না এই সব পাপীদের ভার। আমার তো বিশাস, বেহার ভূমিকম্পের আ্নাসন কারণ পাটনায় ঐ লোকটার বদলি।" আমি হো হো করে হেদে উঠলুম। দাদা খাপ্পা হয়ে বললেন, "একথা গান্ধীজীর মুধে ভনলে হাসতে ?"

গান্ধীজীর উপব সে সময় আমি থুব প্রসন্ন ছিল্ম না তাঁর মূখে বিজ্ঞানবিক্দ্ধ কথা শুনে। বলল্ম, "আচ্ছা, হাসি বন্ধ করছি। তা বলে বেহার ভূমিকস্পের আসল কারণ স্থমিতার সামী—না, দাদা, হাসি থামছে না।"

দাদা আবার অভ্যমনক্ষ হলেন। কথন এক সময় আপনা থেকেই বলতে শুক করে দিলেন স্থমিতার কাহিনী। তাঁর আত্মজীবনীর আর এক অধ্যায়।

কুমান বাধিকামোহনের সেরেন্ডার কান্ধ থেকে ছুটি নিয়ে কলকাতা চলে যাই, বলেছি তোমাকে। কলকাতায় আমার না ছিল চাল, না ছিল চুলো। থাকবার মধ্যে ছিল জনকয়েক অক্তরিম বন্ধু। তারা আমাকে লুফে নিল। তাদের একথানা সাপ্তাহিক পত্রিকা ছিল, চলছিল কোনো মতে খুডিয়ে খুডিয়ে। আমাকে ধরে বসল আমি যেন তার সম্পাদনাব ভাব নিই। গত্ত লেথার অভ্যাস কোনো কালে ছিল না। কিন্ত হাতে যথন একথানা পত্রিকা এলে। তথন দেখা গেল গত্ত আপনি আসছে। জালাম্যী ভাষায় প্রাণ খুলে লিপতুম ব্রিটিশ শাসনের বিকদ্ধে, মহুব শাসনের বিকদ্ধেও। লোকে দাম দিয়ে আমার কবিতার বই কিনত না, কিন্তু পত্রিকা কিনত। আমার লেথার দাম আছে তা এই প্রথম আবিদ্ধার করলুম। প্রথম আবিদ্ধাবের পুলক আমাকে পাগল করে তুলল কী যে লিথে যাচ্ছি তার মানেও সব সময় বুঝিনে। বুঝতে বাধ্য হই যথন পুলিশের লোক শাসিয়ে যায় যে, এইবার জামানত তলব হবে। তথন সংযত হই।

এই নিয়ে আছি এমন সময় এক দিন আমার সঙ্গে দেখা করতে একটি প্রোচ্-গোছের লোক এলো। লোকটি ঘরে চুকে একবার এদিকে ভাকার, একবার ওদিকে। জানলার কাছে গিয়ে দেখে কেউ বাইরে থেকে
আড়ি পাতছে কি না। দরজার কাছে গিয়ে উকি মারে, কেউ বাইরে
থেকে আসছে কি না। আমি বিরক্ত হয়ে বললুম, "ৰস্থন ঐ চেয়ারে।
বলুন কোন্ধান থেকে আসছেন। লালবাজার, না, ইলিসিয়াম রো।"

লোকটি অপ্রপ্তত হলে।। ব্যুতে পারলুম পুলিশের লোক নয়।
একটু ইতন্তত করে আমার হাতে একথানা চিঠি গুঁজে দিল। তার
পরে মুখ ফিরিয়ে নিয়ে কড়িকাঠ গুনতে লাগল। চিঠিখানা খুলে দেখি
মেয়েলি হাতের লেখা। যিনি লিখেছেন তার নাম সম্পূর্ণ অজানা।
অথচ নীচে লিখেছেন, স্নেহের বোন স্থমিতা। পড়ে দেখলুম, আমার
সক্ষে তার কী যেন জকরি কাজ আছে। আমি যেন তার সঙ্গে অতি
অবশ্য দেখা করতে যাই। কলকাতায় তিনি মাত্র কয়েক দিনের জন্মে
এসেছেন। বলতে গেলে আমার সঙ্গে দেখা করবার জন্মেই আসা।
আমি যেন তাঁকে নিরাশ না করি। তার যা বলবার আছে তিনি
মৌথিক বলবেন। এই লোকটি তার ঠিকান। জানাবে।

চিঠি পড়া শেষ করে লোকটির দিকে তাকালুম। লোকটি বলল, "দিদিমণি কা লিখেছেন আমি জানিনে। তবে আমার উপর ভার দিয়েছেন আপনাকে নিয়ে যাবার। কখন আপনার সময় হবে জানলে আমি নিজে এসে নিয়ে যাব।"

আমি তাকে প্রশ্ন করে বিশেষ কিছু বার করতে পারল্ম না। সে বা বলল তার থেকে মনে হলো মহিলাটির খুব লেথার ঝোঁক। দিন রাত লিখছেন তো লিখছেন। কেউ তাকে শিখিয়ে দেয় না কেমন করে লিখতে হয়। সেইজন্যে তাঁর লেথা ছাপা হয় না। আমি যদি একটু দেখিয়ে দিই তা হলে তিনি তাঁর রচনা প্রকাশ করতে দেবেন।

আমি বলনুম, "ভিনি বদি কিছু লিথে থাকেন আমাকে পাঠালে আমি

ভাগবে দিয়ে ছাপতে পারি। এর জয়ে আমাকে তাঁর সঙ্গে দেগা করতে হবে কেন ?"

"আছে, তাঁর ধনি উপায় থাকত তিনি নিজেই আসতেন আপনার কাছে। কিন্তু সে কথা আমার বলা বাবণ। আপনাকে নিয়ে ধাবার জবে খরচ থা লাগবে তিনি দেবেন। কিন্তু ধাত্যা আপনার চাই-ই। নইলে তিনি হয়তো—"

"इय्राजा की ?"

"দে সব আমার বলা বারণ। তার শরীর মোটেই ভালো নয়, কবন কা করে বদেন কে জানে। আমবা তো ভয়ে ভয়ে আছি।"

আমি লোকটা যে এমন দরকাবী লোক তা আমার জানা ছিল না । তবু কথা দিতে পারলুম না যে দেখা দেব।

লোকটি অনেক অমুরোধ উপরোধ করল। তার সঙ্গে কথা বলে বড
দ্ব ব্যতে পারল্ম মহিলাটি কলকাতা এদেছেন চিকিংসার জ্বন্তে।
উঠেছেন ছোট বোনের বাঙী। লোকটি ছোট বোনের খণ্ডরকুলেব
আঞ্জিত। প্রকাশ্য পরিচম স্বকারবাব্। পরের বাঙীতে গিয়ে
অপরিচিতার সঙ্গে দেথ করা কী করে সম্ভব। এ কথার উত্তরে সে বলল,
"মাপনি ভো পর নন। আপনি দিদিমণির দাদা। আপনার নাম
শ্বংবাব্।"

মিথ্যার আশ্রয় নিতে আমার অন্তরের আপত্তি ছিল। দে বলন,
"মিথ্যা যা বলার তা আমিই বলব। আপনাকে বলতে হবে না। আপনি
আমার মুখের দিকে তাকাবেন। আমি আপনার নামধাম নাড়ি-নক্ষত্ত্ব
জানাব। তার পর একবার দিদিমণির সঙ্গে কথাবার্তা আরম্ভ হলে আর
কেউ দেখানে আসবে না। আমি পাহারা থাকব।"

এমন চমৎকার একটা য়াভভেঞ্চার আমার দামনে। ক্ষতি কী, বদি বাই এই লোকটির দকে? কিন্তু কথা দিতে আমি রাজী হলুম না। মনে হলো, না। কাজ নেই আমার ম্যাডভেঞ্চারে। শরংবার সেজে কোন অন্ধকার গলিতে কার দালানে চুকব, সেখানে যদি আমাকে আটক করে বাবে ভা হলে উদ্ধার করবে কে আমাকে ? কে জানে কার মনে কী আছে ?

বলনুম, "দেখুন, আমাকে আর অন্থরোধ করবেন না। মিখ্যার অভিনয় করতে আমি কিছুতেই রাজী হব না। আমার বা দভ্য পরিচয় সেই পরিচয় বহন করে যদি আমার যাওয়া সম্ভব হয় তা হলে বেতে পারি কি না ভেবে দেখব।"

সে বলল, "তা হলে যা হয় একটা উত্তর দিন। আমি যদি থালি হাতে ফিরে বাই দিদিমণি আমার মুখদর্শন করবেন মা। তাঁকে আমি কী সান্তনা দেব ? আপনার কি দয়ামায়া নেই ? বড়ঘরের বৌ, বিপদে পড়ে আপনাকে ডাকছেন, আপনি কি সাডা দেবেন না-? তা হলে ওপব বইকাগজ লেখেন কেন ? টাকার জল্যে ? কত টাকা চান ?"

আমার স্বাঙ্গ জলে উঠল টাকার কথা শুনে। লোকটার দিকে এমন সৃষ্টিতে তাকাল্ম যে সে চোথ বুজে ত্'হাতে মুখখানা ঢাকল। তাড়াতাতি একটুকরো কাগজের,উপর আমার বক্তব্য লিখে দিলুম। লোকটা তাই নিমে বিদায় হলো।

দেখ দেখি কী জালা! সাপ্তাহিক পত্রিকায় সম্পাদকীয় রচনা লিখি বলে পাঠিকারা আমাকে ডেকে পাঠাবেন, না গেলে বলে পাঠাবেন, কেন লেখেন? টাকার জন্মে? কত টাকা চান? ঘাডভেঞ্চারের শব্ম বেটুকু আমার ছিল এই অশিষ্ট উক্তির পর কোথায় মিলিয়ে গেল। আমি নিজের কাজে মন দিল্ম। ভূলে যেতে চাইল্ম বে ক্মিতা বলে কেউ আমাকে দেখতে চেয়েছিল। আমি রাজী হইনি। কিছ ভূলে যাওয়া অত সহজ্ঞ নয়। জীবনে এ ধরনের ডাক কদাচ আবে। কেন ডেকেছে, কী বলতে চায়, কী বিপদ, কী করতে পারি, এদৰ প্রাপ্ন একে একে উদিয় হতে লাগল। বে মেয়ে বিপদে পড়েছে তাকে উদার করতে হবে, পৌরুষের প্রথম কথা হছে এই। মধ্যমূর্ণের নাইটদের এই ছিল জীবনত্রত। আমবা এ কালের লেখকেরা কেবল কলম চালাতে জানি। তাও পত্রিকার জামানত বাঁচিয়ে। আচেনা মাহ্য দেখলেই গোয়েন্দা ঠাওরাই। অজানা জায়গায় যাবার নাম শুনলে ভাবি, কাঁদ পাতা রয়েছে। আমি প্রিয়দর্শন ভদ্র আর পাঁচজনের চেয়ে বড় কিনে গু

তা বলে শরংবাব দেজে অন্ধকার গলিতে কে জানে কার বাড়ীতে চুকে বোনকে দেখতে চাওয়া! এ বে রীতিমতো নাটক! এর জন্তে আমি প্রস্তুত নই। যদি ধরা পড়ে যাই তো পরের দিন কাগজে বেরোবে কবি ও সম্পাদক প্রিযদর্শন ভদ্র পরের অন্তঃপুরে অনধিকার প্রবেশ করে প্রস্তুত হয়েছেন। অবস্থা আশহাজনক। হরি, হরি!

ভেবেছিল্ম ব্যাপারটা চুকে গেছে, স্থমিতা আর আমাকে জালাভন করবে না। কিন্তু একদিন কি ছ'দিন পরে দেখি ঘুটি য়াংলো ইন্ডিয়ান মেয়ে কাকে খুঁজছে। আমাদের মতো নগণ্য বাংলা পত্রিকা কি য়াংলো ইন্ডিয়ানর। পডে? কই, তাদের তো আমরা গালিগালাক দিইনি। বা অন্ত কোনো উপকার করিনি। কেন তা হলে তার। আমাদের আপিনে জুতোর ধুলো দেয়?

"ওয়েল, লেডিজ, আপনাদের জক্তে আমরা কী করতে পারি ?" আমি জিজাসাকরলুম।

"আপনার নাম কি মিস্টার বাডরা ? আপনি কি ম্যানেজার ?"
"আমার নাম ভত্ত। আমি এছিটর।"

"ওছ্। আপনাকেই আমরা খুঁজছি। এই নিন আপনার নামে চিঠি।"

চিটিখানা হাতে নিয়ে মনে হলে। পত্রিকায় প্রকাশ করার ভক্তে

ইকভারতীয় সমাজের কোনো লেথক কিছু পাঠিয়েছেন। বাংলায় ভাষান্তরিত করতে হবে। কিন্তু খুলে দেখা গেল দিব্যি বাংলাভাষায় লেখা। লেখিকার নাম স্থমিতা।

আমি তো অবাক। চিঠিতে দে আর এক বার অন্থরোধ করেছে।
আমি বেন নিশ্চয়ই তার সঙ্গে দেখা করি। তার স্বাস্থ্য ভালো নয়।
নাসের সাহাব্য নিতে হচ্ছে। নাস দিয়া করে তার পত্রবাহক হয়েছে।
পত্রবাহকের হাতে বেন এক লাইন লিখে জানাই বে আমি রাজী।
ভার পরে যা করবার তা সরকারবারু করবেন।

নাস ও তার বান্ধবীর দলে কথাবার্ত। বলতে হলো। তাদের ধারণা আমি স্থমিতার সত্যিকারের দাদা। কোনো কারণে তার ওথানে বাচ্ছিনে। আমাকে তারা প্নংপুনং অন্বর করল আমি বেন আমার বোনের সঙ্গে দেখা করি। শুনল্ম, স্থমিতাবা থাকে ল্যাস্সডাউন রোডে। সেটা মোটেই অন্ধকার নয়। বরং আমিই থাকি অন্ধকার প্রিতে। নিজে অন্ধকারে থাকি বলে অন্ধকার কর্না করিছি। য্যাংলোই থানি নাস রাখতে পারে বে তার অবস্থা আমার চেয়ে বহুগুণ ভালো। বড়লোকের মেয়ে, বড়লোকের বৌ নিশ্চয়। আর আমি এক্সন চালচ্লোহীন সাহিত্যিক। আমাকে তার প্রয়োজন। আমার ছেড়া জুতো আর আধ ময়লা ধৃতি আর মোটা খন্দরের পাঞ্জাবি দেখলেই তাদের বাড়ীর দারোয়ান সন্দেহ করবে। তবে হাঁ, সরকারবাব্র বন্ধ বলে পরিচয় দিলে বিশ্বাস করতে পারে।

বলনুম, "আমার কি যাবার জ্বো আছে? কাগজ্ঞথানার পিছনে মথেষ্ট সময় না দিলে সেথানা চলবে না ভালো করে। ওয়েল, সিন্টার, আপনি তাঁকে দয়া করে ব্ঝিছে বলবেন আমি জ্বিত।" নার্দের বাদ্ধবীকে কিছু না বললে থাবাপ দেখায়, তাই তাকে বলনুম, "মিস, আপনারা কট করে এসেছেন বলে আমি উৎফুল।"

বান্ধবীটি ম্থরা। দে বলল, "আপনার লক্ষিত ইওয়া উচিত, মিন্টার বাডরা। কেমনতর ভদ্রলোক আপনি, তু'জন মহিলা আপনার বাড়ী বয়ে এনে অন্থরোধ জানাচ্ছেন, তবু আপনি তাঁদের মুধ রাধবেন না ?"

এতক্ষণে আমার থেয়াল হলো যে মহিলাদের চা দেওয়া হগনি।
কিন্তু আমার আপিদের ভাঙা পেরালায় চা যদি বা দেওয়া যায় টোক

মাধন বিস্কৃট কোথায় পাই! অগত্যা উঠতে হলো আমাকে। বলতে

হলো, "আমি সভ্যিই লজ্জিত। বিশেষ করে লজ্জিত এইজ্জে কে

আমার আপিদে চায়ের আঘোদ্দন নেই। আস্কৃদ আদরা বেবিয়ে
পিডি একটা চায়েব দোকানের সন্ধানে। মহিলাদের সন্ধান রাপতে

হবে."

কাছাকাছির মধ্যে ভদ্রভাবে চা থাওয়া যায় শিয়ালদা কৌশনের বিফ্রেশমেন্ট কমে। দেখানে নিথে গেলুম তাদের। ভাগ্য ভালো, কোনো পরিচিত জনের সঙ্গে দেখা হলো না। নইলে জবাবদিহি করতে হতো। বিশিষ্ট লেখক প্রিয়দর্শন ভদ্র ত্র'পাশে দুই য্যাংলো ইণ্ডিয়ান মহিলা নিয়ে ইউরোপীয়ান বিফ্রেশমেন্ট কমে চা থাচ্ছেন, এটা একটা দেখবার মতো দৃশ্য। খদ্দরের পাঞ্জাবি, তিন দিনের বাসি কাপড়, শুকতলা ক্ষয়ে যাওয়া জুতো। তবে হা, সদ্য কৌরি করা গোঁপদাছি, আশ দিয়ে আঁচড়ানে। চুল। সাবান দিয়ে মুখ হাত ধোওয়া। প্রিয়্বদর্শন বোধ হয় অপ্রিয়দর্শন নয়। দশজনের মধ্যে একজন বলে চেনা যায়। এমনি কবিত্বময় তার চেহারা।

চা থেতে থেতে খুলে বলনুম আমার অবস্থা। আমার পক্ষে ধৃষ্টতা হবে না জেনেন্তনে পরের বাড়ী যা ওয়া। তাও হয়তো পারি, কিছ দানা বলে পরিচয় দিতে পারব না। নাম বদলাতে পারব না। এ শুরু ধৃষ্টতা নয়, এটা হচ্ছে প্রতারণা। নাস বলন, "সভ্যি তাই।"

ৰাশ্বৰী বনৰ, "ওহ্ আপনি একটি দেবদৃত। তঃ আপনি শ্বৰ্গে চলে বেতে পারেন, এই ধুলির ধরণীতে আপনাকে মানায় না।"

আমি এর উত্তরে কী বলব ভেবে পাইনে। নাস^{*} বলে, "কিছ আমরা আপনাকে পীড়াপীড়ি করতে পারিনে। মিসেস—কে আমি বুঝিয়ে বলব।"

বান্ধবী বলে, "কী ব্ঝিয়ে বলবে ? বলবে ইনি ভয়ে আধ্মরা। এমন পুরুষের উপর আমার করণা হয়। পৃথিবীর অযোগ্য।"

দেখলুম ওরা উঠল। আমি বহুকে ডেকে বিল চুকিয়ে দিলুম। মনটা ধারাপ হয়ে গেল। মুখ তুলে ভাকাতে পাবছিলুম না। অভ্যমনস্থ ভাবে কথন এক সময় ওদের সঙ্গে গুড বাই" বিনিময় করলুম।

তারপর আমার ধেয়াল হলো যে স্থমিতার চিঠির জবাব দিতে ভ্লে গেছি। ততক্ষণে ওরা ট্রামে উঠে পড়েছে। বাড়ীর নম্বর্টা জানা নেই যে লিখে জানাব। কিন্তু জানাবার আছে কী! সম্ভব নয় তা তো বলে দিয়েছি।

ভেবেছিলুম এই শেষ, কিন্তু দিনকয়েক পরে দেখি একজন দারোয়ান গোছের লোক আমার মেসের ঠিকানায় হাজির। দিদিমণির কাছ খেকে চিঠ্ঠি।

খুলে দেবি স্থমিতা নার্সের মুখে আমার বক্তব্য শুনে আমার আপতির কারণ উপলন্ধি করেছে। আমাকে বাধ্য করতে চায় না। কলকাভায় আরো কিছু দিন থাকবে আমার সক্ষে সাক্ষাতের আশায়। তার এখনো আশা আছে আমি একদিন রাজী হব। একদিন আমার আপত্তির খণ্ডন হবে। সে ধৈর্ঘ ধরবে। আমাকে শোনাবার জন্মে সে ব্যাকুল হবে উঠেছে তার হুর্জাগ্যের কাহিনী। সে সব কথা চিঠিতে বলা বায় না। কে আনে কার হাতে পড়বে কোন্ দিন সে চিঠি।

এবার এর একটা উত্তর আমাকে দিতে হলো দারোয়ানের হাতে; বলনুম, আমারও মনে হয় তার সঙ্গে আমার দেখা হবে একদিন। কিছ কোথায় কী ভাবে জানিনে। কাল নিরবধি। পৃথিবী বিপুল। ত্-দশ বছর দেরি হলে ক্ষতি কী! ছ্র্ভাগ্যের কাহিনী শুনলেই তো আর ছ্র্ভাগ্যের প্রতিকার করা যায় না। শক্তি অর্জন করতে হয়। সেটা স্থমিতার হাতে।

দাবোয়ান আমাকে একটা লয়। সেলাম করে চলে গেল। আমিও হাক ছেড়ে বাঁচলুম যে স্থমিতাকে তার চিঠির জবাব দিতে পেরেছি।

ত্ব সঙ্গে সভিয় আমার দেখা হবে এত বড় ছ্রাশা আমার ছিল না।
আমার কাগজের উপর সরকারের শনির দৃষ্টি পড়েছিল। আমার
সহকারীকে ওরা গ্রেফ্তার করে বর্মায় পাঠিয়ে দেয় স্থভাবের সঙ্গে।
বোধ হয় ওরা জানত বে আমার যা-কিছু বিধ কলমের মুখে। গুরু
বড়য়ের মধ্যে আমি নেই। দেইজন্তে আমাকে ধরেনি। তবে জামানত
দাবি করেছে। জামানত দিয়ে আমাদের ক'জনের হাতে যা অবশিষ্ট
ছিল তাতে পাওনাদারের বকেয়া মিটিয়ে নিজেদের অয়বল্প জোটে না।
তার চেয়ে জেলে যাওয়া ভালো। সেখানে থাওয়া পরার ভাবনা নেই,
পাওনাদারের ভয় নেই। জেলে যাওয়ার জন্তে আমরা ক'জন মনে মনে
প্রস্তুত হচ্ছিলুম। সেইজন্তে মনটাকে বিশিপ্ত করে স্থমিতার দিকে নজর
দিতে পারছিলুম না। সেও আমাকে একটু নিঃশাস ফেলবার অবকাশ
দিয়েছিল।

এমন সময় আবার একদিন এলো সেই প্রোচ্মতন লোকটি। সরকার-বাবু বার পরিচয়। এবারেও তার সঙ্গে ছিল একখানা চিঠি। নতুন কথার মধ্যে এই যে, স্থমিতা আর বেশি দিন কলকাতায় থাকবে না। ভার মেয়ার ফুরিয়ে এসেছে। আমি কি কোনো মতেই আমার মত বদলাতে পারিনে ? একটি তৃঃখিনী বোনের জ্ঞে আমার হৃদয়ে কি এতটুকু কারগা ছতে পারে না? আমি যদি রাজী হই সরকারবাব্ সম**ত ব্যবস্থা** করবেন।

জেলে যাবার ভতে যে মানুষ তৈরি হচ্ছে তার পক্ষে একটি অপরি-চিতা ভগিনীর নিমন্ত্রণ রক্ষা করা এমন কিছু ত্রুহ কর্ম নয়। ইচ্ছা থাকলে উপায় থাকে। সরকারকে বলনুম, "তা হলে কী করতে হবে, সরকারদা ?"

"আমি আপনাকে নোটরে করে নিয়ে যাব ল্যান্সভাউন বোভের বাড়ীতে। আপনি বাইরে বসবেন। আমি ভিতরে থবর দেব। আমি যা বলব তার জন্মে আমি দায়ী, আপনাকে মিখ্যা কথা মৃথে ধরতে হবে না। ভিতর থেকে ভাক আসবে একটু পরে। মিষ্ট মৃথ করবেন। সেসময় পর্দাটা একটু সরিয়ে দিদিমনি আসবেন আপনার সামনে। প্রপাম করবেন আপনাকে। আপনি বলবেন, কেমন আছিস্, দেখতে এলুম। তার পরে কথাবার্তা হবে। দিদিমনিকে তথন কেউ বিরক্ত করবে না। বৌদিদি তার ব্যবস্থা করবেন।"

এই তো চমৎকার একটি ষড়ষয়। তবে যে বলছিলুম ষড়যজের মধ্যে আমি নেই। মনে মনে হাদলুম। সরকার বলতে লাগল, "আপনার আশহার কারণ নেই। ওঁরা কলকাতার একটি বনেদী বংশ। সম্প্রতি ল্যান্সভাউন রোভে উঠে গেছেন। আগে থাক'তন বাগবাঞারে। এখনো সে অঞ্চলে তাঁদের শরিকরা আছেন। আপনি গেলে স্থী হবেন। কেউ আপনাকে অপমান করবে না। আপনার আশীর্বাদে আমাকে সকলে মানে। দারোয়ান তো আপনাকে অভার্থনা করবে। আপনার ছল্মে ছলের মালা আনিয়ে রাধা হবে। আমরা কি জানিনে আপনি দেশের বান্ধে স্বাস্থিত। গ্রাধা হবে। আমরা কি জানিনে আপনি দেশের বান্ধে স্বাস্থিত। গ্রাধা হবে।

এক একজনের দুর্বলতা এক এক জায়গায়। আমার দ্র্বলতা কোন্থানে জানো? (দাদা প্রশ্ন করলেন ও সঙ্গে সঙ্গে উত্তর দিলেন) কেউ যদি বলে আমি দেশের জন্তে সর্বস্ব ত্যাগ করেছি তা হলে বেমন দুর্বল বোধ কবি তেমন আর কিছুতে না। তথন আমাকে দিয়ে যার যা খুশি করিমে নেয়। সরকারবার্ও আমাকে দিয়ে বলিয়ে নিল যে আমি যাব।

কথা দিয়ে কথার খেলাপ করিনি কথনো। যেতেই হলো ল্যা**ন্সভাউন** রোড। সরকাবের সঙ্গে কড়ার ছিল যে, আমি নিজের পরিচয়েই যাব, পরংবাবুর পরিচয়ে নয়। কেউ যেন আমাকে আমার প্রাপ্য সন্মান থেকে বঞ্চিত না করে। ওসব চক্রান্ত টক্রান্তর মধ্যে আমি নেই। তাই যদি পারতুম তা হলে দিদির প্রস্তাবে রাজী হতুম।

বাস্তবের সঙ্গে বর্নার কত না গ্রমিল। আশা করেছিল্ম গেটে দারোয়ান থাকবে, মালা হাতে। সরকার থাকবে, পথ দেপিয়ে নিয়ে বাবে। গিরে দেখি কেউ কোথাও নেই। গেট থোলা। ভিতরে যাবার রাস্তার হু'ধারে বাগান। রাস্তা থেখানে শেষ হয়েছে সেখানে হু'দিকে হু'ধানা বাড়ী। নম্বর আন্দান্ত করে তার একখানার বারান্দায় উঠে দাঁড়াল্ম। এক হ্বন মধ্যবয়সী ভদ্রলোক বেরিয়ে এসে জিঞ্জাসা করলেন, "কাকে চান ?"

বাড়ীর মালিকের নাম জানা ছিল না। বিপদে পড়লুম। বলনুম, "আমার নাম প্রিয়দশন ভজ।"

ভদ্রলোক বিস্মিত হয়ে বললেন, "চিনতে পারলুম না। **স্থাপনি কি** ছেলেদের টিউটর হতে চান ? কত দ্ব পড়াওনা করেছেন ?"

वन ए देण्हा कत हिन, भा धवनी विशा १७। हरन या व किना ভाव हिन्स ।

ভদ্রলোক বৃথতে পেরে বললেন, "কাকে আপনার দরকার বলুন ? ভেকে দিছিছ !"

তাও কি জানি যে বলব ! স্থমিতাকে দরকার বললে অনর্থ বাধবে।
সরকারকে সরকার বললে মান থাকবে না। কী বলা যায় চিস্তা করছি
এমন সময় ছটি ছোট ছোট মেয়ে এসে আমাকে মালা পরিয়ে দিল। নিয়ে
গোল উপত্রে। ভত্রলোক কিছুক্ষণ থ' হয়ে দেখলেন। তার পর গভীবভাবে বললেন, "বুঝেছি। ঘটক।"

মালা পেয়ে মনটা সরস ছিল, নইলে ভদ্রলোকের উপর চটে বেতুম। উপরে আমাকে নিয়ে ওরা একটা ঘরে বসিয়ে দিল। সে ঘরে আর কেউ ছিল না। কী করে থাকবে! বাগবাদ্ধারের বাড়ীর বাবতীয় সম্পদ ল্যান্সভাউনের বাড়ীতে ঠাসা হয়েছে! ওটা একাধারে বসবার ঘর, শোবার ঘর, ভাঁড়ার ঘর। বোধ হয় খাবার ঘরও।

একটি বাবো তেরে। বছর বয়দের স্থাজ্জতা কিশোরী মেয়ে এলে।
খাবার দিডে। মনে হলো এরই জন্তে ঘটক আনাগোনা করছে। কে
জানে হয়তো ঘটকালির জন্তেই আমাকে তেকে আনা হয়েছে। তথনকার
দিনে বাদের দাদা বলা হতো আমিও তাদের একজন। আমার হাতে
কয়েকটি সোনার চাঁদ ছেলে ছিল। আমি আদেশ করলে তারা কক্তা
উদ্ধার করত, কেবল দেশ উদ্ধার নয়। স্থমিতা কি তা হলে আমাকে
এই জন্তে শার্ব করেছে!

একশান লক্ষ করিনি যে পিছনে একটা পদা ছিল। ওপাশে আর একখানা ঘর। সেই ঘরে আর একজন বসেছিল। চুড়ির টু:টাং কানে আসত্তেই আমি তার সম্বন্ধে সচেতন হই। ভাবছি সে কে এমন সময় সে নিজের থেকে বলল, "দাদা, একটু মিটিম্থ করুন। ওসব বোনের হাতের তৈরি। বাইবের নয়।"

আমি অপ্রতিভ ভাবে বলনুম, "স্থমিতা নাকি ?"

"हा, नाना। व्याभिरे।"

"বেশ, বেশ। শুনেছিল্ম শরীর ডালো নয়। ভারল্ম একবার ধ্বর নেওয়া বাক।"

"বড় কষ্ট পাচ্ছি, দাদা। আবো কিছু দিন কলকাভায় **খাকতে** পারলে হতো, কিন্তু ভার তো উপায় নেই।"

"ভনে হঃখিত হলুম, দিদি "

এই ভাবে শুক হলো আলাপ। মাঝখানে একটা মোটা কালো পর্দা। ত্ব'ধারে তুই ভাইবোন। কেউ কাউকে দেখতে পাল্ছিল্ম না। এসৰ হলো বনেদী ঘরের নিয়ম। কথাবার্ডার স্থ্য মাঝে মাঝে বদলাচ্ছিল। বোধ হর অন্ত লোকের যাভায়ান্ডের দক্ষন। কেউ ও পথ দিয়ে প্রেক্ত স্মিতা তাকে শুনিয়ে শুনিয়ে উচু গলায় বলে। নইলে নীচু গলায়।

ভর একটা ভাষেরি ছিল। অনেক দিনের লেখা। ঐ বইখানা ও আমাকে দিতে চেয়েছিল। প্রকাশ করার জন্তে নয়। পড়ে দেখার জন্তে। তার থেকে আমি জানতে পারব কী ওর হু:খ। জানতে পারদে হয়তো বলতে পারব কী করলে ওর হু:খ দূর হবে। এত লেখকের রচনাঃ পড়ে। একমাত্র আমার উপরেই ওর বিশাস।

বেচারিকে বলতে সংখাচ হচ্ছিল যে, লেখার বেলা আমরা ওণ্ডার্ম। কান্দের বেলা আমাদের অহা মৃতি। চাঁদের উলটো পিঠ দেখলে আমার রচনাও তার বিশ্বাদ লাগত।

বইখানা আমাকে দেবার জন্তে সে যখন পর্দাটা একটু ফাঁক করল তখন দেখতে পেলুম তার মুখ। দেহের অম্বখ না মনের অম্বখ কিসের অম্বখ জানিনে। অম্বথের বিষাদ ছিল তার মুখে। তা সত্ত্বেও সে মুখ রাজপুতানীর মুখ। ঝকঝকে তলোয়ারের সঙ্গেই তার তুলনা। গন্সনে আগুনের মতো তার চাউনি। দীর্ঘকাল অনিশ্রায় ভুগলে চোথের দৃষ্টি এ বক্ষ জল্জলে হয়। সে যে দেহে মনে জ্বলছে তা আমি সেই দিনই ব্ঝতে পেরেছিলুম শার একটু পরে। তার গল্প সে আভাসে ইন্ধিতে ও যত কম কথায় পারে তত কম কথাল ব্যক্ত করল আমার কাছে। তার পরে বলল, "আমি আত্মহত্যা কবব না।"

আমি শিউরে উঠলুম।

"নরহত্যাও করব না।"

আমমি রোমাঞ্চ বোধ করলুম। সে যে ওস্ব কাজ পারে এ বিষয়ে আমার সন্দেহ ছিল না।

"এই দুটি সংকল্প গ্রহণ করতে আমার অনেক দিন অনেক রাত লেগেছে। এতদিন কলকাতায় থেকে আমি আর একটা স'কল গ্রহণ করতে যাচ্ছি। আজকালের মধ্যেই সেটা নেওয়া হয়ে যাবে।"

चामात्र कोज्हन जानिहन, किन्ह मूत्र निष्य क्या भविहन ना।

সে নিজের থেকে বলল, "আমি আলাদা থাকব না। এক সংশই থাকতে হবে। অথচ—"

আমি ব্ঝতে পেরেছিল্ম। তাকে বলতে হলোন। কিন্তু আমাকে
চিন্তা করতে হলো। এ মেয়ে যদি স্থামীর ঘর করতে যায় তা হলে কোন
দিন বিষ থেয়ে মরবে, কিন্তা বিষ থাইয়ে মারবে। চিন্তা করতে করতে
আমারি মুথ কালো হয়ে গেছল। তার তো বটেই।

আমি বলতে গিয়ে দেখলুম গলা শুকিয়ে গেছে। এক ঢোক জল থেয়ে বললুম, "কাজ কী তাডাতাভি অমন একটা সিদ্ধান্ত গ্ৰহণ করে? মান্তব যথন ইচ্ছা এক দলে থাকবে, যথন ইচ্ছা আলাদা থাকবে। ইচ্ছার স্বাধীনতা যদি না থাকে তা হলে জীবন হুৰ্বহ হয়।"

"না, না। আপনি বুঝতে পারলেন না। আমি যে আলালা থাকব না, এর মানে আমি আলালা থাকতে দেব না। বিশ্রী লাগবে একসকে থাকতে। প্রতি দিন নিজের সকে সংগ্রাম করতে। সে যে কী জাল। তা কি আমি জানিনে? পদে পদে আত্মসমর্পণের বিপদ। আব আত্মসমর্পন মানেই তো আত্মহত্যা। তার পরে আমি কি আর বেঁচে থাকতে পারি! দেবী নহি, নহি আমি সামান্ত রমণী।"

স্থাতা কথন এক সময় পর্ণার আবরণ দরিয়ে ফেলেছিল। তার দেহ দেখতে পাচ্ছিলুম। দীপশিধার মতো দে জলছিল। স্থানরী নয়, স্বাস্থাবতী নয়, কিন্তু স্থামিতা, স্থাঠিতা। হায়, এ নারী যদি কুস্থমিতা হতো।

আমি বলন্ম, "অমন একটা ভীমের প্রতিক্রা নাই বা করলে, মিতা।"
মিতা সম্বোধন শুনে দে প্রথমটা সচকিত হলো। তার পরে ঝর ঝর
করে কেনে ফেলল। "মিতা," দে ধরা গলায় বলল, "বড় নি:দক্ষ আমি।
বড় নি:দক্ষ।"

কেউ কাঁদছে দেখলে আমারও কান্না পায়। চোখের কোণে জ্বল এসে পড়ে। সমবেদনার সঙ্গে বলনুম, "আমিও।" তার পরে যোগ করলুম, "দূব থেকে হু'জনে পরস্পারকে সঙ্গ দেব।"

তার মৃথ উজ্জ্বল হয়ে উঠল। দে বলল, "বাঁচালে। আমি তা হলে কালকেই চলে যাই। এখানে একটুও ভালো লাগে না থাকতে।"

ত্চার কথার পর দেদিন আমি বিদায় নিলুম। ডায়েরি আমার বগলে। মিতা বলল, "ও বই আমার প্রাণ দিয়ে লেখা। আমার প্রাণ আছে ঐ কৌটায়। আর কাউকে দিয়ে।ন।। হারিয়ে যাবে।"

আমি তাকে আখাদ দিলুম। নামবার সময় মুখোম্থি হলো সরকার-বাব্র সঙ্গে। সে মাক চেয়ে বলল, "পরের চাকর আমি। হঠাৎ কোথাও পাঠালে 'না' বলতে পারিনে। মালা দিয়ে গেছলুম খুকুমণিদের হাতে। পরিয়েছিল তো ঠিক ?"

সেই ভদ্রলোক ইতিমধ্যে আমার পরিচয় পেয়েছিলেন। কাষ্ঠ হাসি হেসে বললেন, "আপনার মতো সজ্জনের পায়ের ধ্লো পড়ল আমার আক্রে। কী গৌভাগ্য আমার। চিনতে পারিনি বলে কিছু মনে করবেন না, সার। ঘটককেও কতকটা আপনার মতো দেখতে।

গেট পর্যন্ত পৌছে দেবার সময় সরকার বলল, "বার্মণায়ের চোর্য ও কান ছই থারাপ।"

স্থানিতার কথা ভাবছিলুম। দারোয়ান যথন "প্যারে বাব্" বলে দেলাম করল তথন আমি অন্তমনত্ব। প্রতিনমন্বার করতে ভূলে গেলুম।

সেই প্রথম দেখাই শেষ দেখা। কিন্তু চিঠিপত্র সম্প্রতি কয়েক বছর থেকে বন্ধ। নইলে পত্রালাপের বিরাম ছিল না। সে বোধ হয় ইতিমধ্যে জার সমস্রার সমাধান খুঁজে পেয়েছে। কিন্তা বিবাস করেছে বে, এ জ্বমে এর কোনো সমাধান নেই। যদি না দেশ জুড়ে বিপ্লব হয়, যার যা বাঁধন আছে তা আপনি ছিঁড়ে যায়।

সেদিন বাদায় ফিরে তার ভায়েরিখানার পাতা ওলটালুম। সে লেখিকা নয়, মনের কথা গুছিয়ে বলতে পারে না। কিন্তু দেখছি তো লেখিকাদের সম্বর। তাঁরা গুছিয়ে বলতে জানেন বটে, কিন্তু যে কথা বলেন সে তাঁদের মনের কথা নয়। মনের কথা লুকিয়ে রাখাই তাঁদের স্বভাব। স্থমিতার বেলা কিন্তু তা নয়। সে যা বলে তা খোলাখোলি বলে। হাতে রেখে বলে না। সম্পাদক হিসাবে কত লেখিকার লেখা পড়তে হয়। সে সব পড়ে আমি লেখিকাকে পাইনে। কিন্তু স্থমিতার বেলা লেখা ভুচ্ছ, লেখিকাই আলল। সেই জন্তে সে আমার মিতা।

পরের দিন থেকে ভায়েরিখানা ভালো করে পড়তে আবস্থ করি।

শাগাগোড়া পড়ে শেব করতে আমার কয়েক দিন লাগে। সে তো
ভায়েরি নয়। একটি মান্থবের রক্তাক্ত হৃদয়। ইংরেজ কবি অতি দ্বংথে
লিখেছিলেন, What man has made of man! সে মান্থ আর
কেন্ট নয়, নিজের খামী, নিজের স্থী।

এদের সমন্ধ শুরুতে বেশ মধুর ছিল। কী করে যে এবা নিকটভয

হয়েও দ্বতম হয়ে উঠল সে অনেক কথা। অনেক দিনের ক্রমবিকাশ। ক্রমবিকাশ না ক্রমবিকার? মোট কথা, যা হয়েছে তা এক দিনে হয়নি। ক্রমে ক্রমে হয়েছে। ধীরে ধীরে অলক্ষিতে হয়েছে। ভূমিকম্প হঠাৎ হয়, কিন্তু তার প্রস্তুতি অনেক দিন ধরে চলে।

এদের বেলা যে ভূমিকম্প ঘটে সেটাও অকস্মাং। এক দিন স্থমিতা তার নারীস্থলত সহজ্প বোধ দিয়ে ব্যুতে পারল তার স্থামী আর কোনো মেয়ের সঙ্গে সহবাস করেছে। সে তৎক্ষণাং প্রশ্ন করল, বলো, সত্য কি না?

প্রথমে উত্তর পেল না। তার পরে উত্তর পেল, না। তার পরে বহু পীড়াপীড়ির পর তাজানতে পেল তাভূমিকম্পের চেম্নে কিসে কম। বরং আরো নিদারুণ।

স্মিতা আশা করেছিল তার স্বামী লক্ষিত হবে, অস্তাপ করবে,
মার্জনা চাইব। প্রতিজ্ঞা করবে যে আর ওপথে বাবে না। কিন্তু
ভার স্বামী তার সক্ষে কথা বলা বন্ধ করে দিল। এমন ভাব দেখাল বেন দে স্বামীর কাছে কৈফিয়ৎ চেয়ে মহা অপরাধ করেছে।
ক্ষমাপ্রার্থনা ধদি করতে হয় তবে করতে হবে তাকেই তার
অন্ধিকার চর্চার অভ্যে।

হতাশ হলো স্থমিতা। হতভ্য হলো। লজ্জার মাথা থেয়ে সধীনের বলতে পাবে না কী হয়েছে, কেন দিন দিন শুকিয়ে যাছে। দিদিকে লিবতে পাবে না। মা'কে জানাতে পাবে না। বিয়ের ত্'বছর প্রতে না প্রতে বিয়ের ফুল ভালো করে ফুটতে না ফুটতে এ কী ঘটল ভার জীবনে। সে বে মা হয়নি এখনো। খামীর সঙ্গে সব সম্পর্ক কাটাবে কী করে। পারবে কেন। কড দিন পারবে।

ভার স্বামী ভার শ্রেষ্ঠ বন্ধু। এত দিন ডাই ভো সে কানত। এটা কি বন্ধুর মতো কাক হলো! বন্ধুর মতো কাক হছে! স্বামী কথাবার্তা বন্ধ করেছে এইজন্তে বে দে প্রতিদিন কৈফিন্নৎ চাইবে ভাকে প্রতিবার একই রকম উত্তর দিতে হবে, কথায় কথা বাড়বে। ভাবে চেয়ে চূপ করে নিজের কাজ করে যাওয়া ভালো। স্থমিতা কীকরে, কীকরতে পারে দেখা যাক।

সাজানে। সংসার ফেলে হগাৎ বাপের বাড়ী চলে যাওয়া মৃথের কথানয়। একবার চলে গেলে ভার পরে ফিরে আসাও পরাজয় বীকার ও প্রভায় দান! তবে কি আত্মহত্যা করলে সকল দাহ কুড়াবে?

ভাষেবির পাতার পর পাতা আত্মহত্যার প্রসঙ্গে ভরা। আত্মহত্যার পকে ও বিপক্ষে যত রকম যুক্তি থাকতে পাবে প্রত্যেকটির উল্লেখ ও বিচার ছিল তাতে। কিন্তু একসঙ্গে নয়। এক এক দিন এক এক রক্ষ চিয়ার উদয় হয়। কোনো দিন ভাবে, আত্মহত্যা যে করব তার ফলে কার কতটুকু আসবে যাবে? স্বামীর কি শিক্ষা হবে? বৈরাগ্য জন্মাবে? গোবিন্দলালের মতো সোনার ভ্রমর পূজা করবে? মরার পরে সোনার প্রতিমা হতে কেই বা চায়? কোনো দিন ভাবে, ফলাফল কী হবে না হবে কেউ জানে না, কেউ বলতে পারে না। কিন্তু একজন দিনের পর দিন পাপ করে যাবে, আর একজন দিনের দিন তা সহু করে যাবে, এর একটা সীমা আছে। শেষ সীমায় পৌছলে আত্মহত্যাই একমাত্র পরিণাম।

একমাত্র ? না, একমাত্র কেন ? নরহত্যা বলে আর একটা পরিণাম আছে। অহরপ অবস্থায় কেউ আত্মহত্যা করে, কেউ করে নরহত্যা। ত্রী বদি অসতী হয় ক'জন স্থামী আত্মহত্যা করে ? অনেকেই তো করে নারীহত্যা। আদালতের বিচারে তারা ধালাসও পায়। জনমতের বিচারেও। সতীনকে হত্যা করাও তো সনাতন প্রথা। নিজের হাতে করতে হবে না। অপরকে দিয়ে করাতে হবে। ধরা পড়ার চেয়ে ধরা

নাপড়াই সম্ভবপর। ধরা পড়লেই বা এমন কী ক্ষতি। সাজা হবে, কিন্তু সেটা এমন কিছু অসহানয়।

ভাষেরির পাতার পর পাতা ভুড়ে নরহত্যার পক্ষে ও বিপক্ষে যত রকম তর্ক উঠতে পারে তার উল্লেখ ও আলোচনা। পড়তে পড়তে মাথা থারাপ হয়ে যায় আমার। লিখতে লিখতে ওর যে হবে এতে আশ্চর্য হবার কী আছে! কয়েক মাদের ভায়েরি কেবল পাগলের প্রলাপ। ও যে পাগল হয়েছিল এবিষয়ে সন্দেহ নেই। ভবে ওর পাগলামি হিংসায়ক হয়নি। নইলে নরহত্যা বা আত্মহত্যা একটা কিছু ঘটে যেত।

সব চেয়ে অন্তুত কথা, স্বামীর কোনো পরিবর্তন দেখা গেল না। যার হৃদয় আছে তার হৃদয়ের পরিবর্তনও আছে। সে অন্ত্রাপ করে, ক্ষমা চায, দাম্পত্য সম্বন্ধ প্নঃপ্রতিষ্ঠার জন্মে যত্নীল হয়। কিছু এ লোকটা একোরে পাষাণ। স্থমিতা একদিন তাকে কাতর ভাবে স্থালো, ওগো বলো আমাকে, আমার কী কর্তব্য। আমি যে আরু পারিনে।

সে ভার কী উত্তর দিল, জানো ? শুনলে বিশাস করবে ? কথনো কল্পনা করতে পারো ?

বলন, তুমি আর কারো দঙ্গে স্থী হতে পারো। আমার দঙ্গে যদি ক্ষতিনাহয়।

কেমন, ভাষা, চমকে উঠলে তো ? আমিও লাফ দিয়ে উঠেছিলুম। ছনিয়ায় এমন রাক্ষণও আছে। এ বে আভার স্বামীকেও হার মানায়। ভায়েরি ছেড়ে দেদিন আমি পিন্তলের থোঁজ করলুয়। পুলিশের ভয়ে লুকোনো ছিল ওটা। পিন্তলটা হাতে নিয়ে ভাবলুম আমার দোনার চাঁদ ছেলেদের একজনকে দিয়ে বলি, যাও, গীতায় যা করতে বলেছে নিজাম ভাবে করো। ফাঁসি হয় তো স্বর্গে যাবে।

পিন্তল খুঁজে পাওয়া গেল না। স্থকুমার ওটাকে নিরাপদ স্থানে সরিয়ে বেখেছিল।

খানিকক্ষণ লক্ষ্মক্ষা করে আবার দিরে গেলুম ডায়েরির পাতার। আবাক হয়ে পড়লুম স্থমিতাও রিভলভারের জন্ম বাড়ী তোলপাড় করেছিল। কাকে খ্ন করত লেখেনি। স্বামীকে, না সতীনকে, না নিজেকে। রিভলভার খুঁজে পাওয়া যায়নি। একটা পেন্দিল কাটা ছুরি তুলে নিয়েছিল, কিন্তু তা দিয়ে কাউকে আঘাত করার আগে তার স্বামী তাকে কোলে টেনে নেয় ও আদর করে। সে অবশ্য দস্তরমতো বাধা দেয়। কিন্তু তথু দস্তরমতো।

বান্থবিক, মেয়েদের তুর্বলতা দেখে দেখে আমার ঘেয়া ধরে গেছে, ভায়া। ছি ছি ছি। দে মেয়ে এক মিনিট আগে রিভলভার হাতে পেলে অনর্থ বাধাত দেই মেয়ে এক মিনিট পরে একটুগানি ধন্তাধন্তি করে তার পরে—যাক, আমি তো বিয়ে করিনি, আমি তার কী জানি! তুমি জানো।

দাদা বদন বিকৃত করে নীরব হলেন। আমিও লজ্জায় গেণতে অবোবদন।

এই তোমার স্থীজাতি! (দাদা আবার আবস্ত করলেন।) এরই বন্দনা করে আমি কবিতা লিখেছি এবং দেই বন্দনায় বিশাস করে জীবন-ভর কেদেছি। যাক্, শোনো যা বলছিল্ম।

স্মিতা যে উন্নসিত হয়েছিল তার ভায়েরি থেকে তা বোঝা যায়।
কিছু বৃস্থমে কীট থাকার মতো আনন্দে সন্দেহ ছিল। তার স্বামী কি
তা হলে অহতপ্ত! আর কথনো ও পথে বাবে না! কী জানি! প্রশ্ন করতে সাহস হয় না। যদি উত্তর না পায়, যদি সেই পুরাতন উত্তর পায়!

কাজ নেই প্রশ্ন করে। প্রশ্ন করতে গিয়েই তো এত কাও। চোৰ

বুজে থাকলে তো বেশ হথে থাকা যেত। কত মেয়ে চোথ বুজে আছে বলেই স্থাবে আছে। আগে মা হও, আগে জীবনের বড় বড় সাধগুলো। মিটুক, তার পরে প্রায় করা বাবে।

এই ভাবে স্থমিতা মনকে চোপ ঠাবল। ডায়েবির পাতা হিসাব করলে দেখা যায় এই ভাবে কাটল দেড় বছর। কত বাব ডার বৃক ঠেলে উঠল সেই প্রশ্ন, কিন্তু মুখ দিয়ে বেরোল না, মুখের আগায় ছলল। সে দানত দে প্রশ্নের কী উত্তর, নতৃন করে জানবার ছিল না কিছু। জানবার যা ছিল তা বিনা বাক্যেও জানতে পারা ষেত। অভিচার থেকে বিরতি।

সে মনে করেছিল একদিন সে মাহবে। মাষদি হয় তা হলে তার সব হংখ সার্থক হবে। তাবপরে আর বামীপদের প্রয়োজন থাকবে না। সে সীতার মতােু তপবিনী হবে। কত শত পতিপরিত্যকা আছে, তাদের যদি সহ হয় তারও হবে।

কিন্তু কই, তেমন তো কিছু ঘটল না। তা হলে কি অনম্ভকাল অপেক্ষা করতে হবে। অপেক্ষার ধানা কি এই। এমন করে কি মহয়াত্ত বাঁচে। যার মহয়ত্ত নেই ভার নারীত্ত থাকে কী করে। সে ভো বিশুদ্ধ স্ত্রীপশু।

অবশেষে সে তার স্বামীকে বলল, "তোমার কি হাণয় বলে বিছু নেই ? নিজের স্থ নিয়ে আছ, আর এক জন যে ভরা ভোগের মাঝখানে অন্থী। এটা কি ভোগ, না ঘূর্ভোগ ?"

স্বামী দীর্ঘাদ ফেলল। বলল, "তোমাকে স্থা করার জন্তেই আমার চেষ্টা। তুমি যদি স্থানা পাও তবে আর কেন গু"

তাদের সম্পর্কে স্তাে আবার ছি ড়ে গেল। তথন দে সাহদ করে দেই প্রশ্নটা আবার তুলন। উত্তরে ভনল, "হিন্দীতে একটি দোঁহা আছে। কবিবের না তুলদীদাদের, ঠিক মনে নেই কার। চম্পায় হৈ তিন গুণ রঞ্জপ অওর বাস এক অবগুণ হৈ জো ভ্রমর ন জাওয়ে পাস।

তোমারও তিনটি গুণ আছে। কিন্তু একটি অবগুণ আছে যার ছয়ে শুমর তোমার পাশে আদে না।"

স্থমিতা জানতে চাইল, "আমার অবগুণ কী দেখলে তুমি '' উত্তর পেলো, "তুমি বড় বেশি ঝাঁজালো।" স্থমিতা অবাক হয়ে বলল, "ওটা এমন কী দোষের !"

শুনল, "দোষের কি না জানিনে। হয়তো দোষের নয়। আর কারো কাছে গুণের হয়তো। স্থমিতা, তোমার উচিত ছিল আর কাউকে বিষে করা।"

স্থমিতা রাগ করে বলল, "তোমারও উচিত ছিল সামাকে বিল্লে না করা। এখন ওকথা বললে চলবে কেন্!"

শে দিন ওদের বোঝাপড়া শেষ হলো না। জেব চণল দিনের
পর দিন। ত্'পক্ষে অনেক বক্তব্য ভমেছিল। কেবল বক্তব্য, জ্ঞাতব্য।
স্থামী কোথায় যায়, কার কাছে যায়, কী তার গুণ, দে কি এক,
না একাধিক। এমনি কত কথা।

শেষে স্থমিতা বলন, "তোমার বিখাদ তুমি যা খুনি করতে পারে।, কেন না তুমি পুরুষ। তোমার এই বিশাদ ঠিক নয়।"

ভার স্বামী বদল, "তুমিও যা খুদি করতে পারো, আমার আপত্তি নেই।"

স্থমিতা জ্বলে উঠল, "কী করতে পারি ?" শয়তানটা বলল, "বাতে তোমার স্থুখ !"

ভারপর তাদের মধ্যে হাভাহাতি বেধে গেল। কিন্তু ঐ পর্যন্ত! স্থামিতা হাঁপাতে বলল, "লম্পট। …… নিজে বেমন, মনে করেন সকলে ডেম্মনি।"

তার স্বামী আবার মৌনত্রত অবলম্বন করল। তার পরে ?

তার পরে নিজের করাল রূপ দেখে ভয় পেয়ে গেল স্থমিতা। কে জানে কোন্দিন খুন করে বদবে স্থামীকে অথবা নিজেকে! তার চেয়ে কোথাও চলে যাওয়া ভালো, যেথানে স্থামী নেই, স্থামীর উপর রাগ করে খুনোখুনির ভয় নেই। চলে যাবার কথা আগেও ভেবেছে, কিছে যদি কিরে আগতে হয় কোন্ম্থে ফিরে আসবে! হয়তো এবে দেখবে তার বিছানায় আর এক জন শুয়েছে। তথন কি সে আগেবটি তুলে নিয়ে ম্ডো কুটবে না ?

এবার কিন্তু চলে যাওয়াই স্থির করল দে। চলে যাবে, ফিরে আদবেনা। যদিনা স্বামীর স্থলাব বদলায়। অথবা তার নিজের। স্বামীর প্রথম রিপু, নিজের ঘিতীয় রিপু। চলে যাবে তার দিদির বাছে কলকাতায়। দিদির সাহায্যে অল্ল কোনো পরিবারে শিক্ষিত্রীর কাজ জুটিয়ে নেবে। ছোট ছেলেমেয়েদের পড়াবে, স্চীশিল্প শেখাবে, খব যে ভালো লাগবে তা নয়। কিন্তু খুনজ্থম করে জেল খাটার চেয়ে ভালো।

চলে গেল স্থমিতা। বাধা পেলোন।।

কিন্তু দিদির বাড়ী পৌছেই বাধল অস্থ। বুকে ব্যথা। এ ব্যথা তার কোনো দিন ছিল না। এ কি দেহের না মনের না হৃদয়ের পূ চিকিৎসা চলল। ভাক্তার এলো, নাদ এলো। থরচ হলো দিদির। তার মানে জামাইবাব্র। কী করে এ ঋণ শোধ করবে দেঃ করে শোধ করবে ? এ অস্থ নিয়ে কাজ করবে কার বাড়ীতে ? পারবে কেন ?

এপব কথা ভাবতে ভাবতে ফিরে যাবার কথাই ফিরে ফিরে মনে এলো। কিছু ফিরে গিয়ে কি এক মূহুর্ত শান্তি পাবে ? অশান্ত হার্দয় নিয়ে এক দিন কি আত্মহত্যা করবে না ? অতথা নরহত্যা ? কে জানে কোন্ নিষ্ঠুর নিয়তি তাকে টেনে নিয়ে যাচ্ছে বিয়োগান্ত নাটকের নামিকার মতো হুর্ঘটনান্থলে!

এমন সময় তার হাতে পড়ল আমার রচনা। মনে হলো তার সঙ্গে কোথায় যেন অদৃশ্য মিল আছে আমার। ইচ্ছা করল আমাকে তার সব কথা জানাতে। তার পরে আমার পরামর্শ জানতে। আশা করেছিল খুব সহজেই আমার দেখা পাবে। কল্পনা করেনি যে আমার দেখা পেতে এত দিন শাগবে। ইতিমধ্যে ত্'ত্টো সিদ্ধান্ত নেওয়া হয়ে পোছে। আর একটা সিদ্ধান্ত বাকি। সেটাও নিতে যাছে তব আমার পরামর্শ চাষ। সামনে মহাসহট। কী যে আছে কপালে। তার অস্থপস্থিতির স্থ্যোগ নিয়ে কে যে কথন উড়ে এসে জুড়ে বদে কোনে!

ফিলে পিয়ে স্থমিতা আমাকে চিঠি শিথল। জানতে চাইল ভায়েরি
পড়ে আমার কী বৃক্তব্য। নিজের দম্বন্ধে জানাল, সাধুরা কণ্টকশ্যায়
শুরে তপস্থা করেন। সে কণ্টক সহা হয়। কিন্তু এ কণ্টক সহনাতীত।
মনে মনে সন্ধ্যাস নিয়েছি। তব্ এক সঙ্গে একশো কাঁটা বিধছে। আবার
পালাব কি না ভাবছি। পালাতে পারলে বাঁচি! কিন্তু কোথায়। তৃমি
কি হতভাগিনীকে আশ্রেম দেবে। তোমাদের দক্ষে আমিও তো দেশের
কালে প্রাণ উৎসর্গ করতে পারি। বলো তো বোমা ছুঁড়ে কাঁসিকাঠে
মুলতে রাজী আছি।

স্থমিতাকে আশ্রয় দিতে পারলে খুনি হতুম, কিন্তু সে ভাবে তার সমস্তার সমাধান হবে না। কয়েকদিন পরে সে আবার ফিরে বেতে চাইবে। না গেলে ভার অস্থপন্থিতির স্থোগ নিয়ে আর কেউ তার শধ্যা অধিকার করবে। তার মন পড়ে আছে তার শ্যার। হলোই বা কণ্টকশ্ব্যা।
বার বার চলে আদবে, বার বার ফিরে যাবে, এ খেলা দে খেলতে চায় তো
একা খেলুক, আমাকে বা আমার সহক্ষীদেরকে তার খেলার সাথী করে
তার কী লাভ! অমন করে কি দেশের কাজ হয়! বোমা ছুঁড়ে
কাঁদিকাঠে ঝুলতে রাজী আছে এমন মেয়ে কি এই একটি! অনেক
মেয়ের কাছে আমরা এ প্রতাব শুনেছি। কিন্তু মেয়েদের আমরা বিপদের
মূখে ফেলতে চাইনে। তাতে আমাদের পৌরুষ লক্ষ্মা পায়। মরতে হয়
আমরা মরব, মারতে হয় আমরা মারব! পুরুষের সঙ্গে পুরুষের সংগ্রাম।
নারী কেন পুরুষের স্থান নেবে ?

সত্যি, আমার কথাটা ভেবে দেখো। হেসে উড়িয়ে দিয়োনা।
মহাআজী তাঁর আন্দোলনে মেয়েদের ভাক দিয়েছেন, কারণ ওটা গণআন্দোলন, গণ বলতে আবালবৃদ্ধবনিতা সকলকেই বোঝায়। কিন্তু
আমাদের ওটা আন্দোলন নয় দৈরথ। সবাইকে আমরা ভাকিনি,
১৮কেছি বাছা বাছা জনকতক ছেলেকে। যাদের সঙ্গে ভ্রেল তারা
পুরুষ। স্বতরাং যারা ভূয়েল লড়বে তারাও পুরুষ। অপর পক্ষে বদি
নারী থাকত এ পক্ষেও থাকত। কিন্তু এখন প্যন্ত ওরা নারীর সাহান্ত্য
নেয়নি। আমরা কেন নেব ? নিলে কাপুরুষতার পরিচয় দেওয়া হবে।
আমি যত দিন সম্পাদক ছিলুম তত দিন এ বিষয়ে আমার বাম চূড়ান্ত
ছিল। মেয়েদের আমরা আসতে দিয়েছি, কিন্তু ফ্রন্ট লাইনে নয়।
ভদের বেমন টেলিফোন অপারেটর, আমাদের তেমনি চিঠিপত্র
অপারেটর।

না, নাবীকে পুক্ষের স্থান দেওয়া হবে না। নারী যদি কোনো কারণে তার নিজের স্থান হারায় তবে তাকে স্থানের জন্মে জীবনপণ করতে হবে। স্থামিতাকে লিখলুম, আমাদেব আনন্দমতে শাস্তি বা কল্যাণীর স্থান নেই। আশ্রয় এখানে হবে না। তোমার সংগ্রাম সব দেশের

দ্ব মুগের দব নারীর দং গ্রাম। দে সংগ্রামে ভব্দ দিয়ে কেন তুমি আগতে চাও বাংলাদেশের বর্তমান কালের মৃষ্টিমেয় ক্ষতিয় যুবকের দংগ্রামে ? তোমার দংগ্রামে তুমি আমাদের দহাস্কৃতি পাবে। আমাদের দংগ্রামে আমরাও পাব তোমার দহাস্কৃতি। কিন্তু কেউ কারো স্থান নেবে না। তুমি আমার মিতা, আমি তোমার মিতা। কিন্তু আমার স্থান তোমার নয়, তোমার স্থান আমার নয়। তোমাকে তোমার স্থানেই থাকতে হবে। তার মানে এ নয় বে স্থামীর বাডীতেই থাকতে হবে। ইচ্ছা করলে দিদির বাডী থেতে পারো, কিন্তু উদ্দেশ্য হবে স্থানের জন্তে দংগ্রাম। থোরপোশের মামলা চালাতে পারো, চালাতে পারো আইনত সভ্রাম। থোরপোশের মামলা চালাতে পারো, চালাতে পারো আইনত সভ্রাম। প্রাক্রাম এতিক্রা করো বে স্থামীর অল গ্রণ করবে না। সয়্যাসের প্রতিক্রা তো ইতিমধ্যেই গ্রহণ কবেছ।

স্মিতা এর উত্তবে কী লিখল, জানো? লিখল, ওটা আমার প্রতিজ্ঞা নয়, ওটা আমার প্রতিক্রিয়া। তবে আয়ুদ্মপণ কবব না, এটা স্থির। তারপর স্বাবলম্বন সহলে যা বলছ, তার জবাব এই যে স্থামীর বাজীতে থেকে স্থাবলম্বী হওয়া যায় না। স্বাবলমী হতে হলে অক্তরে থেতে হয়়। কিন্তু আমি যদি অক্তরে যাই আমার জায়গা বেদখল হবে। অন্তত সেই কথা ভেবে মন খারাপ হবে। বুকের বয়থায় কট্ট পার। তবে যদি দেশ আমাকে তাক দেয় তার একটা উন্মাদনা আছে। উন্মাদ হয়ে ঝাঁপ দিতে পারি; বাঁচি আব মরি। সেইজ্ঞেই তোঁ এত করে বলছি, আমাকে তোমরা ভাক দাও। আমি দেশের কাজে ঝাঁপ দিই। ফাঁসিকাঠে ঝুলে আমার সকল বয়ণা জুড়াক। আর বদি বেঁচে থাকি তো সেটা হবে বাঁচার মতো বাঁচা। তার স্থাদ পেলে কেউ কুলে ফিরে আসার কথা ভাবে না।

স্তিয় তাই। আমি বদি স্থমিতা হতুম আমিও তাই দিখতুম।

তা বলে আমি তাকে ডাক দেবার কে। আমি কি দেশ। ফিরে যাবার পথ খোলা না থাকলে দে যে কোথায় তলিয়ে যাবে কে জানে। ফাঁদিকাঠে ঝোলা সকলের ভাগ্যে ঘটে না। তার কপালে হয়তো আছে কারাবাস। কারাগার থেকে বেরিয়ে কোথায় দাঁড়াবে সে? কে তাকে আশ্রয় দেবে? স্বাবলম্বনের জন্মে কী করতে পারে সে? মরবে তো হাসপাতালে যন্দ্রায়। নয়তো আবার সেই স্বামীর ঘরে সতীনের ঝাঁটায়।

আমি বিশাদ করতুম দব দমস্তার দমাধান আছে। খুঁজলে পাওয়া ধায়। কিন্তু স্থিতার দমস্তার দমাধান কী? খুঁজে তো পাইনে। আমার বিশাদের মূলে ঘা লাগল। তবে কি এর কোনো দমাধান নেই ? না, আছে দমাধান। দেশ যদি ডাক দেয় তাহলে দে ঝাঁপ দিয়ে বাঁচৰে। দেই যে জীবন তার মধ্যে মরণও আছে, আছে ব্যাধি, আছে জরা। তব ভা অমূত। একবার যে তার স্থাদ পেয়েছে দে চিরকালের মতো স্থী হয়েছে, তৃপ্ত হয়েছে। কিন্তু আমি তো দেশ নই। আমি ডাক দেবার কে! গল্ম লিখতে লিখতে আমি হয়ে উঠেছি নীরদ নীরেট গদাই লম্বর। তাই গদাই লম্বরী ভাষায় লিখি, স্বাবল্ধিনী হতে চেষ্টা করো।

মোট কথা, সে চায় আত্মবিদর্জন। তার জন্মে আগেকার দিনের ব্যবস্থা ছিল ধর্মের ডাক শুনে সর্বস্বত্যাগ। মীরাবাঈ তার ক্লাদিক উদাহরণ। আজকের দিনে সে ব্যবস্থা নিস্প্রভ। এখন চাই নতুন কোনো ব্যবস্থা। কে তার কথা ভাবছে! আমি একা কত ভাবব।

বলতে বলতে প্রিয়দর্শনদা অন্তমনম্ব হলেন।

স্থমিতার কাহিনী শুনতে শুনতে আমিও অক্সমনস্ক হয়েছিলুম।
আমার মতে এ সমশ্রার পরিষ্কার পরিচ্ছন্ন সমাধান বিবাহবিচ্ছেদ ও
পুনর্বিবাহ। সমাষ্ট্রের তথাকথিত নিম্নন্তরের মেয়েরা এ নিয়ে এড

জ্ঞানে পুড়ে মবে না। তারা স্বামীর ঘর ছেড়ে চলে বায়। স্বামীর ভাত থায় না। তার পরে আর কাউকে সাঙা করে। সমাজ তা নিমে হৈ চৈ করে না। তাদের অসতী বলে না। বত কিছু ফ্যাসাদ স্বামাদের তথাকথিত উচ্চগুরকে নিমে। আমাদের নীতিবোধ কেবল মেরেলের বেলা সক্রিয়। তাই যত রকম উদ্ভট সমাধান উদ্ভাবন করতে হয়।

বলনুম, "দাদা, আপনার কতকগুলো প্রচ্ছন্ন দংস্কার আছে। সেই জন্ত আপনি দরলকে জটিল করে নতুন নতুন ধাঁধা তৈরি করছেন। স্থমিতার স্থামী আপনার চেন্নে দোজা মাহ্ধ। দে তার জীকে দোজা বলে দিয়েছে তুমি আর কারো সঙ্গে স্থী হতে পারো।"

দাদা ক্ষেপে গিয়ে বললেন, "নিজে জাহাল্লামে গেছে, ভাই যথেষ্ট নয়, আর একজনকে জাহাল্লামে পাঠাবে ? না, না, না, না, না, না। তা কিছুতেই হবে না।"

"তা হলে আপনি অষ্টম এড ওয়ার্ডকে নিয়ে কবিত করতে ধান কোন্
মূখে ?"

"ও কথা," দাদা মাথা চুলকে বললেন, "আসাধারণদের বেলা খাটে। আমরা সাধারণ লোক। আমাদের বেলা অতা নিয়ম।"

আমি হেসে বললুম, "দাদা, প্রাকৃতির দিকে চেয়ে দেখুন। সমগ্র প্রাণীক্ষপতে এক্ষচর্থের মতো অদাধারণ আর কী আছে । অথচ এই হুলো আপনার ব্যবস্থা আভার মতো স্থমিতার মতো দাধারণ মেয়ের করে।"

দাদার চোথে জল দেখা দিল। তিনি ভারী গলায় বললেন, "ভাই, আমি কি তা ব্ঝিনে? কিন্তু নারী যে তা হলে ছোট হয়ে বায় আমার চোথে। বে ছোট আমি কি তার বদ্দনা গাইতে পারি! তৃমি শারো?" "আমার চোধে ছোট হয় না। তাই আমি পারি।" আমি বলনুম।

দাদার কাহিনীর থেই হারিয়ে গেছল। থেই খুঁজে পেয়ে হাতে নিলেন।—

ষা বলচিলুম। স্থমিতা জেদ ধরল কলকাতায় আদেবে, আমার সক্ষে থাকবে, দেশের কাজে ঝাঁপ দেবে। কণ্টকশ্যা আব ভার সহা হচ্ছে না। সারাক্ষণ হল ফুটছে। আমি যদি 'না' বলি তা হলে সে বেল লাইনে মাথা পেতে দেবে। ভাবনায় পড়লুম।

আমার সংকর্মী স্থকুমার ধরা পডেছিল বলেছি বোধ হয়। তাকে ওরা মাণ্ডালে পাঠার। আমার বিক্ষে তেমন কোনো অভিযোগ ছিল না। আমাকে ধরল না, কিন্তু আমার কাগজের কাছে জামানত চাইল। জামানতের টাকা দিতে পারি এমন অবস্থা আমাদের নয়। কাগজ উঠে গেল। সম্পাদক তা হলে কিসের সম্পাদনা করবে! আমার প্রয়োজন ফুরোল। বন্ধুরা বলল, তুমি এবাব চাকরির চেটা দেখ। চাকরির জন্তে আমাকে চোখে সর্যে ছল দেখতে হলো। কিন্তু দেই যে কিছু দিন উত্তর বঙ্গে জমিদারি চালিয়েছিলুম। সেই থেকে আমার কিছু স্থনাম হয়েছিল। উত্তর বঙ্গের আব এক জায়গায় কাজ ভুটে গেল। জমিদারির কাজ।

কাজ নিয়ে যথন আমি কলকাতা ছাডি তখন স্থমিতাকে লিখি, লোক্ষনিন্দার ভয় আমার নেই। ভোমার যদি না থাকে তৃমি আমার সুঙ্গে আমার মাদিমার সঙ্গে যত দিন খুশি থাকতে পারো। ছোটখাট একটা মেয়েদের স্থল চালাবে। দেও দেশের কাজ। তবে তাতে খুনজখম ফাদি ইত্যাদি নেই। কেমন, রাজী প

স্থমিতা এর কোনো উত্তর দিল না। বোঝা গেল রাজী নয়। পরে তার সঙ্গে আমার আবে। অনেক দিন চিঠি লেখালেখি চলেছিল। কিন্ত আমার কাছে আসতে চায়নি। আমিও বলিনি। ধীরে ধীরে পত্রবিনিময় বন্ধ হয়ে যায়। শেষ চিঠি কে লিখেছিল মনে নেই। হয়তো স্থমিতা। সে সব চিঠি মনে রাধবার মতো নয়।

তুমি তো পাটনা যাচছ। তার ধবর নিতে পারো। দেখা করলেই বা ক্ষতি কী! হুঁ! তার স্বামী কী মনে করবে! ঠিক। তবু জানতে ইচ্ছা করে ও কেমন আছে। কী ভাবে ওর সমস্তার সমাধান হয়েছে। স্বাশা করি আভার মতে। নয়।

এর দিন কয়েক পরে আমি পাটন। যাই। পাটনায় স্থমিতার সঞ্চে দেখা করতে যাইনি, কিন্তু তার ধবর নিয়েছিলুম। শুনলুম তার স্বামীর সঙ্গে সে রোজ ক্লাবে যায়, টেনিস থেলে। বাইরে থেকে বোঝবার উপায় নেই যে তারা স্থী দম্পতি নয়। বা তাদের সম্বন্ধ স্বামী-জীর সম্বন্ধ নয়। তবে তাদের ছেলেমেয়ে হয়নি। এর থেকে দাদার অল্মান, স্থমিতা প্রতিজ্ঞা ভক্ষ করেনি। আমার অল্মান, প্রতিজ্ঞা ভক্ষ করতে হয়নি। মুরগী খায় না, কেননা পায় না। দাদাকে এ কথা বলায় তিনি আমার উপর অগ্নিশ্রমা।

"মেয়েদের প্রাক্তি তোমার একটুও ভক্তিল্লদ্ধা নেই। তুমি নাইট বও।" তিনি জলে উঠলেন।

আমি অন্ত্যোগ করলুম। বললুম, "আমি তো বছবচন ব্যবহার করিন। স্থমিতার কথা হচ্ছিল। আর কারো কথা নয়।"

"তোমার মনোভাব দেখে মনে হয় তুমি তপস্বিনীদের প্রতি সক্রদ নও। সেইজন্মে আমার ভরসা হয় না তোমার কাছে আর কারে। কথা বলতে।" দাদা একটু নরম হলেন।

"আর কারো কথা বলতে ইচ্ছা করেন নাকি ?" আমি কৌতৃহলী হলুম।

দাদা দীর্ঘনি:খাস ফেলে বললেন, "হায়! আমার হাতে ধলি জরীন

কলম থাকত আমি নিজেই লিথতুম সে সব কাহিনী। তোমার কাছে জরীন কলম আছে, কিন্তু ভোমার মনে ভক্তিশ্রদ্ধা নেই, তুমি পরিহাস করতে পটু। উ: কী ভয়ানক কথা! মুরগি খায় না, কেননা পায় না। ভোমার কি দয়ামায়া নেই। কত ছ:থ ঐ মেয়েটির। দিন দিন ভকিয়ে বাচ্ছে নিশ্চয়।"

"কই, দে কথা তো কেউ বলল না, ববং ভাননুম বেশ মোটা হয়েছে।"

"মোটা হয়েছে। থাক, থাক! আর ও প্রসঙ্গ নয়। আমি ওকে দ্যাকরি।"

আমি গছীরভাবে বলনুম, "দাদা, মাহুষকে আমি শ্রদ্ধা করি বলেই দ্য়া করিনে। যাকে দ্য়া কবি তাকে শ্রদ্ধা করতে পারিনে। আমি যদি স্থমিতা হত্ম তা হলে অমন স্থামীব সঙ্গে ঘব করত্ম না, পালিয়ে গিয়ে আর কাউকে নিয়ে ঘর করত্ম। তখন আমার এক রাশ ছেলেমেয়ে হতো।" যোগ করলুম, "তারা সত্যক্লদাত।"

প্রিয়দর্শনদা কানে আঙুল দিয়ে বললেন, "না, না, অমন কবলে নারী আমার চোথে ছোট হয়ে যাবে। কী করে তাকে বন্দনা করব!"

"ভোট হয়ে যাবে কী। ছোট হয়ে গেছে।" আমি নির্মান্তাবে বলনুম, "স্বামী-প্রীর সম্বন্ধ এমন নহ যে একজন বাইরে ভোজ থেছে বেড়াবে, আব এক জন ঘরে খিল দিয়ে উপবাস করবে। কেউ বিদি তা করে তা হলে সে প্রাক্ষার পাত্রী নয়, করুণার পাত্রী। দাদা, আপনি তাকে দয়। করেন, দয়। করেন বলেই বন্দনা করতে পারেন না।"

"কী জানি।" দাদা উদ্প্রাস্ত হয়ে বললেন, "যে মেয়ে কিছুতেই আফাসমর্পণ করল না, দিনের পর দিন প্রলোভন দমন করল, জয় করল প্রথম রিপুকে, দিতীয় রিপুকেও, তাকে যদি শ্রদ্ধা না করি তো শ্রদ্ধা করব কাকে। হাঁ, দয়া করি, কিন্তু শ্রদ্ধাও করি।" বান্তবিক, এ কিছু সামায় কাজ নয়, এই দিনের পর দিন আত্মরকা ও আত্মনংববণ। আমি নত হয়ে বললুম, "তা ঠিক। স্থমিতা অসাধ্য সাধন কবেছে। কিছু নিরর্থক এ তপস্থা উর্বে বাহর মতো। এর চেমে কত না ভালো হতো যদি দে আর কাবো সঙ্গে স্থমী হতো। তথন তাকে আমি বলনা করতুম। বলতুম, এই তো পরিপূর্ণ নারী।"

माना याथा नाष्ट्रत्न । वन्त्नन, "ना, ना, ना।"

নারীত্বের আদর্শ নিয়ে প্রিয়দর্শনদার সঙ্গে আমার মততেদ উভয়কে
পীড়া দিল। নারী তেজস্বিনী হবে, অসমান সহ করবে না, অস্থায়ের
প্রতিরোধ করবে, এই পয়ন্ত তাঁর সপে আমি একমত। কিন্তু নারী
তপন্থিনী হবে, অন্থ পতি গ্রহণ কববে না, বদ্ধ্যা হবে, তাঁব সঙ্গে এত
দ্র যেতে আমি নারাজ। অবশ্র যে ক্ষেত্রে প্রেম আছে সে ক্ষেত্রে
প্রেমের আদর্শ নারীত্বের আদর্শকে অতিক্রম করবেই। পৌরুষেব
আদর্শকেও। কিন্তু যে ক্ষেত্রে তা নেই সে ক্ষেত্রে পুরুষকে তো কেউ
তপন্থী হতে বলে না, অন্থ বিবাহ কবতে নিষেধ কবে না, অপুত্রক হতে
প্রশ্রম দেয় না। তা হলে নারীব বেলা কেন ভিন্ন বিধান ?

এর পরে আমাদের দেখাসাকাৎ কমে এলো। কিছু মনে হলো
দাদার মন ভারাক্রাস্ত। সেথানে মেঘের পর মেঘ জমেছে। বর্ধণের
জক্তে উন্মুখ হয়েছে। অথচ আমার দিক থেকে আগ্রহ না দেখলে তিনি
মনের ভার লাঘ্য ক্রবেন না। দেই জল্তে এক দিন আমিই তাঁর ওখানে
হাজির হল্ম।

বললুম, "উত্তর বক্ষে আবার কাজ নিয়ে নতুন কোনো বিপদে পড়তে হয়নি আশা করি।"

"বিপদ!" তিনি চোথ বৃদ্ধে বললেন, "বিপদ আমার জীবনের ফীপদে। কিন্ত কোন ধরনের বিপদের কথা শুনতে চাও । বেরকম শুনেছ।"

षामि वनन्म, "बाष्टा।"

তিনি যেন এরই অপেক্ষায় ছিলেন। দেখতে দেখতে তাক করে দিলেন।—

উত্তর বক্ষের এবার যেখানে যাই সেখানে আমার জত্তে বাগানবাড়ী বরাদ ছিল না। মালিক ছিলেন দাহা মহাজন থেকে হঠাৎ জমিদার। আগে তাঁর নাম ছিল নিধুবনচক্র দাহা। তার পর হয় নিধুবনচক্র দাহা রায়। শেষ হলো নিধুবনচক্র রায়। আমি যে সময় যাই সে সময় তিনি রায় বাহাত্র হবার দাধনা করছেন। রাজপুরুষদের সব্দে তাঁর দহরম মহরম চলছে। তিন তিনটে গেস্ট হাউদ খ্লেছেন। একটা দাহেবদের জত্তে, একটা হিন্দুদের জত্তে, একটা মুদলমানদের জত্তে। কোনো রাজপুরুষের নামে ইস্কুল করে দিয়েছেন, কারো নামে ডাক্তার-খানা। কালেক্টার দাহেবের মেমসাহেবের পদার্পণ চিরম্মরণীয় করতে একটা বালিকা বিভালয় স্থাপিত হলো। দেটা আমার জীবনে একটা স্মরণীয় ঘটনা। কেন, বলছি।

আমার উপর ভার পড়ল শিক্ষয়িনী সন্ধান করবার। আমি চিটি
লিখলুম স্থমিতাকে। স্থমিতা জবাব দিল না। অগত্যা আমাকে
বিজ্ঞাপন দিতে হলো কলকাতার সংবাদপত্রে। বিজ্ঞাপনের উত্তরে এলো
খান কয়েক আবেদন । কিন্তু আবেদনকারিণী বলতে একজন কি তুলন।
আর সকলে আবেদনকারী। অন্তুত ব্যাপার। স্পষ্ট লেখা ছিল শিক্ষয়িত্রী
চাই। অথচ আবেদন করছেন পুকষ। একজন লিখলেন তিনি ও
তার প্রী ভৃ'জনে মিলে পড়াবেন। যদিও তাঁর স্ত্রী কোনো দিন ইস্কল
পড়েননি। কমিটির সভ্যেরা বললেন শিক্ষিতা মহিলারা যথন চাকরি
করতে রাজী নন বোঝা খাচ্ছে তখন শিক্ষিত বেকার পুক্ষদের একটা
স্থানি বললুম তা হতে পারে না। মেয়েদের ইস্কল মেয়েরাই চালাকেন।

শিকিতা মহিলারা যদি রাজী না হন তা হলে ইস্কুল ক্রিন্চান মিশনারীদের ছাতে তুলে দেওয়া হবে। তাঁরা যেমন করে হোক শিক্ষিত্রী সংগ্রহ করবেন।

ভাবী বায় বাহাত্ব আমার পরামর্শ অহ্নোদন করলেন। কমিটির
দভোৱা আমার উপর রুট্ট হলেন। কিন্তু প্রাণ ধরে ক্রিশ্চান মিশনারীদের
হাতে বিভালয়টাকে সঁপে দেওয়া যায় না। সেইজন্তে আমার উপর
ছেড়ে দিলেন যেমন করে হোক শিক্ষযিত্রী সংগ্রহের দায়িত্ব। আমি প্রাক্ষ
বন্ধুদের চিঠি লিখলুম। ক্রিশ্চান আলাপীদেরও চিঠি লিখতে ভুললুম না।
হিন্দু বিধবাদের আশ্রম থুঁজেপেতে দেখানেও ভদ্বির করলুম। ফল কিছু
কিছু পাওয়া গেল। হেড মিদ্রেদ হলেন এক ক্রিশ্চান মহিলা।
কালেকটার সাহেবের মেমদাহেব যাতে খুলি হয়ে সাহেবকে বলেন রায়
বারুকে রায় বাহাত্ব করা কি খুব বেশি অভায় হবে ?

শিক্ষয়িত্রীদের স্থান একে একে পূরণ কর। হলো, শৃত্য থাকল কেবল একটিমাত্র স্থান। তার জন্তে প্রধান শিক্ষয়িত্রী আমাকে বলে রেখেছিলেন বে, সামনের বছর ভান কিলার ট্রেনিং পাশ করলে তাঁর কন্তাকে যেন সেই পদে নিয়োগ করা হয়। আমিও মৌন থেকে সম্বতির লক্ষণ দেখিয়েছিল্ম। এই তোঁ অবস্থা। এমন সময় আমার দঙ্গে দেখা করতে আমার বাড়ীতে এলো একটি মেয়ে। বয়দ কম নয়। তিন ছেলেমেয়ের মা। ইা, হিন্দু।

মেয়েটি আমার পা ছুঁয়ে প্রণাম করে বলল, "দাদা, বড় বিপদে পড়ে অংশনার শরণ নিতে এসেছি। শরণাগতাকে ফিরিয়ে দেবেন না।"

চাকরি চায়। কিন্তু পড়াশুনা উচ্চ প্রাথমিক পর্যন্ত। তবে বাড়ীতে মাট্রিকের বই পড়েছে। প্রাইভেট ম্যাট্রিক দেবার ইচ্ছা আছে। আমার লেথার একজন জক্ত। আমার পত্রিকাও নিয়মিত পড়ত। দূর থেকে আমাকে দাদা বলে পূজা করে এসেছে। কিন্তু এমন বিপদে পড়তে হবে ও বিপদে মধুফ্দনেব মতো বিপদে প্রিয়দর্শনের নাম নিতে হবে তা কি তথন জানত !

নীলনম্বনা তাব নাম। কেউ ছাকে নীলা, কেউ ছাকে নমনা। একটু
আৰ্থটু লেখার শথও আছে। পাঠিষেত্নি আমার কাগছে কয়েকটি
কবিতা। ছাপা হয়নি, ফেরত গেছে। আমি নাকি লেখার নীচে লিখেছি
ব্যুআন্তরিকতা থাকলে কা হবে ? ধ্বনি থাকা চাই। আমার মন্তব্য
তার কাছে আছে। বাধিষে রেখেছে। কিন্তু আশা ছেড়ে দিয়েছে।
আপাতত কবিতাব কথা ভাবছে না। দে জন্তে আদেনি। এসেছে
চাকরিব জন্তো। চাকবি না পেলে বাড়ী ফিরে যাবে না, বাড়ী আর তার
বাড়ী নয়। গাবে নদীর ছলে ডুব দিতে।

চাকবি কবতে যারা চায় তাদের অবস্থা দেখে বোঝা যায় কেন চায়।
কিন্তু নীলনয়নার দিকে তাকালে একগা মনে হয় না যে তাব অবস্থা
ভালো নয়। এক গা গয়না, জমকালো শাডী, সিঁহুব জলজল করছে
কপালে ও সিঁথিতে। কী এমন হয়েছে যে চাকরি করতে হবে এই
লক্ষীপ্রতিমাকে!

বললুম, "বোন, চাকরি যদি তোমাকে দেওয়া হয ত। হলে গণীবের মেয়েরা যাবে কোথায়। বিধবাদের গতি কী হবে!"

এর উত্তরে দে যা বলল তা অনেক হু:খনাপেলে কেউ কাউকে বলে না। অনেক হু:খ আন গভার হ:খ। তাব সঙ্গে কবিস্থলভ বচনরীতি।

"নানা, অপমানের তীব্রতম বিষে আমি অফুক্ষণ জলে পুডে মণ্ডি, কিন্তু মৃত্যুর শীতলতা আমাব জন্মে নয়। আব এ কাঙালপনা এই ভিস্কুকের বৃত্তি আমার সহা হয় না। এই ভুক্তাবশিষ্ট উঞ্চিষ্ট গৃংণেব মডো হীন লজায় মুণায় আমার আমুধিকারের শেষ নেই।

আরীয় স্বজন চাষ শুধু নি:শব্দে স্থে যাওয়া, যতটুকু পাওয়া যায় তাই যথেষ্ট মনে করা। কিন্তু আমি দীতা দাবিত্রীণ মতো অন্ধ নাবা নই। শুমার ম্যাদাবোধ আমাকে অহ্মণ গৃহত্যাগে প্রেরণা দিচ্ছে, কিন্তু আমি ত্র্বলচিত্ত, সন্থানের জননী, ভাই ত্র্বল। তাই আজ আমি আপনাব কাছে সাহায্যপ্রার্থী হয়ে এদেছি। আপনি যদি পারেন আমাকে একটি কি ত্রটি সন্থান নিয়ে কোথাও স্বাধীন ভাবে জীবিকা অর্জনের স্থবিধে করে দিন। কারুর অহ্থাহ দাবী হতে আমি চাইনে। নিজের ক্ষত্ত পরিপ্রান্ত মন নিয়েই যত্টুকু পারি থেটে যাব। স্বছ্দে না হোক

স্থাবীন ভাবে জীবনের অবশিষ্ট দিন কয়টি কোনো রক্ষে কাটিয়ে দেব, এই স্থামাব ইচ্ছা। হৃঃথ বেদনা স্থাঘাত দমস্ত জীবন ভবে স্থানক তো পেয়েছি, স্থামান স্থামাদা লাঞ্চনা তাও তো ক্ম দৃষ্থ কবিনি। বিশ্বাদের বদলে পেয়েছি প্রতাবান, স্থায়নমর্পনেব নামে পেয়েছি স্থায়া হতে প্রিয়তবের কাচ থেকে ভিক্ষার কুলি। মেয়েদেব জীবনে এই চেয়ে বড হুর্ভাগোর ইতিহাস স্থার হ্য না।

তাব পবে অনভিজ্ঞা বালিকাব দবল অচুষ্ঠিত মনেব উপর মিধ্যার ছলনার বলে অদিকার স্থাপন করে তাকে দবহাবা করা কত বড কতত্বেব কাজ। যাক, নিম্পন্যাজন তাব সমালোচনা। আপনার অনেক প্রভাব, অনেক প্রতিষ্ঠা। কোবাও একটা ব্যবস্থা কি আমার করে দিতে পাবেন না । গালাব অজন স্থামার বিদুমাত্র বিছোহও সহ্ছ করবে না। আমাব হুংগে বেদনায় বিচলিত হবে না। চিবদিনই বাঙালীর ঘরে অভ্যাচারের অপমানের প্রতিকার স্থায়হত্যা ছাড়া কোনো কিছু নেই। কিছু আমি যে তিনটি ছেনেমেন্ত্রের মা। দলা, আক্ষম, মৃত্যু আমাদের তত্তে নয়। দাগ জাবন ধরে অলে অলে তবে তো অভিশপ্ত জীবনের পবিনাপ্রি ঘটবে। এই বিবির বিনান। সমন্ত আশা আকাজ্জা, স্থামা পুত্র নিয়ে সংগাব, দব আজ কাকি দব আজ মিধা। আমার চেয়ে ঐ ভিখারিণী তাবও দ্যান আছে স্থান আছে। আমাব কিছু নেই, দাদা, কিছু নেই। অজ্ঞ চোথের জলে ভেদে এই শিকা লাভ কবেছি।"

বলতে বলতে তার চোথে জল এসে গেছল। শুনতে শুনতে শাধার চোথেও ' কিন্তু এত কথা শোনবাব পরও শুনতে বাকী ছিল কী এমন হয়েছে যার জন্যে সে আমার সাহায্যপ্রার্থী। স্বামীর কাছে অশমান হওয়া এমন কিছু অঘটন নয়। চাকরি করলে হয়তো দে অপমান এডানো যাবে, কিন্তু নতুন মনিব যদি অপমান করে তা হলে কী উপায়! আর

এবটা চাকরি জোটানো কি এতই সহজ। আবার তো সেই স্বামীর বাডী ফিলে যেতে হবে। কেন তবে একটি গরীবের মেদ্বের মৃথের গ্রাস কেডে নেবে ? হেড মিসট্রেস কি আমাকে ক্ষমা করবেন ? মনটাকে আমি শক্ত করনুম। কিন্তু মুখ ফুটে বললুম না কিছু।

নীলনয়না বাঁদছিল আর বলছিল, "আমাব কিছু নেই দাদা, কেউ নেই। মা'র কাছে এক বছব ছিল্ম। দেখলুম মা'ব অত্য রূপ। তিনি তার জামাইকে অত্যায় কবতে দেবেন, কেননা জামাই বড মাতৃষ। আব এক্ষত্রে জামাই তো পব হয়ে যাভেন না, জামাই হয়েই থাকছেন।"

ইপিতটা খুব স্ক। আমি ঠিক ধরতে পাবলুম না জানতে চাইলুম, "তার অর্থ!"

म नष्काप्र पात्रक इस्म वनन, "बास्त्र। थूल वनस्क इस्त १"

তথনো আমার মাথায় ঢুকছিল না বে আঘাতটা কেবল স্বামীর কাছ থেকে আদেনি, এদেছে আরেক জনের কাছ থেকেও, দেইজন্যে এত লাগছে।

কিছুক্ষণ ইতস্তত করে নীলা এক সময় বলে ফেলল, "আপনার জান। নেই সেই ছডাটা ?

নিম ভিতে।, নিম্বন্দে ভিডো, ভিডো মাকাল ধল। তাহার অধিক ভিডো, কল্ফে, বোন-সভীনের ঘর।"

এতক্ষণে আমার পেয়াল হলো বে এ মেয়ের সব চেয়ে যারা বিখাসী ছিল সব চেয়ে তারা অবিখাসী। তডিৎস্পৃষ্টের মতো বলে উঠনুম, "ও:!" মনে হলো মূর্ছো যাব। তৃ'হাতে চেপে ধরলুম চেয়ারের হাতল।

মা ধরণী! মা ধরণী! কত সহ্ করবে তুমি! কত সহ্ করবে পাপ তাপ বিশাস্ঘাতকতা! তুমি দিধা হও, আমরাসকলে তলিছে যাই। অভিশপ্ত এই মানবজাতি বিনুপ্ত হয়ে যাক। বেঁচে থাকাটাই একটা মহা হুৰ্ভোগ। অথচ আত্মহত্যা কবাটাও তো অপরাধ!

করুণ স্ববে বললুম, "নীলা, বোন আমার !"

আমান সমবেদনার স্পর্শ লেগে তাব সংকাচেব তুষার গলে গেল।

সে যা বলে গেল তা গুড়িয়ে বললে এই রকম দাঁডায়। শিশু ব্যস্থেকে শিবপূল। করে বেমন বর চেয়েছিল তেমনটি পেয়েছিল। তেমনি কপ্রান গুণবান বিদ্বান। উপবস্থ বনবানও বটে, পুক্ষাক্রক্রমে সংহ্বে বাজীব বেনিয়ান। এমন স্বামী বহু ভাগ্যে মেলে। কী কবে যে তাকে ওদের পছল হলো সেটা একটা আশ্চ্য ব্যাপাব। পৃথিবীর অষ্ট্রম্বিশ্বা। তাব বাবা ছিলেন মন্তব্ড ফুলীন। তা না হলে এমন যোগাবোগা সচবাচব ঘটে না।

বোজ সকাল বেলা গুম থেকে উঠে তাব প্রথম কাজ ভিল স্থামীর পাবে মাথা ঠেকিয়ে প্রণাম কবা। স্থামীর কল্যাণে সাবাদিন আনন্দে কেটে যেত। এত স্থথ কেউ কোনো দিন পারনি। এমন সৌভাগ্য আর কোনো মেয়েব হয়নি। তার ইচ্ছা করত স্বাইকে ডেকে এনে দেখাতে তার স্থামীকে, তাব দেবতাকে, তার সৌভাগ্যকে। বালিকা বয়স, সবল মন। জানত না যে যাবা তার স্থ্য দেখতে আসত তাবাও স্থাবে ভাগ চাইত। তার স্থাপন মায়ের পেটেব বোন মীননয়না ছিল তাদের একজন।

মীনাৰ বিষেধ কথা হচ্ছিল এক জায়গায়। দেখা গেল মীনা ভাতে বাজী নয়। তাৰ জামাইবাব্ও নানা বকম আপত্তি তুললেন। মীনাকে ভালো কৰে লেখাপড়া শেখাতে হবে। তার নাকি প্রতিভা আছে। অল্প বর্ষে বিষ্ণে দিলে তাৰ প্রতিভার ক্ষতি হবে। একদিন তার জামাইবাবু নিজে উল্যোগী হবে তাকে লোরেটোতে দিয়ে এলেন। তাদের সংসারে জামাইবাব্র ষা প্রতিপত্তি তার কথার উপর কথা বলে কার সাধ্যি।

এমনি করেই বিষর্ক্ষের রোপণ হলো। তথন কেউ ব্কতে পারেনি এর পিছনে কী আছে। মীনার পডাতনা শেষ হলে তারও এমনি স্পাত্তের সঙ্গে বিয়ে হবে এই কথাই তথন সকলেব মাধার বুরছিল। এমনি বছ ঘরে। এমনি সৌভাগাবতী হবে সে।

মীনা মাঝে মাঝে আসত ও লিদিশ কাছে থাকত। দে সময় ভামাইবাবু তার সঙ্গে সম্বন্ধের স্থােগ নিথে বসালাপ কলতেন। নীলা সবল
মাস্থা। সে তাতে দোষের কিছু দেখত না। কোনোদিন সলেহ করেনি
বে সেটা নির্দ্ধের বসালাপ নয়। কিন্তু এক দিন তাদের হু'জনকে ছাদে
বসে থাকতে দেখে তাব বুকটা কেমন করে উঠল। সে বোনকে শাসন
করতে যাচ্ছিল, কিন্তু তা হলে স্থামী ভাবতেন তার মন্টা বড ছোট।
তার মহত্বের জন্মে ইতিমধ্যে নে অনেকেব কাছে প্রশাস পেয়েছিল।
তার স্থামী বলতেন সে তাব তা দের চেয়ে ২২২। হবে না কেন, কত
বড় কুলীন পরিবাবেব মেয়ে।

বোনকে শাসন করতে পারে না, স্থামীকে অপ্রযোগ জানাতে পানে না। তা হলে সে বেচারি কবে থাঁ! কবে ঠাওর ঘবে চুকে ঠাবুবের কাছে প্রার্থনা। করে একবেল। উপবাস। কানাকানি থেকে জানাজানি হয়ে যায় কেন হঠাথ এই ধর্মে মতি। তাব পবে বাধ্য হয়ে চলে যেতে হয় মীনাকে। চলে সে যেতই, কিন্তু এমন লজ্জার সঙ্গে নয়। তাব চলে যাওয়ার কিছুদিন পরে আর একজন চললেন। স্থামী চললেন জার্থানী। সেখানে তিনি এক কারখানায় কাজ শিখবেন ও ফিবে এসে কারখানা খুলবেন। নীলা খুব কালাকাটি করল। কিন্তু বরে রাখতে পাবল না। তিনি বললেন, "চুটো বছর দেখতে দেখতে কেটে যাবে। তৃমি কি তোমার স্থামীর সার্থকতার পথে জন্তবাম হবে গ এই যে এরা বইল,

গোপাল আর নাট্, তুমি এদের মাছ্র্য করবে, এই তোমার কাজ। আর আমার কাজ হবে আত্মদমানের দঙ্গে জীবন যাপনের উপায় সন্ধান করা। এদের যেন ইংরেজের বেনিয়ান হতে না হয়।"

ছুটো বছর দেপতে দেখতে নয়, বেশ টিকতে টিকতে কটিল! স্বামী ফিরলেন না। লিখলেন আরো এক বছর লাগবে। সে বছরটাও কাটল কোনো গতিকে। তার পরেও তিনি ফেরেন না। লেখেন আরো দেরি হবে। বেচারি নীলা অতি কটে থৈয় ধরে। তার বিরহপারাবারের বেন পার নেই। কোলেন ছেলেহ্টিকে নিয়ে থাকে। তারা যদি না ধাকত তাহলে সে বোধ হয় বাঁচত না।

সাড়ে চার বছর পরে স্বামী ফিরলেন। তথন তাঁর অন্তর্কম চেহারা। ভাষণ কাজের লোক। আর দস্তরমতো সাহেব। যাদবপুরে কারপানা খুললেন। নতুন বাড়ী করলেন বালিগঞ্জে। বাড়ীতে তার বিদেশফেতা বন্ধুও বন্ধুপত্নীরা আদেন। আদেন থাস বিদেশী সাহেব মেম। তাদেব পার্টি দেওয়া, তাদের পার্টিতে যাওয়া হয়ে উঠল নীলাম অন্তত্ম কাছ। কিন্তু সে তো এসব জানে না, বোঝে না। তার বিশাবিদ্ধি সামান্ত। সে যদি একটু তুল করে উনি দারণ রাগ করেন। যেন কা একটা মহাপাতক ঘটেছে। অম্ককে ভাননিকে বসানোর কথা। কেন বা দিকে বসানো হলো দাও এর কৈফিয়ং। দিতে না পারলে কথানার্ত্তি। বারো মাদের মধ্যে তেরো মাস তাদের বাক্যালাপ বর্জন।

একদিন নীলার হঠাং জর এলো। জরটা শেষ পর্যন্ত দাঁড়ালো টাইক্ষেড। ভূগতে হলে। মাদ থানেক। তার পরে ছর্বলতা কালৈতে আবো মাদ ভূষেক। ইতিমধ্যে তার একটি খুকু হয়েছিল। খুকুকে দামলাবার জন্যে ছুটে এলো মীনা। তথন দে কলেজ শেষ করে বাড়ীতে বদে আছে। মীনাকে পেয়ে নীলা বর্ত্তে গেল। মাদীকে পেয়ে খুকুও খুব খুলি। মীনা যে কেবল বেবীর ভার নিল তা নয়, ধীরে ধীরে গোপাল

ও নাট,র ভার নিল। নীলা তা জানতে পেরে নিশ্চিম্ব হলো। তার পরে একে একে আরো জনেক কিছুর ভার নিল মীনা। পার্টিতে যাওয়া, পার্টি দেওয়া কিছুই বাদ গেল না তার বা তার জামাইবারুর। সংসার বেমন চলছিল তেমনি চলল, হয়তো আরো ভালো চলল, শুধু এক কোণে পড়ে রইল সংসারের অধিষ্ঠাত্রী।

নীলা শখন দেরে উঠল তখন অবাক হয়ে লক্ষ কবল যে মীনা থেন এ বাড়ীব গৃহিণী, দে নিজে যেন গৃহিণীব দিদি। চাকববাকরদের ব্যবহারও যেন বদলে গেছে, তাবাও যেন ও কথা সমবেছে। স্বামীর দিকে তাকালে মনে হয় না যে স্ত্রীর প্রতি উন্তর একটুও ভালবাসা আছে। যা আছে তা কর্ত্তব্যবোধ। আর শ্রালিকাব প্রতি আছে শীমাহীন নিতরতা, অমুরাগ ও আকর্ষণ। নীলার পায়ের তলা থেকে মাটি সরে যেতে লাগল। ভগবানের কাছে নে নালিশ জানাল এই বলে, কেন তাকে মরতে দেওয়া হলো না, কেন বাঁচিয়ে রাখা হলো? তা কি এই দৃশ্য দেখবার জন্তে।

মীনাকে দে বিদায় দিতে পাবল না। দিলে সংসার চালাতে পারত না। তা ছাড়া মহত্বের প্রশ্ন ছিল। তার মতো মহীয়দী নাবী কেমন করে নিজের বোনকে সন্দেহ কববে, নিজের স্বামীকে সন্দেহ করবে। মীনা তার জন্মে যা করেছে তাব জন্মে কোথায় ক্বতক্ত হবে, না অক্বতজ্ঞের মতো ঝগড়াঝাট করে তাড়িয়ে দেবে ? তার পর তার স্বামী কি তাকে ক্ষমা করবেন ? অমন করে কি দেবতার মন পাওয়া যায় ? আর তিনি যদি দেবতা না হয়ে থাকেন, তা হলে কি মাসুষের মন পাওয়া আরো কঠিন নয় ?

আবার সেই ক্লচ্ছু সাধনা আরম্ভ হলো। এক বেলা উপবাস। খাট থেকে নেমে গিয়ে মেজের উপর শোয়। ঘুম আসে না। চোথের জলে ভাসে। সৌভাগ্যবতী বলে একদিন সে কত গর্ব বোধ করত! এখন তার মতো হতভাগিনী কে আছে! তার বাড়ীর ঝিরাও তার চেমে স্থী। তারা সকলে সে কথা জানে। তাদের সামনে ম্থ দেখাতে লজ্জা করে। হায়, এত বদ্ধ অসমান ছিল তার কপালে। সে মরে গেল না কেন ? আত্মহত্যা করে না কেন ?

কৃচ্ছু নাধনার ফলে কারুর কোনো পরিবর্তন হলো না, স্বামীর তো
নয়ই, মীনারও না। মাঝখান খেকে দে নিজেই আরো তর্বল হয়ে পছল।
ভাক্তার দেখে বলে গেল অমন করলে ছেলেমেয়ের মাতৃত্বীন হতে।
কথাটা তার প্রাণে বিধল। তাই তো। ছেলেমেয়েদের মাতৃত্বীন হতে
দেওয়া কি ভালো? কী তাদের অপশাব প কেন তারা এত কম বয়দে
মাতৃত্বীন হবে? মা-হাবা বাছাদেব কেউ কি একটু ভালোবাসবে, আদের
করবে? মাথেব চেযে মাসীব দবদ তো জানাই আছে। বাপের দরদের
কথা বলে কাজ নেই। তাব ছেলেমেয়েদের ম্থ চেয়ে তাকে বাঁচতে হবে,
তাকে দবল হতে হবে। তার নিজের জীবন না হয় বয়র্থ হয়েছে। তা
বলে তার দল্ভানদের কচি প্রাণগুলি কেন কৃড়িতে গুকিয়ে যাবে প

শরীরে কিছু বল পেতেই দে চলল তার বাণের বাড়ী। বাপকে তো দেব কথা বলা যায় না। বলল মাকে। মা শুনে কাঁদলেন। মীনাকে ডাকিষে এনে বকলেন। মীনা বলল গান্ধর্ব মতে তার বিয়ে হয়ে গেছে, দে তার স্বামীর ঘরে আছে। বয়ঃপ্রাপ্ত প্রাজুয়েট মেয়ের সঙ্গে তর্ক করবে কে? মা বললেন, "নবার আমার মরণ হলে বাঁচি।" বাপ বললেন, "আমারও।" লজ্জায় ঘণায় নীলার ইচ্ছা করভিল ছাদ থেকে লাক দিয়ে সব যন্ত্রণা জুড়াতে। কিছু সে যে মা। অসহায় শিশু তিনটিকে মাতৃহীনী করে কার হাতে দিয়ে যাবে? ঐ ডাইনী মাদীর হাতে?

একে একে উদ্যাটিত হলো, লোরেটাতে পড়বার সময় পড়ার সমস্ত খরচ জোগাতেন জামাইবাব্। তার পর কলেজে পড়বার সময় জার্মানী থেকে আসত পড়ান্ডনার খরচ জামাইবাব্র কাছ থেকে। মা'ব ধারণা ছিল নীল। এদৰ জানে। দেইজন্তে তাকে জানানো হয়নি। জামাইবাবু বে কেন এতটা করছেন তথন এ নিয়ে কেউ উচ্চবাচা কৰেনি। সকলে জানত তিনি নীলাকে ভালোবাদেন। নীলার বোনকে পড়ানো দেই ভালোবাদার অধ। আগে জানলে কি কেউ তার দাহায্য নিত ।

নীলা আশা করেছিল যে মা বাবা মীনার দোষ ধরবেন, মীনাকে ও বাড়ীতে থেতে দেবেন না, তাব গান্ধর্ব বিনাঃকে অস্বীকাব করবেন, অন্ত কোনোখানে তার প্রাজাপত্য বিবাহের নিবন্ধ কববেন। কিন্তু তাঁরা তেমন কিছু করলেন না। বললেন, "এ তোমাদেব নামলা। তোমবা ধেমন করে পারো মেটাও।"

মা বাপের কাছে এমন ব্যবহার কেউ কি কখনো দেখেছে? তা দেখার পরও নীলা তাঁদের বাড়ীতে ছিল, থাকতে বাধ্য হয়েছিল। কোখায় একটু সহাস্থভূতি পাবে, না সমালোচনা শুনতে শুনতে অতিষ্ঠ হয়ে উঠল! মীনাকে ও-বাড়ীতে প্রথম নিয়ে গেল কে? বোনকে নিজের কাছে নিয়ে থাবার দরকারটা কী ছিল। তাকে দিনের পব দিন হপ্তার পর হপ্তা জামাইবাবুর সঙ্গে মিশতে দেওয়াহলো কেন? নিজে কি চোখের মাখা থেয়েছিল? পুরুষ মান্তবের মনে কী আছে তা শ্বদি ভার জ্রী বৃঝতে না পাবে তবে আর কে বৃঝবে? মীনাকে দোর দেওয়া বৃথা। সে তখন ছেলেমাহ্য। কিসে কী হয় জানত না, বৃঝত না। নীলার উচিত ছিল তাকে শেখানো, সমবাানো।

হায়, নীলাই যা তথন কত বড়া চোদ বছরের বালিকা। স্বামী-গরবে গরবিনী। গর্বের দ্বারা অদ্ধ। তা ছাড়া এমনিতে দে সরল মাফুষ। স্বাইকে বিশ্বাস করে, কাউকে সন্দেহ করে না। নিজের স্বামীকে সন্দেহ করবে ! সন্দেহ করবে মায়ের পেটের বোনকে। ওবা তার স্বভাব-স্ক্রলভার স্থ্যোগ নিয়েছে, বিশ্বাসপরায়ণভার স্থ্যোগ নিয়েছের বিশ্বাসপরায়ণভার স্থ্যোগ নিয়েছের মামীর। করেছে। দোষ নালার নয়, দোষ ওদের ত্'জনের। বিশেষ করে স্বামীর।

বছর খানেক বাপের বাড়ী থেকে নীলা হাঁপিয়ে উঠল। কী একটা তুচ্ছ ঘটনা নিয়ে মার দপে তার কথা কাটাকাটি হয়ে গেল। তখন দে চলল তার বন্ধরবাড়ী। বালিগঞ্জের বাড়ী নয়, তালতলার বাড়ী। বে বাড়ীতে দে বৌ হয়ে যায়। শাশুড়ী তাকে আদর করে নিলেন। বন্ধর বললেন দোষ তার নয়, দোষ তার ছেলের। ছেলেকে তিনি তাজ্য পুত্র করবেন এদব কথা নীলার কানে স্থধা বধণ করল। এতদিন পরে বেচারি একটু সহায়ভূতি পেলো। সমালোচনা শুনতে হলো না। মনে হলো নিজের রাজত্বে দিবে এমেছে। এখানে দে স্থেথ না হোক সোয়াগিততে থাকবে।

কিছুদিন পবে অভ্যন্তৰ করল ধে শশুরবাড়ী আর স্বামীৰ বাড়ী নয়।
এক কালে এ বাড়ীতে স্ত্রীর অধিকার নিয়ে বাদ করেছে। এপন যদি
কোনো অধিকার থাকে তবে তা স্ত্রীর অধিকার নয়, হতভাগিনী পুত্রবধ্র
অধিকার। প্রতিবেশিনীর। এদে করুণা জানিয়ে যান, অভ্যাগতাদের
কণ্ঠে কারণা ধ্বনিয়ে ওঠে। শান্তড়ী ননদ জা সকলের মুখে সমবেদনার
বানী। এমন কি বাডীর ঝি চাকর পর্যন্ত হায় হায় করে। কয়ের মাদ
পরে নীলার অসহ্য বোধ হলো। ফেন ? এত দয়া কিদের ? সে কি
বিধবা না পতিপরিত্যক্তা? সে স্বেচ্চায় পতিগৃহ থেকে চলে এসেছে,
ইচ্ছা করলে আবার সেগানে যেতে পারে। কেউ ভাকে বারণ করেনি
বেতে। ফিরে যাবার পথ বন্ধ হয়ে যায়িন। তবে কেন এত
অকুকম্পা?

এর পরে তার আর ভালে। লাগল না শগুরের অন্ন থেতে। মনটা বিদ্রোহী হত্তে উঠল। ইচ্ছা করল একবার সেই লোকটির সজে বোঝা পড়া করতে যে তাকে অগ্নি সাক্ষী করে বিবাহ করেছিল। একদিন কাউকে কিছু না বলে হাজিব হলে। বালিগঞ্জের বাড়ীতে। হঠাৎ তাকে দেখে মীনার হাত থেকে চায়ের পেয়ালা খনে পড়ল! মীনা উঠে গিলে শোবার ঘরের ভিতর চুকে খিল দিল। খেন শোবার ঘব বেদখল হতে যাছে। নীলাব দে দিকে লক্ষ্য ছিল না। দে এদেছিল স্বামীর সঙ্গে নিরিবিলি কথা বলতে। স্বামীকে একা পেয়ে তার পায়ে মাথা ঠেকিয়ে প্রণাম কবল দেই আগেব মডো। বলল, "দেবতাব মডো তোমাকে প্রাকরত্ম। তার কি এই পবিণাম। কেন তুমি আমাকে বঞ্চনা করলে?"

স্বামী এর উত্তরে আমতা আমতা কংলেন। যা বলবেন তাব থেকে বোঝা গেল তিনি মীনার জন্যে চিস্তিত। মীনা যদি ঘবে থিল দিয়ে আত্মহত্যা করে তা হলে কী দর্বনাশ হবে। এই বলে তিনি উঠে গিয়ে দরজায় কান পাতলেন। নীলাও গেল তার সঙ্গে। কান পেতে শুনতে পেল মীনা বাদছে। তার বেশী কিছু নয়। স্বামী কিন্তু তাইতেই ব্যাকুল। দরজায় ঘা দিয়ে বললেন, "মীনা, লক্ষিটি। খুলে দাও। তোমার দিদি তোমাকে দেখেই চলে যাবে। খুলে দাও।" মীনা তা শুনে আবো ফুলিয়ে ফুলিয়ে বাদতে থাকল। দবছা খুলল না।

নীলা বলল, "আচ্ছা, কান্না কি ওর একচেটে ? আমি কি কখনো বাঁদিনি ? দাডে চার বছব তুমি জার্মানীতে ছিলে। প্রতিদিন দাবা রাত বাঁদিনি আমি ? এখনো বাঁদছিনে ? কেন তা হলে তুমি এত আকুল হচ্ছে ? এসো, তোমার সঙ্গে কথা আছে।"

কথাবার্তা জমল না। স্বামী সমস্তক্ষণ অন্তমনস্ক। নীলা তাঁকে অভয় দিল যে মীনা আত্মহত্যা করবে না। সে এমন মেয়ে নয় যে দিদির জন্মে আত্মহাতী হবে। তাতেও যথন তিনি প্রকৃতিস্থ হলেন না, তথন বলল, "আচ্ছা দাঁডাও। তোমার মীনাকে দিয়ে এখুনি দোর খোলাচ্ছি। । মীনা, আমি চলনুম্রে। গোপালেব বাবাকেও নিয়ে যাচ্ছি।"

সভ্যি সভ্যি দার খুলল। মীনা ছুটে বেরিয়ে এলো।

তার পরে হা ঘটন তা অপরিকল্পিত। কী যে ভূত চাপন তার ঘাড়ে, নীলা ঠাস ঠাস করে ছুই চড ক্যিয়ে দিন মীনার ছুই গালে। বলন, "পোড়ারম্থী, এত পড়াগুনা করে তোর এই বৃদ্ধি! তিনটি ছোট ছোট নিরীহ শিশু, তাদের কাহু থেকে তাদেব বাপকে কেডে বাধবি।"

মীনার গায়ে এমন বিছু লাগেনি। কিন্তু মনে লেগেছিল থুব। সে আছাড থেয়ে পদল ও বোব হয় মৃক্তা গেল। স্বামী তা দেখে উদ্ভ্রাপ্ত হয়ে "ডাক্তার" "ডাক্তাব" বলে ছুটোছুটি বাবিয়ে দিলেন। নীলা বেই মীনাব মুখে চোথে জল দিতে গেল অম'ন ভাকে হটিয়ে দিয়ে বললেন, "গেট আউট।" এক ঘর সকববাকবের সামনে দে যে কী অপমান, কা লজ্জা, তা ভোলবার নয়। নালা আরে কা করে, স্বামীব সঙ্গে বোঝা-পঢ়া করার বিদ্যাত্ত আশা নেই দেখে স্বড স্বড করে সরে পড়ে।

স্বামীর বাজীর পথ কক। এই ঘটনার পব জার দেখানে কিরে যাবার কথা ভাবা বায় না। স্থাবাড়াতে যত দিন ইচ্ছা থাকা যায়। তাগা গলা বাঞা দিয়ে তাতিয়ে দেবেন না। গোপালের জ্ঞানে, নাতুব জ্ঞানে, বেবীৰ জ্ঞান একটা আরা বাগতে যত থবচ তাব চেয়ে কম ধরচ ক্বলে যথন যা পাওয়া যায়। ইা, তার চেথে কম খবচে। তাঁদের ধরচের হাত ক্রমশ কমে আস্তিল।

কিন্তু শশুণবাডীতে বিনা অবিকারে আ্যার মতো কত দিন থাকা যায়।
এত দিন তার মনে অভিমান ছিল, আর যাই হোক দে স্বামী পরিত্যকা
নয়, সে শ্বেচ্ছায় চলে এসেছে। কিন্তু এবাব তো সে কথা বলা যায় না!
এক ঘর মাছুযেব দামনে তার বামী তাকে "গেট আউট" বলে ভাগিয়ে
দিয়েছেন। অথচ কী তার অপবাধ! সে কি তবে তার নিজের বোনকে
শাদন করতে পাববে না। হায়, যদি সন্য থাকতে শাদন করত।

এর পরে দে অনেক ভেবেছে। ভেবে কোনো কুল কিনারা পায়নি।
স্বামীরথ তার অদৃষ্টে বতটুকু ছিল ততটুকু। তার বেশী নেই। বোনের
অমঙ্গল কামনা করেও ফল নেই। মীনা মারা গেলে লোকটা হয়তো
আব কাউকে বিয়ে করবে। আব কোনো বিহুধীকে, যে ভান হাতে

ছুবি ও বাঁ হাতে কাঁটা ধরতে জানে, যে অসভ্যের মতো শব্দ করে থার না। মীনার মঙ্গল হোক, সে আযুমতী হোক, স্বানীসোহাগিনী হোক। প্রাজ্ঞাপত্য বিধাহের পর সন্তানবতী হোক। মীনাব স্থথে তাব আপত্তি নেই। বিস্কৃতার নিজের স্থথের কা হবে। চিবটা কাল কি সে গোপাল নাপ্ত্র বেবীর আয়া হয়েই কাটাবে। আর কোনো সার্থকতা নেই তার বিভম্বিত জাবনে ?

তার এই জিজ্ঞাসার উত্তব কেউ তাকে দেয় ন।। বই পদতে পদতে আপনি উত্তর পায়। সে স্বাবলমী হবে, নিজের পানে দাঁড়াবে। নিজের জীবন নিজেব মতো করে কাটাবে। বিবাহে স্থা হয়নি বলে জীবনে স্থা হবে না কেন । জীবন কি আবে। বড নম ।

বলতে বলতে প্রিষণর্শনিদার মুখ উজ্জ্বল হয়ে উঠল। তিনি উজ্জ্বিত স্ববে বললেন, "শুনলে তে। নীলন্মনার প্রশ্ন প বিবাহে স্থী হয়নি বলে জীবনে স্থা হব না কেন প কবে সেই বৈদিক যুগে এমনি এক প্রশ্ন কবেছিলেন মৈত্রেয়ী। তাব পব পাচ হাজার বছর কেটে গেছে। ভাবতেব মেবেরা চুপ কবে সহ্ কবতে শিথেছে। মুখ ফুটে প্রশ্ন করতে গাংহস পায়নি। প্রশাশতাকীব শুক্তা ভাক করল এই মেয়ে।"

আমি সাৰে কৰতে ১০টা কৰ ৰুম আৰু কোনো মেয়ে তেমন কোনো প্ৰশ্ন কৰেছে কিনা। কই, মনে তোপডল না।

দাদা বনতে লাগলেন-

যা চাতেনিক কোনলিনিকেশন ছিল না বলে ওরা ওকে ইস্বের চাইবি । নতে নাবাজ। বলে, ইন্গ্লেইল নামপুর করবেন। আমি গিয়ে ইন্সবের্টেলেব স্থে দেবা করি। তিনি শামার নাম ওনেহিলেন। নালার ইতিংবি ওনে স্থান্ত ভূতি আনালেন। বলনেন, আপনি নিশ্চিত্ত থাকুন। বাবা যদি আলে ডিপাট্মেন্টেব দিক থেকে আস্বে না। আস্বে ন্যাতেব দিক থেকে। তথন হয়তো বেচারির চাকবি যাবে।

হলোও তাই। নীলা চাকবি পেলো, উপরওযালারা অহুমোদন করলেন, স্বয়া হেড নিস্ট্রেন তার পড়ানোর প্রশংসা কবলেন। আমরা তো ভাবনুম বিপদ কেটে গেছে। এমন সময় চিঠি এলো শান্তভ়ীর অহুথ। নাতনিকে দেখতে চান। পত্রপাঠ তাকে যেন পাঠিয়ে দেওয়া হয়।

নীলার সঙ্গে ছিল তার মেয়ে বেবী। কোলের মেয়ে বলে ওরা ভাকে এত দিন নীলার সঙ্গে খাকতে দিয়েছে। শোপালের **জ**ঞ্জে, নান্ট্র জন্তে যথন মন খারপ হয় তখন বেবীকে কোলে চেপে ধরে সে সান্থনা পায়। বলতে গেলে দেই তার একমাত্র সান্থনা। বেবী যদি চলে যায় তা হলে সে কাকে নিয়ে থাকবে? কী নিয়ে থাকবে? চাকরি কি এতই স্থাবে!

এলো আমার কাছে পরামর্শ চাইতে। সে লাবণ্য, সে দীপ্তি আর নেই। একটি দিনের একট্থানি ফুঁলেগে নিবে গেছে। কোথায় জীবনের স্থা সমস্ত দিন পরের মেয়েদের পড়িয়ে ছু'বেলা স্বংস্তে পাক করে কতটুকু সময় পায় নিজের মেয়ের সঙ্গে বসবার। সেটুকুও আর পাবে না বুকু যদি চলে যায়। একবার গেলে কি আর ফিরে আসবে ? ছাড়বে ওরা তাকে?

শামার পা জড়িয়ে ধরে অনেককণ ডুকরে কাঁদল। যেন আমি সর্বশক্তিমান। যেন রাজা ক্যানিউটের মতো সমূজকে হুকুম করতে পারি, সমূজ, তুমি হটে যাও। খণ্ডরথাড়ী, তোমার হাত সরিয়ে নাও। বেবীকে তুমি ছুয়োনা। বেবী শুধু তার মা'ব।

বলনুম, নীলা, বোন আমার। সম্ভান কি তোমার একার? তার ওপর কি তার পিতৃত্বলের অধিকার নেই? ওঁরা দেখতে চান। ভালোয় ভালোয় দিয়ে এসো। কিছুদিন পরে ভালোয় ভালোয় নিয়ে এসো। আইন ওঁদের পক্ষে। বাসড়া করে পারবে কেন?

শ্বগড়া করতে ওর একটুও ইচ্ছা নেই। কিন্তু ওর প্রোণে ভয় ওরা ধর খুকুকে ফিরে আসতে দেবে না। তা ছাড়া খুকুকে পাঠাবে কার লখে? মাকে ছেড়ে খুকু কার সঙ্গে যাবে? নীলাকেই তা হলে যেতে হয় শ্বং। কিন্তু যাবে কোন মুখে? ওঁরা তো তাকে যেতে বলেননি। কই, চিঠিব কোনোখানে কি এমন কথা আছে?

বাত্তবিক, চিঠিতে অমন কোনো কথা ছিল না। আমি তাকে ব্ৰিয়ে ক্ষাসুষ বে শাৰ্কীৰ মধন অহুৰ তথন তাৱও তো একটা কৰ্ত্তব্য আছে। শাশুড়ীর সম্পর্ক তো চুকে বায় নি। একবার গিয়ে দেখা স্থাসা উচিড নয় কি?

হেড মিদ্টেসও সেই পরামর্শ দিলেন। নীলা তার মেয়েকে নিয়ে কলকাতা গেল। গিয়ে দেখল বা ভেবেছিল তাই। শাওড়ীর অহথের ববর মিখ্যে। নাতনিকে দেখতে চাওয়া একটা ফাদ। আদলে উনি ওকে রাখতে চান নিজের কাছে। ইতিমধ্যে গোপালকে ও নাণ্টুকে ওদের বাপ এসে নিয়ে গেছে বালিগঞ্জের বাডীতে। ঠাকুমা ঠাকুরদা তাই চান আর একটি খেলার সাথী। সেইজভ্যে তলব করেছেন নাতনিকে। ন'লার যদি মেয়েকে ছেড়ে থাকতে ভালো না লাগে তা হলে দেও এসে মেয়ের কাছে থাকুক তালতলার বাড়ীতে। মফ: খলে চাকরি করবার এমন কী কারণ ঘটেছে । মিছিমিছি সকলের মাথা হেঁট।

শাশুড়ী নীলাকে ভালোবসতেন। মীনাকে ত্'চকে দেখতে পারতেন না। নীলা যদি তাঁর কাছে থাকত তা হলে তিনি একবার চেষ্টা করে দেখতেন তাঁর ছেলে তালতলার বাড়ীতে ফিরে আদে কি না। মীনাকে বালিগঞ্জের বাড়ীতে রেবে আদে কি না। বেশীর ভাগ সময় নীলার সঙ্গে ও মাঝে মাঝে মীনার সঙ্গে বাস করে কি না। কিন্তু এই মর্মে আপোশ করতে নীলার রুচি ছিল না। সেকালের মেয়েরা স্থামীকে বেশীর ভাগ সমন্ন কাছে পেলে বাকী সমন্নটা সতীনের কাছে থেতে দিত। কিন্তু নীলা হচ্ছে একালের মেয়ে। সে বোলো আনা পাবে কিন্তা বোলো আনা হারাবে। "আমার স্থামী" বলি বলতে না পারে "আমার স্থামী নম্ন" বলবে। কিন্তু "আমাদের স্থামী" বলবে না।

শামী যদি তার না হয়ে থাকে শান্তড়ীও তার নন। তাঁর কাছে থাকার প্রভাবে নীলা বাজী হতে পাবল না। কর্মন্থলে ফিরে এলো। কিছু বেবীকে রেখে আসতে বাধ্য হলো। সেবার গোপালকে ও নান্টকে। এবার বেবীকেও। এ বে কী হুঃথ তা কাউকে বোঝানো ৰাম না, কেউ বুঝৰে না। বিধবার একমাত্র সন্তান মারা গেলে যে ত্ঃব এ কি তার চেয়ে কিছু কম। হায়, তার জীবনে শ্রুথ কোথায়!

নীলা প্ৰিয়ে প্ৰিয়ে কাঁণত এ কথা আমার জানা ছিল। কিন্তু সে ৰে হঠাৎ একদিন ৰূচ্ছা যাবে এতদ্ব আমি কল্পনা করিনি। একজন শিক্ষয়িত্তীকে সজে দিয়ে ভাকে কলকাতা পাঠাতে হলো। এবার গেল বাপের বাজী। আর ফিরে এলোনা।

তার স্বাবশন্ধনের পরীক্ষা বার্থ হলো। যতদিন বেঁচে থাকবে ততদিন তাকে পলগ্রহ হতে হবে, হয় বাপের বাডীতে, নয় শুলুরবাড়ীতে। বাপের বাড়ীতে কেউ তাকে চায় না, তার চেয়ে বরং মীনার আদর বেশী, কারণ মীনা মাঝে মাঝে উপহার পাঠায়। ইতিমধ্যে মীনার বিয়ে হয়ে গেছে। তার কলন্ধের দাগ মৃছে গেছে। তার পরিচয় দিতে কেউ লজ্জিত নয়। দক্ষা বা কিছু তা নীলার জন্তে। সে যে পতিপরিত্যাগিনী বা পতি-পরিত্যক্তা। উঠতে বসতে তাকে স্মরণ করিয়ে দেভয়া হয় যে তার উপযুক্ত স্থান হয় বালিগঞ্জ, নয় তালতলা। বেলেগাটায় তার স্থানাভাব।

এই বখন তার বাপের বাড়ীর অবদ্বা তখন শশুরবাড়ী থেকে ডাক্ এলো শশুরের দেবা করতে। এবার সভিয় সভিয় বাঘ এসে পড়েছে। ফুর্রলোক বছ দিন রক্তের চাপ থেকে ভুগছিলেন। এবার কিছু বাড়া-বাড়ি হয়েছে। নীলা গেল সেবিকা হয়ে। মীনাও এলো। কিছু সেবিকা হয়ে নয়। সেবার ব্যবদ্বা দেখতে। স্বামী এসে চিকিৎসার ব্যবদ্বা দেখলেন। নীলার সদে তাঁদের ছ'জনের চেগাচোথি ঘটল। কিছু কথাবার্ডা হলোনা।

খণ্ডবকে বাঁচানো গেল না। তাঁর মৃত্যুর পর শাণ্ডতী ধরে বসলেন নীলাকে তাঁর কাছে থাকতে হবে। নীলা এবার 'না' বলতে পারল না। সে জানত নাবে তার স্বামীকেও বলা হয়েছে তালতলার বাড়ীতে বেশীর ভাগ সময় স্বাটাতে। ভিনি বেশীর ভাগ নয়, কিছু সময় কাটাতে রাজী হয়েছেন। তার চেয়ে বড় কথা, গোপালকে নান্টুকে ক্ষেত্রত দিভে তাঁর অমত নেই। নীলা যদি স্বয়ং তাদের ভাব নেয়।

ভিনটি ছেলেমেয়েকে একসকে পেয়ে তার মুথে আবার হাসি कूটन, গান গেয়ে উঠল তার মন। পারে কথনো কেউ এদের ছেড়ে বেঁচে থাকতে! এতদিন বেঁচে আছে কী করে। মনে হলো ওটা একটা তৃঃস্থপ—ওই যে নিঃসঙ্গ নিঃসন্থান জীবন। আনন্দে আছে, এমন সময় একদিন তার স্বামী এনে হাজির। তিনি নিজের থেকে তার কাছে মাফ চাইলেন। বললেন, লোষ আমার নয়, লোষ তোমারি। কেন তৃমি অভান্ত স্ত্রীদের মতো হিংস্কটে হলে না, কেন আমাকে পাহারা দিলে না, কেন আসতে দিলে আমার কাছে ভোমার বোনকে! তৃমি মহৎ, সেইজতে ভোমার এ তুর্ভাগ্য। এখন আমার কর্ত্র্ব্য কী আমাকে বলো।

এর জন্তে দে প্রস্তুত ছিল না। এই শুব স্থতির জন্তে। তার দাধারণ জ্ঞান লোপ পেলো। দে স্বামীর কোলে দারা রাত কাটালো। বধন ভোর হলো তথন থেয়াল হলো যে এ মাহ্য থাকতে আদেনি, এ মাহ্য পুক্ত ঠাকুরের মতো আর এক জায়গায় গিয়ে আর এক মন্ত্র আওড়াবে।

তারপর এও তার থেয়াল হলো বে এরকম যদি চলতে থাকে তা হলে আবার একটি থোকা বা থুকী হবে। কিছুতেই তা হতে দেওয়া উচিত নয়। বে লোকটি তাকে এত হৃঃথ দিয়েছে তার জন্তে সে আবার গর্ভবন্ধনা সইবে। মীনার উচ্চিষ্ট ভোজন করে এমন কী স্থথ যার জন্তে সে আর একটি শিশুকে সংসারে আনার ও মাহুব করার দায়িত্ব বহন করবে। কিছুতেই নয়, কিছুতেই নয়।

পরের বার তার স্বামী যথন এলেন তথন দে নিজের জক্তে মাছ্র পাতল মেজেতে। তিনি অবাক হলেন, কেননা তাঁর ধারণা ছিল নীলারই আগ্রহ বেলী। সে বেন তাঁকে লুট করে নিজে চেয়েছিল মীনার কাছ বেকে। হঠাৎ কী হলো তিনি বুঝতে পারলেন না। অপেকা করলেন। ৰুখা অপেকা। নীলা ভার মন ছির করে ফেলেছিল চিরকালের মতো।
সে ভার স্বামীকে বরাবরের জ্ঞান্তে উৎসর্গ করে দিয়েছে ভার বোনকে।
স্বামীর উপর ভার কোনো স্বন্ধ অবশিষ্ট নেই। ইনি ভার বোনের স্বামী,
ভার নন।

এসব কথা তাঁকে মূখ ফুটে বলতে ইচ্ছা ছিল না। বলতে হলো বখন তিনি পরের বার পীড়াপীড়ি করলেন। তৎক্ষণাৎ তাঁর ব্যবহার বদলে পেল। তিনি বিশ্রী ভাষায় গালাগাল দিলেন। ভয় দেখালেন বে আবার নিয়ে বাবেন গোপালকে ও নাল্টুকে। বেবীকেও। এককালে বাঁকে দেবভার মতো পূজা করেছে তাঁর মূর্তি দেখে তার ভক্তি চটে গেল। দেবলা, তোমার ছেলেমেয়েদের তুমি নিয়ে বাবে, এর জল্পে আমার অফ্-মতির দরকার করে না। কিস্তু এই দেহটা তোমার নয়, আমার। আমার গায়ে হাত দেবার আগে আমার অফ্মতি নিতে হবে। সে অফ্-মতি তুমি ইহজয়ে পাবে না। এই আমার শেষ কথা।

এতবড় সাহস তার হবে, কোনোদিন সে কল্পনাও করেনি। কোন
আদৃশ্য উৎস থেকে এলো এ সাহস! স্থামীর ম্থের উপর দরজা বদ্ধ করে
দিল। কী বে এর পরিণাম একবার চিন্তা করল না। সত্যি কি সে পারে
ভার নান্টু গোপালকে ছেড়ে তার খুকুকে ছেড়ে বাঁচতে! আত্মহত্যা।
আত্মহত্যাই আছে তার কপালে। তাই যদি হয় বিধাতার নিখন তবে
ভাই হবে। কিন্তু মীনার স্থামীকে সে আর নিজের স্থামী বলে স্থীকার
করবে না।

এই ঘটনার পর প্রত্যেক দিন সে প্রত্যাশ। করছিল এখনি নাণ্ট্র পোপালকে নিডে গাড়ী আসবে। বেবীকে নিয়ে যেতে লোক আসবে। কিছ তেমন কিছু ঘটল না। তার কারণ তথন জানতে পায়নি, পরে জানতে পোলা। মীনা ওদিক থেকে বাধা দিছিল নীলার ছেলেমেয়েকের ভার নেবার প্রভাবে। মীনা মা হতে বাজে, নিজের সন্থানের কথা ভাববে, না পরের সম্ভানের জন্তে ভেবে মরবে। স্বামী আর কী করেন, নীলার কাছে হার মানলেন। মুখে নয়, মনে। নীলা শশুরবাড়ীভেট রয়ে গেল।

এবপরে তার স্বামী নতুন একটা ব্যবস্থা করণেন। সকাল স্থায় সন্থান কাটালেন তালতলায়, দিনের বেলাটা কারখানায়, রাজিরটা বালিগঞ্জে। আট ঘণ্টা, আট ঘণ্টা, আট ঘণ্টা। ছেলেমেরেরা বাপের সক্ষ পেয়ে মাহ্র্য হবে, এই জন্তে তালতলায় সকাল সন্ধ্যা কাটানো। নীলার বাতিরে নয়। নীলা তা ব্যতে পেরেছিল, সানন্দে সায় দিয়েছিল। নীলার উপর তাঁর কোনো অক্সায় দাবি-দাওয়া ছিল না। তিনিও ব্যক্তে পেরেছিলেন যে নীলার উপর জোরজ্বুম খাটবে না। প্রয়োজনও ছিল না। বা ছিল তার নাম পুক্রালি জেন। আত্মাভিমান।

নিলার সেই প্রশ্ন কিন্তু সমস্তক্ষণ উত্তর অবেষণ করছিল। সে বিবাহে স্থা হয়নি বলে কি জীবনে স্থা হবে না? এই কি জীবনের স্থা? শতরের ভিটায় মাথা তাঁজে পড়ে থাকা, ছেলেমেয়েদের নাওয়ানো গাওয়ানো ইন্থলে পাঠানো, স্বামীর সঙ্গে হটো সংসারের কথা বলা ও জমাধরচের থাতা নিয়ে বসা, শাভতীকে সেবাবত্ব করা। এ ভাবে জীবন বাপন করতে ভালো লাগে না। মনে হয় এর মধ্যে বিকাশের পরিসর নেই। বিকাশ যদি চায় তবে বাইরে বেতে হবে। গেছল বেমন একদিন ১

শব চেমে তার থাবাপ লাগত রাত সাতে নমটার সময় থাওয়াদাওয়া শেষ করে ছেলেমেয়েদের ঘুম পাড়িয়ে স্বামী যথন চলে যেতেন বালিগঞা। ভোর সাড়ে পাচটায় ফিরে স্বাসতেন। ওরা ঘুম থেকে ছেলে দেখত বাবা স্বাছেন বাড়ীতেই। এ স্বভিনয় ক'দিন চলতে পারে! মীনারও ভো থোকা হবে। সেও তো তার বাপকে চাইবে ঘুম থেকে জেগে দেখতে। স্বার গোপালেরও তো বোঝবার বয়স হয়েছে। সে কি বোঝে না, ভাবছ? বোঝে বলেই তো দিন দিন কেমনতর হয়ে যাছে। 77

ভারপর নীলা বাই বলুক না কেন তার ভিতরকার নারী কোনোঃ
দিন কমা করেনি। কার স্বামী রোজ রাত সাড়ে নয়টার সময় অস্তত্ত্ব

শায়, ভোর সাড়ে পাঁচটার আগে ফেরে না! যাদের নাইট ভিউটি তাদেরও

শায়া মাসটা সারা বছরটা নাইট ভিউটি নয়। একটা রাতও কি কামাই

করবার জো নেই! নীলা অবস্থ ধরাছোয়া দিত না। তার অসিধার বত।

তব্ একসকে ভায়ে ভায়ে গল্ল করা যেত। ছেলেদের সম্বন্ধে গল্ল। দেশবিদেশের গল।

मा

নীলা ক্রমে অভিষ্ঠ হয়ে উঠল। মীনার ছেলে হবাব পর স্বামীর স্নেহ বেন মীনার ছেলের উপর পড়ল বেশী। তিনি সকালবেলাটা মীনার খবানেই কাটাডে লাগলেন। রাতটাও। সন্ধাবেলা এসে গোপাল নাকুর পড়াঙ্কনা ভদারক করে যান। বেবীর সঙ্গে খেলা করে যান। নীলাকে দিয়ে যান টাকা। বাস্, ভা হলেই কর্ডব্য করা হয়ে গেল। কিন্তু কেন্তু কি এর ফলে স্বধী হলো?

এমন সময় এলো সম্ভের ভাক। নদী, উপনদী, শাখানদী, বে বেখানে ছিল ভনতে পেলো ভাক। আমি ভনতে পেল্ম উত্তর বঙ্গে,
নীলা ভনতে পেল কলকাতায়। কেউ কালো পরামদের ভল্মে অপেকা
ক্যুলুম না। ছুটে বেরিয়ে পড়লুম সমুদ্রের পানে। গান্ধীজী চললেন
ভাতী। আমি চললুম মহিষবাথান। নীলা চলল ভায়মণ্ড হারবার।
লবণ প্রস্তুত করা একটা উপলক্ষ্য। আমাদের সকলের লক্ষ্য রহত্তর
লীবন, স্বায়ত্ত জীবন। আমরা চাই জীবনের স্থ্য। দিগন্তবিসারী
নিঃসীম নীল সাগর, তুমি দেবে জীবনেব স্বাদ। স্থ ভোমাতেই।

গুলির জক্তে, লাঠির জক্তে তৈরি ছিল্ম আমরা। তৃক্ত হাতকড়া পরে তেমন কোনো অথ ছলো না। লারোগাকে বলল্ম, কোমরে দড়ি নেই কেন । নিয়ে আফুন দড়ি। শক্ত করে বাঁধুন। দারেগাক চোখে অল। গুলু সাদ্ধী, হিরণাকশিপুকেও কাঁলালে। আমার বিচাক করলেন যে ম্যাঞ্জিটেট আমি তাঁকে হাত জোড় করে বলন্ম, আমাকে চরম দণ্ড দিন। অন্তত ছ্'বছর। পরাধীন দেশে আমি কিবে আসতে চাইনে। ফিরলে ফিরবো স্বাধীন ভারতে। তিনি আমাকে একবছর সাজা দিলেন। লক্ষ্য করল্ম তিনি উত্তেজনায় কাঁপছেন। বেন তাঁরই বিচার হলো, আমার নয়। ইা, ব্রিটিশ সাম্রাজ্যকে সেদিন আমরা আসামীব কাঠগভায় দাঁত করিয়ে বিচার করল্ম।

আমি জানতুম না যে নীলাও যোগ দিয়েছে, ভারও জেল হয়েছে।
গান্ধী-আরউইন চুক্তির পর একটা জনসভায় দেখি কে একটি মেয়ে
সভামঞ্চে দাঁভিয়ে চুক্তির বিরুদ্ধে বলছে। চিনতে পারলুম। নীলা। বিশ্বয়ে
বিমৃত হলুম তাকে দেখে, তার উক্তি তনে। আমার সবাদ জলে প্রাল সে
বখন বলল, গান্ধীজী তাঁর সহকর্মীদের প্রতি বিশাস্থাতকতা করেছেন।
দেখলুম একপাল ছেলেমেয়ে তাকে বাহ্বা দিছে। তাতে আমার আশন্তি
ছিল না। কিন্তু দেখলুম তার কয়েকজন দাদা জুটেছেন। তাঁরাই তার
কানে মন্ত্র দিছেন। নইলে নীলা কথনো গান্ধী-নিন্দা করত না।

আনার একটুও ক্লচি ছিল না তার সঙ্গে দেখা করতে, কথা বলতে।
চলে যাচ্চিলুম, পিছন থেকে একটি ছেলে এসে আমার হাতে একখারী
চিরকুট দিল। নীলা আমাকে ডেকেছে। গেলুম ফিরে। তার দাদালুল্ল
সঙ্গে পরিচয় করিয়ে দিল। দাঁতে দাঁত চেপে নমন্ধার জানালুম। তারপর
এক সময় বলল, তুমি বেয়ো না। তোমার সঙ্গে আমার কথা আছে।

খন্তরবাড়ী থেকে সে ভাষমগু হারবার যায়। সেখান থেকে যায় জেলে। তেল থেকে ফিরে আজ এ দাদার বাড়ী, কাল ও দাদার বাড়ী, পরন্ত এ দিনির বাড়ী, তরন্ত ও দিনির বাড়ী ঘুরছে। পরম গরম বক্তা দিছে এই আশায় বে প্লিশে তাকে আবার ধরবে, তথন বিছুদিনের জন্ত বাসহানের অভাব হবে না। গান্ধীনী বলি চুক্তি না করতেন ভাহলে সে আবো কিছুকাল শ্রীঘর বাস করত। তাকে অকালে নিরাশার করেছেন বলেই সে গান্ধীলীর নিন্দা করছে। আমি তার দশা দেখে ছ:খিত হল্ম। চেহারা খারাপ হয়ে গেছে। ছেলেমেয়েদের জন্ত নিতা ভাবে। তাদের সলে কচিং দেখা হয়। মনকে বোঝার, দেশের জন্তে কতো মেয়ে ঘর সংসার ছেড়ে সংগ্রামে ঝাঁপ দিয়েছে। সেও তাদের একজন। হয়তো ভাকে একদিন প্রাণ দিতে হবে। তখন কি সে ছেলেমেয়েদের কথা ভেবে পেছপাও হবে? তাদের এমন কিছু অয়ত্ব হচ্ছে না। ক্ষতি বা হচ্ছে শরীরের নয়, মনের। তার জন্তে দায়ী তাদের বাপ। তাদের মা দেশের জন্তে লড়াই করছে বলে তাদের মৃথ উজ্জ্বল হয়েছে। নইলে তাদের কালো মুখ তারা কাকে দেখিয়ে বেড়াত। একদিক থেকে দেখতে গেলে নীলা চাদের ক্ষতিপুরণ করছে।

সেই আমাদের শেষ দেখা। তার আন্রো একডজন দাদা জুটেছে।
আমাকে তার কিসের প্রয়োজন! আমি বলন্ম, নীলা, তুমি বা তালো
মনে করো তা করে যাও। আমার সমর্থনের জক্ত অপেকা কোরো না।
বিদি কোনদিন বিপদে পড় আমার সাহায্য চাইলেই পাবে। যদি আমার
সাধ্য থাকে।

আর ভার সঙ্গে দেখা হয়নি। চিঠিপত্র পেয়েছি। নীলা আবার জেলে বায়, কিন্তু হঠাৎ বেবীর গুরুতর অহুথ গুনে মৃচলেকা দিয়ে বাড়ী আসে। তারপরে বেবী তাকে ধরে রাখে। তথন থেকে দে শগুরবাড়ীতেই আছে। রাজনীতি করে না। তবে সেই বে তার বাইরে ঘোরার অভ্যাস হয়েছে সে অভ্যাস যায়নি। বারো মাসে তের পার্বণের মর্জো দেশের জল্পে চাদা তোলার বিচিত্র উপলক্ষ্য রয়েছে। চ্যারিটির নামে টিকিট বিক্রী করতে হলে নীলার ডাক পড়ে। ওতেই গুরু জীবনের ক্ষা। কখনো বিশেষ কোনো বিপদে পড়েনি। যদি পড়ে আমাকে আনাবে। তবে আমার মনে হয় না বে গুরু আমীর দিক থেকে জ্বার কোনো বিপদ আসাতে পারে।

এই বলে দাদা শেষ করলেন।

আমি কিছু মন্তব্য করব কি-না ভাবছি এমন সময় দাদা আপনা ধেকেই বললেন, "নীলার চেয়ে নীলার প্রশ্ন আরো মৃল্যবান। নীলাকে একদিন ভূলে যাব। ভূলব না ভার প্রশ্ন। বিবাহে বদি স্থী না হই, জীবনে স্থী হব না কেন ? ভূমি হলে এর কী উত্তর দিভে ?"

ভেবে বলনুম, "এর উত্তর বিবাহে যদি স্থানী না হই, জীবনে স্থা ,হতে চেটা করব। কিন্তু সে চেটা যদি সফল না হয় তা হলে আকর্ষ হব না। ছেলেমেয়ে যদি থাকে তারাই সে চেটা বিফল করবে।"

একথা শুনে দাদা বললেন, "এই নিয়ে আর একটি মেয়ে আমাকে আর একটি প্রশ্ন করেছিল। শুনে চমকে উঠেছিলুম। ছ:সাহসিকঙার নীলার প্রশ্নকেও ছাড়িয়ে যায়। বাস্তবিক, পঞ্চাশ শতকের শুরুতা ভঙ্গ করে ভারতের মেয়ের। এখন স্বাক হয়েছে।"

তিনি আমার কানের কাছে মৃথ এনে আন্তে আন্তে বললেন, "এমন প্রশ্ন কেউ কোনো দিন করেনি। ভনবে ?" এর পরে তিনি বা বলবেন আপাতত তা অপ্রকাশ ।

আমি হেদে বললুম, "অবাক হবার পালা এখন ভারতের ছেলেদের।"
দাদা গন্তীরভাবে বললেন, "অবাক হতে পারি, কিন্তু অধীকার করতে
পারিনে বে এসব প্রশ্ন হাজার হাজার বছরের পুরানো প্রশ্ন। এতকাল
অবদ্যতি অবস্থায় ছিল। বুক ফাটে তো মুখ ফোটে না বলে এতকাল
যাদের গুণগান করা হয়েছে তাদেরই এক আধ্যান এখন অবদ্যনের
প্রভাব কাটিয়ে উঠছে।"

এই গৌরচন্দ্রিকার পর আরম্ভ হলো রানীর গল। রানী তাঁর নাম নম, তাঁর পরিচয়। তাঁর আমীকে লোকে রাজা বলে। আসলে অমিদার। জেল থেকে বুরে এসে প্রিয়দর্শনদা চাকরিব থোঁজে ছিলেন। নিধ্বাৰু ইডিমধ্যে রায়বাহাত্র হয়েছিলেন, দাদার চিঠির জবাব দিলেন না। আরো করেক জায়গায় চিঠি লেখালেখির পর রাজার কাছ থেকে নিয়োগ-পত্র এলো। তিনি ছিলেন সাহিত্য-বশপ্রার্থী। দাদাকে দিয়ে তাঁক সাহিত্যের কাজ করিয়ে নেবেন বলে প্যালেস স্থপারিন্টেন্ডেণ্ট পদে নিযুক্ত করলেন। প্রিয়দর্শন হলেন পরিদর্শনসচিব।

বাজবাড়ীতেই তাঁর বসবাসের আয়োজন হলো। মাসীর জয়ে হলো

শশু বন্দোবন্ত। জীবনে তিনি এমন আরাম পাননি। রাজবাডীর ভূত্যবাহিনী সর্বলা তাঁর ভবে তটন্থ। একটা করতে বললে দশটা করে দেয়।
ধাবার জন্তে তাক পড়ে ধােদ রাজা বাহাত্রের সলে। পঞ্চাশ ব্যঞ্জনের
ক্ষেকটি পদ স্বয়ং রানীমার হাতের তৈরি। রানীর হাতের রাল্লা ক'জনেব
ভাষ্ণ্যে জোটে ? প্রিম্নদর্শনই বােধ হয় এদেশের একমাত্র কবি মিনি এক

শাধ দিন নয়, দিনের পর দিন, মাসের পর মাস, এবেলা ওবেলা রানীর
হাতে খেয়েছেন। এর জন্তে তিনি গবিত।

এর জন্মে তাঁকে অবশ্য দাম দিতে হয়েছে। রাজার নামে বে সব কবিতা মাসিক পত্রে বেরিয়েছে তার অধিকাংশই প্রিয়দর্শনের রচনা। করেকটা রানীর থসড়া, প্রিয়দর্শনদার যোজনা। হাতের লেখাটা রাজ-হত্তের। রাজার স্বকীয়তা এই পর্যান্ত। এই দামটা না দিলে এই মৌভাগাটা হতো না। এর জন্মে দাদা লজ্জিত।

রানীর সংক চাক্ষ্য পরিচয় হতে বছকাল লাগল। রাজবাড়ীতে নয় অবস্থা। কিছু সে কথা পরে। তবে প্রতিদিন রায়া থেতে থেতে, রায়ার ভারিক করতে করতে, নিজের বিশেষ প্রিয় ব্যঞ্জনের ফরমাস করতে করতে রানীর সংক তাঁর যে সম্পর্ক গড়ে উঠল সেটা রাঁধুনির সংক বাটয়ের সম্পর্ক নয়। দাদার সংক বোনের সম্পর্ক বললে বোধ হয় ভূল হয় না, তবে ঠিকও হয় না। এটা একটা অনির্দেশ্য সম্পর্ক। কোথাও এর কোনো ভূকানা নেই।

প্রিয়দর্শনদার মনে রং লেগেছিল। সেটা গোপন করতে গিয়ে তাঁক গালেও বং লাগল। একটু ণিতিয়ে নিয়ে বললেন, "তথন কি ছাই জানতুম! পরে জানতে পেলুম রানীর জীবনে ওটা একটা চরম মৃহুর্ত। ততদিনে বা হবার হয়ে গেছে।"

আমি কৌতৃহল চেপে রাখতে পারল্ম না। স্থাল্ম, "ভার মানে প

"তা হলে বলি শোনো।" এই বলে তিনি জমিয়ে বসলেন। বললেন—

আমার জীবনে এই নিয়ে চার বার হলো। নারী বিপদ। নাইটের সংগ্যতা চায়। বেন আমার অদৃটে আর কিছু লেখেনি। হাদিও পায়, রাগও ধরে। বেমন জ্ঞুদের বন্ধু নস্কুবার তেমনি নারীদের বন্ধু প্যারীবার্। হিন্দুস্থানী দাবোয়ানের। আমাকে প্যারেবার্ বলে ভাকত ।

রাজবাড়ীতে বেশ আনন্দে আছি, নিথছি পড়ছি নেথা সংশোধন করছি, হঠাৎ একদিন একথানা চিঠি এলো অন্দর থেকে। একটা সাহিত্যিক রচনার ভিতর গোজা। বানীর হাতের নেথা। "বিপদে পড়ে আপনার কাছে হাত পাতছি। যদি দয়া করেন। আমার ভাই নীপু আমার সর্বনাশ করতে বসেছে। কথা ভনছে না। যদি ভাকে বৃথিয়ে বলেন। একমাত্র আপনাকেই সে বা একটু ভক্তিশ্রদ্ধা করে।"

ইচ্ছা করল লিখি, স্মাচ্ছা, আমার বথাসাধ্য করব, তাতে বনি আপনার বিপদ কাটে। বিশ্ব রানীর সঙ্গে আমার চিট্টি চলাচল হচ্ছে এ কথা যদি কেউ রাজার কানে ডোলে—তুলবেই—তা হলেই হয়েছে আমার চাকরি। চাকরি তো যাবেই, মান নিরে টানাটানি।
তথু কি মান নিয়ে! প্রাণ নিয়ে কি-না ডাই বা কে বলবে। কারণ
রাজা লোকটা বেমন ভালো তেমনি খারাণ। মনিব হিসাবে চমংকার,
বন্ধুর মডো ব্যবহার করে কিন্তু মাহ্ব হিসাবে আর পাঁচজন
অমিদারের মডো অভ্যাচারী লম্পট। পোনা যায়, একজন শরিককে
মেবে ভার মৃতদেহ বাডীতেই পুঁতে রেখেছে। কিন্তু প্রমাণ নেই।
থাকলেও ভার চেয়ে অবর জিনিস আছে। নগদ টাকা। টাকায়
রাভকে দিন করতে পারে। স্থতরাং কাজ কী লোকটাকে চটিয়ে।

চিঠির জবাব দেওয়া হলো না। জবাব নাপেয়ে রানী কী মনে করলেন জানিনে। বিভীয় বার অহুরোধ এলো না। আমিও নিশ্চিম্ভ হয়ে ধরে নিশুম বে ভাইবোনের ঝগড়া মিটে গেছে। বিপদ কেটে গেছে।

ভাইটাকে আমি দেখেছি। কলকাভাদ্থাকে। মাঝে মাঝে আসে, ছ-পাঁচ দিন হৈ হৈ করে যায়। উদ্দামভার অবভার। বনেব পাখী থেকে ঘরের বৌ-ঝি কেউ ভার নেকনজর এড়ায় না। শিকারী স্বভাব। আমাকে কিন্তু দ্ব থেকে নমস্কার করে। কেন ব্রভে পারিনে। অথচ রাজাকে ভন্ন করে না। বরং রাজাই ভার ভয়ে ভটস্থ।

কিছু দিন পরে শুনি বানী কলকাতা গেছেন। বাপের বাড়ী। বেশ ভালো। সেইখানেই ভাইবোনের ঝগড়া মিটুক। আমি কেন এর মধ্যে মাখা গলাতে যাই? তবে মনটা খুঁৎ খুঁৎ করে। জীবনে এয়ন ঘটনা ক'বার ঘটে? বানী আমার কাছে উপযাচিকা। নিশ্চম ধোরতার বিপদ। নইলে কি তিনি আমার কাছে হাত পাততেন?

ভারণর ভিনি আর ফিরে আদেন না। এক মাদ বায়, গু'মাদ বার। রাজাকেও ধ্র খুলি মনে হলো না। বাড়াতে মেয়েমাসুব আনতে ভার সাহদে কুলোরনি, মা বেঁচে আছেন, ছেলেমেয়েরাও বোরে। কিন্তু শিকারের নাম করে বাইরে বেতে বারণ করবে কে? শিকারে গেলে তিনি শিবিরে রাত কাটান, দক্ষিনীর অভাব হয় না, নিজা নতুনের পরশ পান। কাজেই রানী না থাকলে তাঁর খুশি হ্বার কথা। তবু দেখা গেল তিনি ভাবনায় পড়েছেন।

যাক, আমাকে তো আর বলবেন না। আমার কী। আমি চুপচাপ থাকি। কেবল রামাটা মুখরোচক হয় না। তদাৎ ব্রতে পারি। সাহিত্যিক রচনা আসে না সংশোধনের জল্পে। সেটাও একটা মনে রাখবার মতো তদাৎ। তু'জনের মধ্যে একটা সাহচর্বের ভাব গড়ে উঠেছিল। তু'জনে মিলে বই শিখলে বেমন হয়। সেটা বাধা পেলো। বইখানা অসমাপ্ত থাকলে বেমন লাগে তেমনি লাগল।

একদিন নীপু এবে হাজির হলো। তাকে দেখে চেনা যায় না।
একদম নিবে গেছে। রাজার সকে তার কথাবার্তার টুকরোটাকরা
আমার কানে এলো। রানী পাগল হয়ে গেছেন। তাঁকে কারো
সকে মিশতে দেওয়া হচ্ছে না। মাহ্ব দেখলে তাঁর পাগলামি বেডে
যায়। এখন কি নিজের সন্তানকে দেখলে তাঁর মাথায় খুন চাপে
বিজ্ঞাকে দেখলে আন্ত রাখবেন না। রাজা যেন তাঁর ত্রিশীমানায়
না যান।

আমার মনে বিষম আঘাত লাগল। হায়! তখন ষদি জানতুর তার কী বিপদ! তা হলে কি তাঁর চিঠির উত্তর না দিরে পারতুম! পাগল হয়ে গেলেন! এর জ্ঞান্তে কি আমার কোনো দায়িত্ব নেই! নিজের উপর আমার রাগ ধরে গেল। নীপুর উপর আরো বেশি। সর্বনেশে ছোকরা কী যে করেছে কে জানে!

কিন্তু বতাই তাকে এড়াতে বাই ততাই তার দিকে ঝুঁকি। কী কে করেছে কে জানে! ইচ্ছা করে জানতে। তোমার কাছে বলতে কজা নেই, কিন্তু নিজের ভাবান্তর লক্ষ্য করে আমি নিজেই চমকে উঠিদুম। খেন নীপুর সংশ কথা না বলে আমার সোরান্তি নেই। সেই একমাত্র লোক যে বলতে পারে কী হয়েছে। লজ্জার মাধা থেরে কী করে কথাটা পাড়ি এই ভেবে হিমনিম থাচ্ছি এমন সময় সে নিজের থেকে আমার সংক্ আলাপ করতে এলো।

বাঁচা গেল। গন্ধীর ভাবে শুনে গেলুম তার কথা। যেন বিন্দুমাত্র আগ্রহ নেই আমার। নীপু বলল, "আপনার কাছে একটু কাজে এদেছি। দয়া করে যদি আমার কথা শোনেন।"

"নিশ্চয় শুনব। আপনি নির্ভয়ে বলে যান।"

"আমাকে 'আপনি' কেন ? 'ত্মি' বললেই আমি স্ক্রন্ধ বোধ করব। আমি আপনার ছোট ভাইরের মতো। দিদি তো আপনাকে দেবভার মতো ভক্তি করত। কিন্তু আমার ওসব সাহিত্য টাহিত্য আদে না। যেন আমাকে ফেল করাবার জন্মে ওসবের স্ষ্টি। নাটক ছাড়া আর কিছু আমি ব্ঝিনে, ব্যুভে পারিনে। উপস্থাসও না। গল্পও না। কবিতা তো নয়ই। অথচ মঙ্গা দেখুন, চিনির বলদের মতো আমারই ঘাডে চাপিয়ে দিয়েছিল ওসব। বলেছিল তোর কাছে এপ্তলো বাবিদ। দেখতে দিস্নে কাউকে। খবরদার, অবরদার, আমাইবাব্কে দিস্নে দেখতে। দেখলে সর্বনাশ হবে।"

এবার আমি গন্ধীর ভাবে জানতে চাইনুম, "কেন ?" "কে জানে কেন!" নীপু অজ্ঞতার ভান করল।

কিন্ত আমার অভিনয় তাব চেয়ে এক কাটি সরেস। আমি বোকামির ভান করল্ম। নীপু যখন ব্যতে পারল দে আমার মতো নীরেট এ জগতে বেশী নেই তখন আখন্ত হলো। বলল, "জামাইবাব্র উপর আপনার অদীম প্রভাব। যদি দয়া করে তাঁকে শাস্ত করার ভার নেম তা হলে কৃতকা হব। তিনি হয়তো এখনি কলকাতা দেকে চাইবেন। কিন্তু গেকে কি দিখিকে দেখতে পাবেন পু আমি বোকার মতে। ফ্যাল ফ্যাল করে ভাকিমে রইলুম। নীপু আমাকে বিশাস করে কানের কাছে মুধ এনে বলল, "দিদি খাকলে ভে। দিদিকে দেখতে পাবেন ?"

"র্যা!" আমি আঁতিকে উঠলুম। রানী নেই? মারা গেছেন ভাহলে? হায়, হায়! কেন তাঁর চিঠির উত্তর দিইনি তথন!

"আপনি যা ভয় করেছেন তা নয়।" নীপু কুটিত হাসি হাসুস।
"দিনি বেঁচে আছে ঠিক। কিন্তু কলকাভায় নেই। কোণার
আছে তা কেউ জানে না। আশা করছি ফিরে আসবে তু'দিন বাদে।
ততদিন জামাইবাবুকে ভূলিয়ে রাথতে হবে। বাচ্চাদের ভূলিয়ে
রাখার ভার আমরাই নিয়েছি।"

ভাজ্ব ব্যাপার! বানী গৃহত্যাগিনী! কিছ কেন?

আমার মড়ে। গাব। নীপু কখনো দেখেনি। তাই আমাকে বিশাস করে বলল আছে। গোপন কথা। আসলে হয়েছিল এই ষে নীপু একজনের প্রেমে পড়েছিল। সেই একজন আর কেউ নয়, তার দিদির জা। মেয়েটিও তাকে ভালোবাসত। কিন্তু কড়া পর্দা। কী করে দেখা হবে ত্'জনের প দিদির ঘরে। দিদি প্রথমে রাজী, হননি। কিন্তু নীপুর হাতে দিদির সেই সব রচনা ছিল। নীপুরদি সেগুলো তার জামাইবাবুকে দেখায় তাহলে দিদির সর্বনাশ হবে। কেনন। ভাতে প্রেমের কথা আছে।

তার পর শুধু দেখা পেয়ে সে সম্ভট হবে না। আরো নিকট করে চাইবে। তাতে দিদির প্রবল আপত্তি। কিন্তু নীপুর বেন নেশা চেপেঁ গেছে। দিদিকে বলে, যাই, লেখাগুলো জামাইবারুকে দেখতে দিই।

বানী বলেন, তুমি স্বামার লেখা ফেরৎ দাও। নীপু বলে, তুমি স্বামাদের মিলন ঘটিয়ে দাও। ...কেউ কারো কথা শোনে না।

এই বখন পরিস্থিতি তখন রানী চলে বান বাপের বাঞ্চী। ভার পত্তে

বা ঘটে তা বিখাদ করা কঠিন। নীপুর এক বছু ছিল তার নাম কর। তাকেই তিনি ডেকে পাঠালেন নীপুর অদাক্ষাতে। কর তার পর থেকে নীপুরে দিক করতে থাকল। নীপু আমল দিল না। তখন কর একদিন তালা তেওে নীপুর ঘরে ঢুকে ভিতর থেকে খিল দিয়ে নীপুর বার খুলে লেখাগুলো মেফের উপর ভূপাকার করে আগুন ধরিয়ে দেয়। কে একজন গিয়ে নীপুকে তাকে। নীপু পাগলের মতো ছুটে গিয়ে দর্মা ডেঙে ঘরে ঢোকে ও করকে খুন করতে বায়। কর আর দে বাত্রা প্রাণে বাঁচতে না, বদি না দিদি ছুটে এলে মাঝখানে পড়তেন। মারের চোট বা লাগল তা দিদির গায়ে।

এর পর থেকে দিদির উপর নীপুর রাগ বাগ মানল না। আর

কলকে তো সে খুঁজে বেড়াতে লাগল মেরে ঠাণ্ডা করে দিতে। শুনতে
পেতো বানীর সঙ্গে কল্প ক্রিয়ে দেখা করে ভিক্টোরিয়া মেমোরিয়ালে।

কিছু সেখানে তো তাকে আক্রমণ করা যায় না। নিক্ল আক্রোণে

কলতে থাকে নীপু। ওদিকে যে ওরা পালাবার প্ল্যান আঁটছে এ থবর

তার জানা ছিল না। শুপ্রচরের মুখে যথন জানতে পেলো তথন খুব

দেরি হয়ে গেছে। ততক্ষণে ওরা বল্বে মেলে উঠে বসেছে ও ফৌন ছেড়ে

রিবেছে।

ই. আই. আর. বাছে মেল। তার থেকে বোঝা যায় না কোন্ দিকে সেল। বাছে না জারলপুর না এলাহাবাদ না আর কোথাও। জাহাজে চাডে বিলেড গেল কি না কে আনে। কছ বেশ অবস্থাপন্ন ঘরের ছেলে। আনীর চেয়ে বন্ধস তার কম। এখনো বিন্নে হন্ধনি। বিলেড যাবার আশা রাখে। কিছু সে বে শেষ কালে এই কর্ম করবে তা কি কেউ কোনো দিন ডেবেছে। এই লক্ষার কথা নীপু কাউকে জানাননি। কছদের বাড়ীর লোক জানে সে চাকরির চেটার বেরিয়েছে। আর নীপুদের বাড়ীর লোক বেটুকু জানে সেটুকু এই বে দিদি একাই নিক্ষেশ হয়েছেন।

নীপুর এখন জীবনে ধিকার এসে গেছে। নিজের উপরেই ভার বাগ হয়। না হবেই বা কেন! বাকে সে কামনা করেছিল ভাকেও ভো আর কোনো দিন পাবে না। পর্দার অভ্যালে চিরকালের মডো হারিয়েছে। ভাই ভার মন খারাপ। দিদির কথা ভনলে জার কিছু না হোক চোথের দেখাটুকু হভো। এখন এখানে এসে দেওয়ানার মভো ঘুরে বেড়াছে। বদি দৈবাৎ চার চোখাএক হয়। না, ভা হবার নয়। শাভড়ী বুড়ী জন্দরে চুকতে দেবে না। দিদির বড় মেয়েকে দেখতে চাইলে দেখতে দেবে না।

নীপুর কাহিনী আর আমার ভালো লাগছিল না শুনভে। ভাবছিলুম ভখন বদি বানীর চিঠির জবাব দিতুম, বদি জানাতুম, ভর কী! আবি আছি। তা হলে কি এত দূর গড়াত! হায়, মান্ত্ব তো সর্বজ্ঞ নয়। রানীকে দোব দেওয়া গোলা। রানীকে বলি কেন, নারীকে দোব দেওয়া সোলা। কিন্তু নারীর বিপদের দিনে মাধা দিতে পারে ক'জন! আমি ভো পারিনি। কেমন করে দোব দিই ভা হলে! না, আমি দোব দেও না।

এখন থেকে ভাবো একটি মাহ্নব ভাবনায় পড়ল। সে আইন্বৰ্শন ভন্ত। বানী আমার কে। কেন ভা হলে আমি ভাবি। ভাবি এই অক্টে বে কম নামক একটি ভেলা অবলম্বন করে বানী নামের একটি মেয়ে ভাকুলে ভেসেছে। ছনিয়াবে কেমনভর জায়গাসে জ্ঞান ভো নেই। ঐ কছই হয়তো একদিন ভক্ষক হবে। কিমা আর কেউ হবে বে কমকে দেবে ভাগিয়ে। হয়তো এক হাটে কিনে আর এক হাটে বেচবে। হয়তো। নিয়ে তুলবে বেখালয়ে। হা ভগবান!

কেন চিঠির উত্তর দিইনি বলে নিজের উপর আমি দিন দিন ফুক্ত হরে উঠছিলুম। এখন ব্রতে পারছি ওটা অহেতুক। বাতবিক আমায কিছু করবার ছিল না। কিছু তথনকার দিনে ক্লয়টা/ছিল কোমল। কোথাও কোনো নারী বিপদে পড়েছে শুনলে আমার ভিতরকার নাইট লাক দিয়ে উঠত। ইসলাম বিপন্ন শুনলে বেমন মুসলমান সেটা পারে পেতে নেয় নারী বিপন্ন শুনলে তেমনি নাইট সেটা নিজের করে নেয়। আমি থাকড়ে এক বড় একটা অক্সায় অছ্টিত হবে। আমি দাড়িয়ে দাড়িয়ে দেখব। না, না, না। আমাকে বাঁপ দিতেই হবে আগুনে, অপ্লিপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পৌক্ষবের অগ্নিপরীক্ষায়।

বাজার কাছ থেকে ছুটি নিয়ে পথে বেরিয়ে পড়লুম। ই, আই, আর. বামে মেল হাওড়া থেকে আমাকে নিয়ে চলল পশ্চিমে। ত্রেক জার্নি করতে করতে চললুম। কে জানে যদি হঠাৎ সন্ধান পেয়ে বাই! কয়েকটা ভূল সন্ধান পেয়ে বিভ্রাপ্ত হলুম। জবলেয়ে পৌছে গোলুম ভোপাল রাজ্যে।

হাঁ। ভোগালেই তারা ছিল। ছিল এক বাঙালী মৃসলমান পরিবারে। স্থানি নাহেব ভোগাল সরকারে কাজ করেন। ক্লকে আগে থেকে চিনভেন। ক্ল তাঁকে ছোট বেলা থেকে চাচা বলে ভাকত। হিন্দুর পক্ষে হঠাৎ কাজ পাওয়া মুখের কথা নয়। তিনি চেই! করছেন। ক্ল আবার মুসলমান হবে বলে ক্ষেপেছে। তাতে তাঁর আগছি। বানীকে মুসলমানী করে মুসলমান মতে বিয়ে করতে চায় ক্ল। ভাতেও তিনি নারাজ। সাহস থাকে ভো হিন্দু সমাজের সঙ্গে সংগ্রাম ক্লক ওরা। সাহস না থাকে ভো বে বার ঘরে ফিরে যাক। ছিন্দুসমাজের সমস্তা থেকে পালাবার পথ নয় ইসলাম।

স্কিয়ান সাহেব আমার নাম শুনেছিলেন। আমার পরিচয় পেরে

৪ৎকুল হলেন। তথন তিনি মুসলমান নন, আমি হিন্দু নই। আমরা

ত্'লনে বাঙালী। প্রবাসী বাঙালীরা বাঙালী দেখলে বর্তে বার।

মুসলমান না হিন্দু—এ প্রার ওঠে পরে। আর এর অক্সে কিছু আসে বার

না। স্থানিলাক সাহেব সহজেই আমার কাছে মন খুললেন। বললেন,

মেন্টেই ক্ষে তা সামি লামিনে, আনতে চাইনে। আপনি তাঁর আজীর,

তাঁর থোঁছে এত দ্ব এসেছেন। আপনাকে আখাস দিতে পারি বে আমি তাঁব হিতৈষীর কাজ করেছি। এর করে তিনি আমার উপর অভিমান করেছেন, হরতো ভাবছেন আমার মতলব ভালো নয়, হরতো আমিই তাঁব অনিট করব। কিছু আপনি তাঁকে ব্রিয়ে বলবেন বে সমস্যা বেখানে সমাধানও সেইখানে। চাই মনের জোর। আমাদেশ ম্সলমান সমাজে কি এ ধরনের ঘটনা ঘটছে না ? তা বলে ক্রিনান হতে যায় কেউ ?

স্থিতি ভাই। মুদলমান কথনো সমাজের বাইরে গিয়ে সম্ভার সমাধান থোজে না। হিন্দু কেন তবে তা থোজে ? রানীর সংশে বখন আড়ালে দেখা হলো আমি বললুম, বোন, তোমার ছঃও আমি বৃবি। আর কেউ যদি তোমাকে আত্রয় না দেয় আমি দেব আত্রয়, নিঃ ছার্ব ভাবেই দেব। মনে কোরো না আমার কোনো অভিসন্ধি আছে। কিছ লড়তে হবে হিন্দু সমাজের সংশ। পালিয়ে গিয়ে বোরখায় মুও ঢাকলে চলবে না।

রানী আমার দলে কথা বলতে কুঠিত হলেন। ধরা পড়ে গেছেন বলে লচ্ছিত ও বিব্ৰত। কিছু আমি বে তাঁর দাদা এটুকু সীকার কলে নিলেন। বললেন, দাদা, ভালো আছেন তো?

তাঁকে কথা কওয়ানো সে দিন সম্ভব হলোনা। দেখনুষ তাঁব ও আমার মাঝখানে একট। অদৃশ্য ব্যবধান থাড়া ব্যেছে। তিনি বানী। আমি প্যালেদ স্থপারিন্টেন্ডেন্ট। না ইয় সাহিত্যিক। কিছ আপনার লোক নই।

পবোপকার করতে গেলে এই রকমই হয়ে থাকে। বনি বিপদের দিন সাহায্য করতুম তা হলে আমার কথা তাঁর কানে অধাবর্ধণ করত। আমাকে অত কথা বলতেও হতো না। কিন্তু তা বধন করিনি তথন আমার কথা তাঁর প্রাণে পুলক সঞ্চার করবে কেন ? বৃদ্ধ আমাকে দেখে খুশি ছলো আমি বাঙালী বলে। কিছ সন্দিদ্ধ ছলো আমার কথাবার্ডা ওনে। বাজা আমাকে পার্টিছেছেন রানীকে নিয়ে-বেডে বা রাণীর সন্ধান নিতে। আমি বামের আক্রাবহ হছমান। আমার-নিকের বেটা বক্তব্য সেটা একটা ছল। জমিদারের কর্মচারী আমি, মনিবের সার্থই আমার সার্থ। হার পরোপকারী।

কী করে ভাদের বোঝাই বে আমি নিজের থরচে নিজের থেয়ালে এত দুর এসেছি তথু একটু উপকার করতে ! কে বিশাস করবে আমি একজন নাইট ! ভাবলুম বাই চলে। বা করবার তা স্থাম্মান সাহেবই করবেন। তাঁর মতো মুক্ষবিব থাকতে অহিত হবে না। কিন্তু ভোপাল রাজ্যে বোলা মৌলবীর তো অভাব নেই। চাকরির আশা দিয়ে কে যে ক্ষবন কলমা পড়ায় তার ঠিক কী !

উঠেছিলুম দেখানকার তাক বাংলায়। বেশী দিন থাকার উপার ছিল না। চিঠি লিখলুম ত্'জনকৈ ত্'খানা। লিখলুম, আমি শত্রুপক্ষের লোক নই। আমার বারা তাদের ক্ষতি হবে না। রানীর বিপদের দিন সহায় হইনি বলে আমার মনে বেদ ছিল। সেই খেদ আমাকে টেনে নিয়ে এসেছে এতটা পথ। কেউ জানে না বে আমি এসেছি। কেউ জানবেও না হে আমি এসেছিলুম । তারা যদি বিয়ে করতে চায় করবে। আমি বাধা দেব না। কিছু আমার বুকে বাজবে তাদের সমাজত্যাগ। গৃহত্যাগ আমাকে ভেমন বিচলিত করে না সমাজত্যাগ যেমন করে। তরু ভালো বে ভারা অপর একটি সমাজের আলয়ে বাস করবে, একেবারে নিয়ালয় হবে না। অসামাজিক হবে না। সে বে আরো ভয়ানক। আমি ক্ষতে এই কথা মনে করে নিশিক্ত হব বে ভারা অকুলে ভাসবে না।

আমি আশা করিনি বে আমার চিঠি পেরে তাদের মনের ধারা কালে যাবে। কিছ বে বাণী অন্তর থেকে উঠেছে তাকে অবিখাদ করা শক্ত। কছ ও বানী ফু'জনেই এলো আমার দক্ষে দেখা করতে। কছ- বলল, আপনি আমাদের কী করতে বলেন ? আমি তৎক্ষণাৎ এব কোনো উত্তর দিতে পারলুম না। তাই তো। কী করবে এবা? ফিবে বাবে? ফিরে গিয়ে তার পরে কী করবে? আমি সময় চেরে মিশুষ ভাবতে। করু বলল, আছো, আমি বাইরে বসছি। আপনি ততক্ষণ এব সক্ষে কথা বলুন। ইনি আপনাকে সমস্ত ঘটনা গোড়া থেকে বলবেন।

নির্জন ঘরে আমরা হটি মাহর মুধোম্থি বদে। রানী আর আমি। ভাই-বোন বলে আমাদের পরিচয়। কিন্তু আমরা ঠিক তা নই। আমরা একই লেখার তুই লেখক, তু'লনে মিলে লিখি। সেই স্থে অন্তরক সহচর।

বন্ধন তাঁর কত হবে ! সাতাশ-আটাশ। বন্ধনের অনুপাতে আরো তরুণ দেখায়। হা, স্বন্ধী। তথী। গান্ধের রং জুই ফুলের মতে। শাদা ও তাজা।

বললেন, আমার বিয়ে হয় এগারো বছর বয়সে। বাজপুতুরের সব্দে বিয়ে হবে এমন ভাগ্য করনা করিনি। সাধারণ গৃহস্থ পরিবাবে জন্ম। কী দেখে ওদের পছল হলো জানিনে। বোধ হয় আমার রূপ। ছেবে-বেলা থেকে যার কাহিনী ভনে এসেছি এই সেই রাজপুত্র। রাজক্যানই, তবু রাজপুত্র আমাকে বিয়ে করেছে। আমার মতো সৌভাসা-বতী কে!

এ কথা ভেবে আমার মাটিতে পা পড়ত না। দিন কেটে বেড আজগৌরবে। কিন্তু এটা বেমন আমার আত্মগৌরব তেমনি আর এক বক্ষ
আত্মগৌরব ছিল আমার আমীর। ছি ছি, দেশব কথা মুখে ধরবার
নয়। তবু আপনাকে বলতে হচ্ছে বাধ্য হয়ে। নইলে আপনি আমাকে
ভূল বুঝবেন।

অনেক রাত করে বাড়ী আগত। আমাকে ঘুম থেকে জাগিরে বিজের কীতিকলাগ শোনাত। আজ অমূক রুপনীকে ভোগ করে একুম। আজ অমৃক অমৃকের সকে রাসলীলা হলো। আজ শিকার ফরকে গেল, কাল আবার ফাঁদ পাততে হবে। অবশ্র নেশার ঘারে বলত। এমনিতে বেশ মুখ মিষ্টি।

এগারো বারো বছর বন্ধন। কোন কথার কী অর্থ তাই ভালো জানা ছিল না। বড় ননদের বিশ্নে হয়েছে। ভার কাছে বললে সে হেনে কৃটি কৃটি হতো। জ্ঞান বতই হতে লাগল ততই অসহ্য বোধ হতে লাগল। ডেবেছিলুম ছেলেমেন্বের বাপ হলে আর ওসব করবে না। কিন্তু চার বছর পরে ছই ছেলেমেন্বের মা হয়েও আমাকে শুনতে হতো পতিদেবতার লীলাপ্রসঙ্গ।

শান্তভী দোৰ ধবতেন আমার। আমি আমার স্বামীকে সামলাতে আমিনে। মেরেমান্থর বেঁধে রাখতে না জানলে পুরুষমান্থর তো উড়বেই। একেই বলে কাটা ঘারে হুনের ছিটে। আমার পড়াগুনা আর। বৃদ্ধি তার চেয়েও কম। কী করে স্বামীকে সামলাতে হয় তা কেমন করে জানব! নাপতিনীর কাছে পরামর্শ চাইলুম। চাইলুম খোপানীর কাছে। গ্রনানীর কাছে। ময়রানীর কাছে। এরা আমাকে বেসব পরামর্শ দিল সেসব অক্ষরে অক্ষরে পালন করে দেখলুম। ব্লীকরণের কোনো কলা বাকি রইল না। বোলো কলা পূর্ব হলো। পুরো পাঁচ বছর কাল এই সমন্ত করে ফল হলো আবো ছটি সন্তান। কিছে সামীর চরিত্র ব্যাপুর্ব।

এই বার এ বাড়ীতে এলো আর একটি বে!। আমার জা। নিয়ে এলো নতুন জীবনের স্থাদ। এক রাশ বাংলা বই ও মাসিকপত্র। এত দিন ওসব চোখে দেখিনি। স্থামী দেখতে দিতেন না। নভেল পড়লে মেয়েরা খারাপ হয়ে বায় এই ছিল তাঁর ধারণা। আর মাসিকপত্র কেনা ভো বাজে খরচ। আমার জা কিছু ওতে ডুবে থাকত। আমার দেওক কারণ কয়ত না।

বানী তাঁর নতুন জীবনের বর্ণনা দিয়ে বললেন, এবার আর রাজপুত্রের অপ্ন নয়। এবার কালনিক নায়কের ধাান। বে আমাকে ভালোবাদবে। বে আমাকে জাগাবে। মা হয়েছি বটে, কিছু প্রিয়া তো এখনো জাগেনি। বে নারী মা হয়েছে সে কি কোনো দিন প্রিয়া হ্বার আনন্দ পাবে না?

করনোকের গল্প ভাবি। ভাবতে ভাবতে সাধ বাম লিখতে।
আশিকিত হাতের লেখা। ইচ্ছা করে পড়ে শোনাতে, প্রকাশ করতে।
সাহস হর না। স্বামী জানতে পেলে আন্ত রাখবে না। বিয়ের আাগে
নাকি একজন শরিককে মেরে বিল্পু করে দিয়েছে। লাশ নাকি
বাড়ীতেই পোতা। স্তাকে নিঃশেষ করা তার চেয়েও সোকা।

লিখি, লিখে আমার ভাই নীপুকে দিই লুকিয়ে রাখতে। পরে এক সময় অন্ত নামে প্রকাশ করা যাবে। নীপুর উপর আমার অসীম বিশাদ। ভার আর যাই দোষ থাক দে বিশাদ্যাতক নয়। কিন্তু এমন দিন এলো যেদিন দেখা গোল দে বিশাদ্যাতকতা করতে সম্পূর্ণ প্রস্তুত, যদি না আমি ভার হীরা মালিনী হই। বিভা হচ্ছে আমার জা। স্কর হচ্ছে আমার ভাই। বুঝতে পেরেছেন?

আমারই ঘরে হঠাৎ এক বার এক মিনিটের জক্তে তালের দেগা হরে বার। সেই থেকে তালের ভাব। আমার জা আমাকে মৃথ ফুটে বলতে পারে না। কিন্তু তার মনের কথাও তো আমি আঁচতে পারি। তার বামী তাকে ফেলে কলকাতার থাকে। ফুর্তি করে। তার ছেলেমেরে হয়নি। হাতে কাজ নেই। বদে বদে বই পড়ে আর হা-ছতাশ করে। বামীর কাছে আদর বন্ধ না পেলে শুধু বই পড়ে তো আর মন ভবে না। তা বলে নীপুকে আমি প্রপ্রের দিতে পারিনে। আমার স্বামী জানতে পেলে রকা থাকবে না। ভাই-বোন ছ'জনেরই মাথায় ঘোল ঢেলে উলটো গাধার চাপাবে। আর শাশুড়ী বৃড়ীই বা কম কী! নিজের মহলে বসে পর খবর রাখেন। নীপুকে আমি সাবধান করে দিই, কিন্তু সে কি কথা শোনে! সে বলে, তোমার লেখা আমি জামাইবাবুকে দেখাবই দেখাব, বদি না তুমি তোমার জাকে আর একটি বার দেখাও। নীপুকে তো দেখেছেন! অমন গোঁরার গোবিন্দ কি ছটি আছে! সে সব পারে। তাই ভবে ভবে আবার তাদের চোখাচোবি ঘটতে দিই। তার পরে আবার। আবার। আবার।

ভাতেও তারা সম্ভষ্ট নয়। এক সঙ্গে বসে আলাপ করবে। পর করবে। আমাকে সারাক্ষণ পাহারা দিতে হবে। কথন কে এসে পছে। দেখতে পায়। আমার ভো আর কোনো কাজ নেই। পাহারা দেওয়াই আমার একমাত্র কাজ। ভাগ্যিস ছেলেমেয়েরা বাইবে খেলা করে। কেবল বড় মেয়েকে নিয়ে ভাবনা। তাকে ভূলিয়ে ঠাকুর ঘরে আটক রাখি। মালা গাঁথতে দিই।

এক দিন চোধে পড়ে গেল নীপু ওর গলা জড়িয়ে ধরে চুমু খাছে।
দেখে আমার সর্বাঙ্গ জলে গেল। এতটা ভালো নয়। আমি বললুম,
নীপু, বেরিয়ে বাও। নীপু বেরিয়ে গেল, কিছু বাবার সময় আগুন বর্বণ
করে গেল। বুঝতে পারলুম এবার আমার পরিত্রাণ নেই। আমার লেখা
আমার আমীর দরবারে পেল হবে। কাল্পনিক নায়কের সলে কাল্পনিক
প্রেমালাপকে ভিনি সভ্যিকার নায়কের সলে সভ্যিকার প্রেমালাপ বলে
বিখাস করবেন। কাল্পনিক অভিনার, কাল্পনিক বিহার এসব তাঁর কাছে
সভ্য মনে হবে। আর কী! এবার জৈরি হতে হবে কবরের জন্তে।
শহনমন্দির হবে আমার সমাধিষ্ণির। গলা টিপে মারলে কি কেউ
টের পাবে!

আশার ভাই আমাকে চরমপত্র দিয়েছিল, হয় মিলন ঘটিয়ে লাও নয়
প্রাণের মায়া ছাড়ো। বে ডুবতে বদেছে দে হাতের কাছে বাই পায়
ভাই চেপে ধরে। আপনি ছিলেন আমার হাতের কাছের বড়কুটো।
কানতুম আপনার ক্ষমতা নেই। তবু একবার হাতটা বাড়িয়ে দিশুম।
আহা, আপনি যদি দেদিন আমাকে একটু আখাস দিতেন। তা হলে
আমার জীবনের গতি অন্ত রকম হতো। এ যা হলোএ কী আমি
ভেবেছিলুম।

আপনার উত্তর না পেয়ে আমি চার দিক অন্ধকার দেখি। হঠাৎ বিহাতের মতো মাথায় থেলে যায়, বাপের বাড়ী পালিয়ে যাই না কেন? তা হলে নীপু আমার উপর চাপ দেবার চেষ্টা তথনকার মতো ছেড়ে দেবে। দাঁতে ভগানক যন্ত্রণা, কলকাতায় গিয়ে ভাক্তার দেখানো দরকার, এই অছিলায় অফুমতি পাই স্বামীর। আমার চলে যাবার সঙ্গে সঙ্গে নীপুও চলে যেতে বাধা হয়।

আমাদের কলকাতার বাড়ীতে নীপুর আলাদা একটা ঘর ছিল সেটার দরজা দব সময় বছা। হয় ভিতর থেকে, নয় বাইরে থেকে। চাবী নীপুর কাছে। আমার লেখাগুলো তার কোনো একটা বাক্সর লুকোনো থাকত। কী করে দেগুলো হাত করি এই হলো আমার দিবারাত্র চিস্তা। নিজে তো পারব না। আর কেউ পারে কি না ভারতে ভারতে নীপুর বন্ধু কহর কথা মনে এলো।

কঃ আমার চেয়ে বয়সে বছর তিনেকের ছোট। ছেলেবেলায় আমার থেলার দাখী ছিল। বিয়ের পরে ওর সঙ্গে আমার দেখালাকাৎ হতো না। কলাচ কখনো বাপের বাড়ী এলে দৈবাৎ দেখা হয়ে বেড। ও বে আমাকে দ্র থেকে পূজা করত তা কোনো দিন বলেনি। আমিও অনুমান করিনি। তবে ওর উপর আমার একটা নির্তরভার তাব ছিল।

মনে হতো ধদি কথনো বিপাকে পড়ি, কর আমার জন্তে বথাসাধ্য করবে।
ভবে নীপুর বিখাসঘাতকতার পর খেকে মাত্র্বমাত্রেরই উপর আমার
আছা টলেছে। কর তার ব্যতিক্রম নয়।

একদিন আমার ছোট ছেলেমেয়েদের ভিক্টোরিয়া মেমোরিয়াল দেখাতে নিয়ে যাই। কর বায় আমাদের প্রদর্শক হয়ে। সেই অবকাশে খুলে বলি সব কথা। নীপু যদি আমার লেখাগুলো আমার স্থামীকে দেয় ভা হলে আমার মরণ ভেকে আনবে, কর বেন দয়া করে এটা তাকে বোঝায়। সে যদি বোঝে তা হলে বাঁচা গেল, নয়তো লেখাগুলো বেমন করে হোক তার কাছ থেকে উদ্ধার করতে হবে। এর জয়ে বদি তাকে খুব দিতে হয় তো দেওয়া যাবে। গয়না বিক্রীর ভার কয়র উপরে। যদি কিছুতেই কিছু না হয় তা হলে লেখাগুলো তার বাক্স থেকে চুরি করতে হবে। ধরা পড়লে পুড়িয়ে ফেলতে হবে। কয় যদি এটা পারে তা হলে আমি তার কারে ছির কৃতজ্ঞ থাকব। সে আমার প্রাণ রক্ষা করবে।

ক্ষ এক কথায় বাজী হয়ে গেল। সে বেশী কথার লোক নয়। চিরকালই চাপা। তার ত্'চোখ উজ্জল হয়ে উঠল। যেন আমার কাজে বাগতে পারবে ভিবে ধক্স বোধ করছে।

ভার পরে সে নীপুকে কী বলেছিল, কিছু বলেছিল কি-না, জানিনে।
একদিন দেখি নীপুর ঘর খোলা। বাদ্ধ খোলা। কাগজপত্ত পুডছে।
নীপু ভাড়া করছে করকে। নীপুর হাতে পেনসিলকাটা ছুরি। করু
পালাবার পথ পাছে না। নীপুর সাকোপাস দরজায় খাড়া। আমি
ছিল মাঝখানে গিয়ে না পড়তুম ভা হলে করু সাংঘাতিক জখম হতো।
হয়ভো মারা বেত। আমারই হাত গেল কেটে। রজে ঘর ভেসে
পেল। করু ভা দেখে নিজের প্রাণ বাঁচাবে কী, আমার সেবা করতে
করেগে গেল। নীপু কজা পেয়ে সরে পড়ল।

जारब भाष्क्रम करते, किश्व स्मारण बहेम श्रमहान । कहरक थून ना करव

সে ছাড়বে না। কর তাকে ভার বাঞ্চিতা থেকে বঞ্চিত করেছে। অতৃপ্ত কামনা বে কী ভয়ন্বর জিনিস তা প্রত্যক্ষ করি নিজের ভাইয়ের হিংল-নিষ্ঠুর চোথে। তখন থেকে আমার ব্রত হলো করকে বাঁচানো। সে আমার প্রাণরকা করেছে, আমি তার প্রাণরকা করব।

এর পরে যা ঘটল তার জন্তে আমি প্রস্তুত ছিলুম না। এটা আমার জীবনের সব চেয়ে বড় বিশায়। ভিক্টোরিয়া মেমোরিয়ালে কর আমার সকে লুকিয়ে দেখা করজ। একদিন সে আমার দিকে এমন করে তাকালো যে আমি বিনা কথার ব্রুতে পারলুম সে আমাকে ভালোবাসে। তথু তাই নয়, সে আমাকে ছেলেবেলা থেকে ভালোবেসে আমার দৃষ্টি আছের ছিল বলে দেখতে পাইনি। এখন আমার দৃষ্টি খুলে পেছে। আমি যেন আত্মহারা হয়ে গেলুম। এ কী কখনো সম্ভব যে কেন্ট আমাকে ভালোবাসে! আমার তো ধারণা ছিল কেউ ভালোবাসে না আমাকে। নিতান্ত প্রেমহীন জীবন আমার। লোকে বলে রানী, কিছু আমি তো জানি আমি ভিখারিলী। স্বামীর কাছে আমার দেহের কিছু দাম আছে। কিছু আমার হলদের দাম সিকি প্রসাপ্ত নয়। করু আমাকে ভাগালো। আমি প্রিয়া, আমি বছু শাধনার ধন। আমার জন্তে একজন নিজের প্রাণ বিপদ্ধ করেছে।

ক্ষ আমাকে ভালোবাসে, কর আমার প্রাণরক্ষা করেছে, ক্ষর প্রাণ বিপন্ন। কেমন করে তাকে ফেলে স্বামীর কাছে ফিরে বাই । এই হলো আমার প্রতি দিনের প্রতি মৃহুর্তের প্রশ্ন। তার সঙ্গে বোগ দিল আর এক জিজ্ঞাসা। লজ্জা করে আপনার কাছে মৃথ ফুটে বলতে। বলতুম না বদি না জানভূম যে আপনি আমার দাদার চেয়েও আপন। আপনি বে আমার কী সে আমি বুঝতে পারি, কিন্তু বোঝাতে পারিনে।

কাউকে বলিনি, আপনাকে বলছি। বে নাবী প্রিয়া হরনি যা হয়েছে সে কি তা বলে প্রিয়া হবাব আনন্দ পাবে না? মাতৃক্ষে মহিমা আমি মানি। তার পবিত্রতা ক্র হলে আমি ক্র হব। কিছ ওই কি সব? আর কোনো সার্থকতা, আর কোনো উপলব্ধি নেই মানবীর জীবনে? আমি তো দেবী নই, দেবীর অভিনয় করে তৃপ্তি পাব কী করে?

শামি ফিরে গেলুম না, মনে হলো ফিরে বাবার পথ নেই। প্রেমহীন দার্থকতাহীন নিকল জীবনে ফিরে বেতে চাওয়া মরণকামনা ছাড়া শার কী! তার চেয়ে খচেনা অজানা কোনো দেশে গিয়ে নতুন করে জীবন তক্ষ করা শ্রেয়। করকে বলনুম, চল বেরিয়ে পড়ি। প্রস্তাবটা শামারই। ওর নয়।

ভার পর আমরা কয়েক দিন ধরে কত রকম জয়না কয়না কয়না করলুম।
কাধায় য়াব, কী করব, এই সব। আইন-কায়ন আমি জানিনে ব্ঝিনে।
কাম বলল, হিন্দু মতে আমাদের বিয়ে হতে পারে না। মৃললমান মতে
হতে পারে। ভাতে কি ভোমার কচি হবে! আমি বললুম, কিছুতেই
আমার অকচি নেই। কিল্চান হতেও আমি রাজী। ভবে ভোমার
কী দশা হবে ভাই ভাবি। কর বলল, আমার কপালে আছে ভাজা পুত্র
হওয়া। চাকরিই করতে হবে আমাকে। লক্ষী যথন লদম হয়েছেন
ভখন জীবিকাও জুটে যাবে। তুমিই আমার লক্ষী। আমি বললুম,
ভাগু লক্ষীর মতে। চকলা নই। দেখবে সারা জীবন জগজল পাথরের
মভো অচলা হয়ে থাকব।

দিন বতাই ঘনিরে আগতে গাগল ততাই মনে হতে লাগল আমার ছেলেমেরেদের কার কাছে রেখে বাব ? তাদের কী লশা হবে ? তাদের কী অপরাধ ? কেন তাদের ফেলে বাব ? মা কোথার বলে ভারা বখন কালা ছুড়ে দেবে তথন কে তাদের শাস্ত করবে ? কী তাদের সাম্বনা ? রাভের পর রাভ তাদের কোলে চেশে ধরে কেঁদেছি। তাদের অত্তে প্রার্থনা করেছি। আমার সাধ্য থাকলে আমি তাদের মা হরে তাদের কাছেই থেকে বেতুম। কিছ মৃত্যুর মতো প্রবল এক শক্তি আমাকে টেনে নিয়ে বাচ্ছিল কর্ম কাছে তাব প্রিয়া হতে। আমার মনে হলো আমি মবে গেছি। মৃত্যুর পরে কে কার মা, কে কার ছেলেমেয়ে!

শেষ পর্যন্ত নিজের উপর বিখাস ছিল না বে চলে আসতে পারব। পারলুম কিন্ত। এর পরের ঘটনা আপনি জানেন।

রানীর কথা অবাক হয়ে শুনছিলুম। শোনা শেব হলেও নির্বাক হয়ে বইলুম। স্বভাবত আমি আবেগপ্রবণ। আবেগে আমার কঠরোধ হয়েছিল। তা ছাড়া, বলবার আমার কী ছিল! ধর্মত্যাগ করা উচিত নয়। কিছু গৃহত্যাগ করা উচিত কি অমুচিত আমি বিচার করবার কে! পারতপকে কি কোনো মেয়ে গৃহত্যাগ করে? বিশেষত বে মেয়ে মা হয়েছে। আর এ তো শুধ্ গৃহত্যাগ নয়, রাজস্ব ত্যাগ। রাজরানী হয়েও যে গৃহত্যাগ করতে পারে তাকে আমি ঘুণা করব, না আদা কবব ? আমার চোধে জল এলো।

রানী তা লক্ষ্য করলেন। বললেন, আশীর্বাদ করুন গেন দৃঢ় থাকি।

দেন ভেঙে না পড়ি। দিন দিন ভয় আমার বাড়ছে মামুষের স্বরূপ দেখে।

কং মহৎ, তার কথা আলাদা। কিন্তু পথে ঘাটে বাদের দেখেছি ও

দেখছি তাদের সম্বন্ধে আতক আমার বন্ধমূল। স্থানিয়ান সাহেব বে

ক'দিন আমাদের আশ্রয় দেবেন তাও জানিনে। জীবিকার স্থ্রাহা

এখনো হলো না। গ্রনা বেচার টাকা ফ্রিয়ে আসছে। ঝি হতে

আমি রাজী আছি। কিন্তু কক্ষ তা হলে আল্মহত্যা করবে।

আমার ত্'চোধ দিয়ে প্রাবণের ধারা থরতে থাকল। হায়। আমার বদি ক্ষরতা থাকত আমিই দিতুম একটা চাকরি। কিছু আপনি থেতে পায় না, শঙ্করাকে ডাকে। আমি ছ্-এক বার মূখ ফুটে কিছু বলতে চেটা ক্রলুম। বেবোল কয়েকটা অর্থহীন ধ্বনি। ভাব থাকলে তো ব্যক্ত হবে। ভাবের ঘরে শৃক্ত। চাকরির অত্যে স্থাকিয়ানকে অন্নরোধ উপরোধ করে আমি বাংলাদেশে কিরে আসি। আবার নিজের কাজে বোগ দিই। রাজা তত দিনে অত্যন্ত ব্যন্ত হয়ে উঠেছেন। এমন কী পাগলামি যে তাঁর স্ত্রীকে তিনি দেখতে পাবেন না! দেখলেই পাগলী খুনোখুনি বাধাবে! এমন কী পাগলামি যে ছেলেমেয়েরাও মা'র কাছে যেতে পাবে না! গেলে কামড়ে দেবে!

আমার অবস্থা হেরস্থ মৈত্র মশায়ের মতো। জানি, কিছু বলব না। অতি কটে আত্মসংবরণ করি। তবে সমবেদনা জানাতে ভূলিনে। হোক না পাষ্পু, মাহুষ তো!

আরো মাস থানেক পরে রাজা আর বাগ মানলেন না। চললেন কলকাতা। আমি প্রমাদ গণলুম। রানীকে বদি ওরা দেখতে না দেয় উনি জোর করে দেখতে চাইবেন। দেখতে না পেলে অনর্থ বাধাবেন। বাতালে একটা থমথমে ভাব ছিল। ঝড়ের আগে বেমন হয়। কোন দিন খবর আসবে কী একটা ট্র্যাজেডী ঘটেছে। ভাবতে গেলে নিঃখান বন্ধ হয়ে আসে।

হলোকী ভানবে ? ভানে অবাক হবে যে রাজা ফিরলেন রানীকে সঙ্গে নিয়ে। হাঁ, আদল বানী। নীপু এসেছিল, আমার সঙ্গে দেখা করে কলে, অস্ত্রের জন্মে বাঁচে গেছি আমরা। ঠিক তিন দিন আগে দিনিকে ধরে এনে বন্দী করেছিল্ম চিলেকোঠায়। কী করে তার সন্ধান পেল্ম, ভাবছেন ? দিনি চিঠি লিখেছিল ভার সইকে। জানভে চেয়েছিল ভার ছেলেমেয়ের কুলল। সই ভার ঠিকানা ফাঁস করে দেয় ভার ছেলেমেয়েরের কুলল। সই ভার ঠিকানা ফাঁস করে দেয় ভার ছেলেমেয়েরের কুলল। তক্নি আমি ভোগাল রওনা হয়ে যাই। সঙ্গে ছিল সেথানকার পুলিশ কমিশনারের নামে একথানা চিঠি। ক্রিমানকে সেটা দেখাভেই চিচিং ফাঁক। হারেম থেকে বেরিয়ে এলো দিনি। চলো আমার সঙ্গে। এই বলে আমি ভাকে গ্রেপ্তার করলুম।

বেচারির গান্তে জোর থাকলে তো বাধা দেবে ! শুকিয়ে আধমরা হয়ে গেছে। কর দেখানে ছিল না। শুনলুম তার একটা চাকরি জুটেছে। সে আপিসে গেছে। তার নামে একটা চিঠি রেখে এলুম। না, বিষে হয়নি।

তাক্ষব ব্যাপার! স্বামি একটি কথাও বলনুম না। বদি টের পায় বে আমিই চাকরির জন্মে বলে কয়ে এনেছিলুম। বিমে বে হয়নি ভাতেও আমার হাত ছিল।

এর পরে প্রায়ই শোনা থেত নারীকণ্ঠের আর্তনাদ। মনে হতোরাজা রানীকে মারণোর করছে। বিশ্রী লাগত। ইচ্ছা করত ইন্তফা দিয়ে চলে যাই। একদিন কথাটা ভয়ে ভয়ে রাজার কাছে পাড়পুম বাজা শশব্যন্ত হরে বললেন, আরে ছি ছি! আমি কি তেমন লোক! আমি কি ব্ঝিনে যে পাগলকে মেরে কোনো ফল নেই! ভাতে পাগলামি সারে না। তবে তাকে চবিবশ ঘটা তালা বন্ধ করে রাধতে হয়। নয়তো কথন কাকে কামড়ে দেবে! কাচ্চা বাচ্চাদের তার হরে চুকতে দেওয়া হয় না। জানালা দিয়ে তারা উকি মেরে দেখে। চিভিয়াখানার বাঘ দেখার মতো। আমি তো শত হন্ত দ্বে থাকি। তরু আপনাদের ধারণা আমি মারণোর করি! ছি ছি ছি!

শুনে আমার চক্ষুস্থির। এর চেম্নে ছু'টো চড় চাপড় ভালে।। বিষ্কু সে কথা বলতে পারিনে। বলতে পারিনে যে রানী পাগল নন। ওটা একটা অপবাদ। অথচ বলা উচিত। জানি, বিশ্ব বলব না, নীতি হিসেবে এটা সব সময় থাটে না।

চাকরিটা বড় ভালো লেগেছিল হে। ছাড়তে চাইনি। **তাই মুখ** বুলে সন্থ করেছি নারীর উপর অবিচার ও অত্যাচার। বিদ্ধ ছাড়তেই হলো।

এক দিন সন্ধ্যা বেলা নিজের ঘরে বলে নিধছি। বাজা গেছেন

শিকারে। এমন সময় সামনে চেয়ে দেখি অয়ং রানী। ভূত দেখলেও আমি অতটা চমকে উঠতুম না। চেচারটো প্রায় ভূতের মতো হয়ে এসেছে। হাতগুলো সক্ষ সক্ষ, মুখটা ধ্বধ্বে শাদা। বসতে আসন দিয়ে নিজে হাত জোড় করে দাঁড়ালুম। তিনি রানী, আমি প্যালেস স্থপারিন্-টেন্ডেট। অক্ষর থেকে কোনো দিন তাঁকে বাইরে আসতে দেখিনি। এ অঘটন ঘটল কী করে তাই ভাবছিলুম।

তিনি বোধ হয় তা আন্দাজ করেছিলেন। মৃচকি হেসে বললেন, ভূলে বাচ্ছেন, আমি বে পাগল। পাগলের সাত থুন মাফ।

বুঝতে পেরে বলনুম, হাঁ, হাঁ, পাগল বৈকি। বন্ধ পাগল। বানী কেঁলে ফেললেন।

আমারও চোধের পাতা ওকনো ছিল না। ভাবছিলুম বাইরে কেউ নেই ভো । মুথ বাড়িয়ে দেখে নিলুম। না, কেউ নেই।

বানী আমাকে বসতে বসলেন। বসনুম বটে, কিন্তু না বসারই সামিল। সমস্ত ক্ষণ উদধ্দ করতে থাকনুম। যদি হঠাৎ কেউ এসে পড়ে। বানীর কিন্তু সে দিকে জ্রুকেপ নেই। পাগল হবার ঐ এক স্থাবিধা।

বললেন, আপনি কি চান না যে আমি বাঁচি ? বললুম, নিশ্চয় চাই। আমাকে বিখাস করুন।

ভা হলে আমাকে বাঁচাবার অত্যে কী করছেন, বলুন ? কর কোথায় ? করকে আমার কাছে এনে দিন। নয়তো আমাকেই নিয়ে বান তার কাছে।

আমি--আমি--

হাঁ, আপনি। আপনি পারেন, যদি ইচ্ছা করেন। চাকরিটা যাবে, ভা বাক। আবার হবে। বিহান সর্বত্ত পূজাতে। আস্থন, আজকেই আমহা পালাই। এই দঙ্গে, এই মৃহুর্তে। না, না। তাকি হয় ? আমি ষে--

কেন, কিনের এত ভয়? কী করতে পারে রাজ। আপনার ? আহ্বন, বেরিয়ে পড়া যাক। যেখানে কম্ব আছে দেখানে আমাকে নিম্নে চলুন । আমাকে তার হাতে ধরে দিয়ে তার পর আপনার ছুটি। আপনিও আমাদের সঙ্গে থাকতে পারেন; আপনার তো বৌ নেই। বাধা দিছে কে?

আমাব মনে থটকা লাগছিল। এ মেয়ে সভিত্য পাগল হয়নি ভো? চুপ করে থাকলুম। পাগলের সঙ্গে কথা বাড়িয়ে কী হবে? কথায় কথা বাড়ে।

রানী বললেন, দাদা, আপনি আমার শেষ আশা ভরসা। আপনি সহায় না হলে আমি একা পালাতে পারব না। সহজেই ধরা পড়ব। আপনি কি আমাকে বাঁচবার স্থোগ দেবেন না ? আপনি কি পাষাণ ? না, না, আপনি স্থায়বান। আস্থান—

আমার তথন ত্'চোথ দিয়ে দরণর করে জল ঝরছে। হায়, আমি যদি সভিয়কারের নাইট হয়ে থাকতুম তা হলে কি আমাকে এত বার সাধতে হতো? আমি হাত বাড়িয়ে দিতুম। ভেবে দেপতুম না কী আছে আমার ভাগ্যে। জেল না খুন না কলঙ্ক।

হাত জোড করে বললুম, দিদি, পারব না।

রানী যেমন চুপিদারে এদেছিলেন তেমনি চুপিদারে চলে গেলেন।
আমি দেদিন রাত জেগে আমার তল্পিতল্পা গুটিয়ে তার পরের দিন ভার
হতে না হতে ফেরার হলুম। রেথে গেলুম রাজার নামে একখানা
ইত্তদাপত্ত। কোনো কৈফিয়ৎ দিলুম না।

কলকাতা পৌছে প্রথম কাজ হলো নাপুর সঙ্গে দেখা করা। তাকে বলল্ম, তোমরা যে পাগলামির অপবাদ রটিয়েছ তার পরিণাম কী হয়েছে জানো? দিদিকে যদি বাঁচাতে চাও এখান থেকে ডাক্টার নিয়ে যাও। ভাক্তার তাঁকে দেখে বলুক যে পাগলামি সেরে গেছে। নইলে যা হবে ভা আমি দিব্যচকে দেখতে পাচছি। সেইজকে ইপ্তকা দিয়ে পালিয়ে এসেছি।

नी श्र वनन, आफ्हा, आमि (ठडें। कदहि।

নীপুর কাছেই শুনলুম, শুনে আশ্চর্য হলুম বে ক্রকেও ধরে আনা হয়েছে। ক্র কিন্তু সত্যি সাজা পাগল হয়ে গেছে। এবং তার পাগলামির স্থবোগ নিয়ে তার গুরুজন তার বিয়ে দিয়ে দিয়েছেন। নইলে হয়তো দে কোনো দিন বিয়ে করত না, দেরে উঠে আবার উধাও হতো।

উ:। ইচ্ছা করল ব্কটা চেপে ধরে বসে পডি। বুকের ভিতরটা কেমন বেন করছিল। এত হ:ব আছে এ জগতে । মাহবই তার প্রটা। বুখা বিধাতাকে দোব দিই আমরা। বাব্বা, এ জাতের চরণে প্রণাম।

আমারও মন কেমন করছিল। তথু তনতে চাইলুম, রানী বেঁচে আছেন ভো?

व्यक्ति।

বার করর পাগলামি দেবে গেছে তো?

८गटह ।

ভার পর ?

ভার পর আর কী। মরে যাওয়াটা ট্রাজেডী নয়, বেঁচে থাকাটাই ট্রাজেডী। পাগল হওয়াটা ট্র্যাজেডী নয়, না হওয়াটাই ট্র্যাজেডী। ব্যক্তি ভাবে ঠিক উলটো।

প্রিরণর্শনদার সক্ষে আর আমার দেখা হয়নি। মিহিকামেই শেক দেখা। রাজশারী বদলি হয়েছি শুনে তিনি হাই হয়েছিলেন। উত্তর ৰকে বাচ্ছি, নিশ্চন্ন সাকাৎ হবে। কিন্তু ছিলুম মাত্র সাত-আট মাস। বোগাবোগ ঘটেনি। তার পরে অনেক দূরে চলে বাই। চট্টগ্রাম।

বিদায়ের আগে দেখানকার বন্ধদের একটা ভোজ দিই। প্রিয়দর্শনদাও ছিলেন। বার বার বললেন, পুনর্দর্শনায় চ। আমি বল়লুম, পুনর্দর্শনের দিন হয়তো আপনি দেখবেন আমাকে যা লিখতে দিয়েছেন তা আমি লিখেছি। তথন খুলি হবেন তো?

নিশ্চয় খুশি হব, ভাই। নিশ্চয় খুশি হব। জীবন মাহুষকে খুশি ক্ষরে নাসব সময়। আট তা করে। পুনর্দর্শনায় চ। পুনর্দর্শনায় চ।

ব্রিয়দর্শনদা, এত দিন পরে লিথে উঠতে পারলুম। কিছু আছু আপনি কোথায়। আজু পয়লা অগ্রহায়ন তেরো শ' আটার। লেখা শেব করে ভাবছি কাকে পড়ে শোনাব। কে খুলি হবে!

(2360-67)